
Contents

পঞ্চদশ বর্ষ

প্রথম সংখ্যা

# তর্জুমানুল হাদীছ




সম্পাদক

মোহাম্মদ মওলা বখ্‌শ নদভী

এই
সংখ্যার মূল্য
৫০ পয়সা

বার্ষিক
মূল্য সডাক
৬'০০

www.ahlehadeethbd.org

# তর্জুমানুল-হাদীস

(মাসিক)

পঞ্চদশ বর্ষ—প্রথম সংখ্যা

আশ্বিন—১৩৭৫ বাং

সেপ্টেম্বর—১৯৬৮ ইং

রজব—১৩৮৮ হিঃ


## বিষয়-সূচী


| বিষয় | লেখক | পৃঃ |
|---|---|---|
| ১। পঞ্চদশ বর্ষের সূচনায় আরবী খোৎবা | আবু মোহাম্মদ আলীমুদ্দীন | ১ |
| ২। আরবী খোৎবার বঙ্গানুবাদ | মোহাম্মদ আবদুছ ছামাদ | ৩ |
| ৩। কুরআন মজীদের ভাষ্য (তফসীর) | শাইখ আবদুর রহীম এম, এ, বি, এল, বি-টি | ৭ |
| ৪। মুহাম্মদী রীতি নীতি (আশ্-শামায়িলের বঙ্গানুবাদ) | আবু য়ুসুফ দেওবন্দী ... ... ... | ১১ |
| ৫। দুই রাহা (কবিতা) | মুফাখ্খারুল ইসলাম | ১৫ |
| ৬। মানবীয় ইতিহাসের উপর পাক কুরআনের প্রভাব | মূল : এ, কে ব্রেহী অনুবাদ : এস, আঃ মান্নান | ১৭ |
| ৭। আমপারার প্রাচীনতম বাংলা তরজমা | আকবর আলী সঙ্কলন : মুহাম্মদ আব্দুর রহমান | ২৩ |
| ৮। বঙ্গ-আসাম প্রথম আরবী ছাত্র সম্মেলনে সভাপতির ভাষণ | মওলানা মোহাম্মদ আকরম খাঁ | ২৭ |
| ৯। কম্যুনিজম ও ইসলাম | মূল : মওলানা শামসুল হক আফগানী<br>অনুবাদ : মোহাম্মদ আবদুছ ছামাদ | ৩৮ |
| ১০। মওলানা মোহাম্মদ আকরম খাঁ (সংক্ষিপ্ত জীবন কথা) | মোহাম্মদ আবদুছ ছামাদ | ৪২ |
| ১১। সাময়িক প্রসঙ্গ | সম্পাদক | ৪৬ |
| ১২। জমঈয়তের প্রাপ্তি স্বীকার | আবদুল হক হক্কানী | ৪৯ |



## নিয়মিত পাঠ করুন

ইসলামী জাগরণের দৃপ্ত নকীব ও মুসলিম সংহতির আহ্বায়ক

## সাপ্তাহিক আরাফাত

১২শ বর্ষ চলিতেছে

সম্পাদক : মোহাম্মদ আবদুর রহমান

বার্ষিক চাঁদা : ৬·৫০ ষান্মাষিক : ৩·৫০

বছরের যে কোন সময় গ্রাহক হওয়া যায়।

ম্যানেজার : সাপ্তাহিক আরাফাত, ৮৬ নং কাযী আলাউদ্দীন রোড, ঢাকা—২

পূর্ব পাকিস্তানের প্রাচীনতম মাসিক

## আল ইসলাহ

সিলহেট কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের মুখপত্র

৩৭শ বর্ষ চলিতেছে

এই বর্ষে "আল ইসলাহ" সুন্দর অঙ্গ সজ্জায় শোভিত হইয়া প্রত্যেক মাসে নিয়মিতভাবে প্রকাশিত হইতেছে। নিয়মিত গল্প, প্রবন্ধ, কবিতা ছাড়াও ইহাতে আছে শ্রেষ্ঠ লেখক লেখিকাদের মননশীল রচনা সমূহ।

বার্ষিক চাঁদা সাধারণ ডাকে ৬৲ টাকা, ষান্মাসিক ৩৲ টাকা, রেজিষ্টারী ডাকে ৮৲ টাকা, ষান্মাসিক ৪৲ টাকা।

ম্যানেজার—আল ইসলাহ

জিন্নাহ হল, দরগা মহল্লাহ, সিলহেট


www.ahlehadeethbd.org

بسم الله الرحمن الرحيم

[illegible]

## فاتحة السنة الخامسة عشر

الحمد لله المحمود على كل حال حمدا كثيرا الذى بحمده يستفتح كل امر صغير وكبير، وهو الواحد الاحد الصمد الذى بمنه وفضله نزل الكتاب وتحدى به الانس والجن وابلغ اعجازه بحيث لا يرتاب فيه مرتاب، اتى فيه بالدلائل على وحدانيته بالحجج الواضحات، فلم يترك عذرا لمن بلغه من مبتغي الفتنة ومتبعي الهوى والشهوات، وهو الاله الذى اكرم عباده المطيعين له مع قلة العدد والاثاث، ومن اهانه فماله من مكرم وماله فى الخلق احد من الغوات •

الصلوة والسلام على خير خلقه المبعوث بالسراج الوهاج، وفرض طاعته على الانس والجن من غير المنازعة واللجاج، فمن اقتدى به في العسر واليسر افلح كل الفلاح، وجعل الصغار والهوان علي من خالف امره فما نجحوا ادني النجاح، وعلى اله واهل بيته الذين اذهب الله عنهم الرجس والاوساخ، وعلى اصحابه الذين كانوا هم اكرم الخلق بعد الانبياء وخضعوا بقلوبهم والصماخ، من المهاجرين الذين تركوا اوطانهم المالوفة والازواج والاولاد، وعلى الانصار الذين هم آووا الرسول والذين هاجروا اليهم بالمحبة والوداد •

اما بعد: فيا ايها الاخوان الى كم هذه الغفلة والرقاد، "الم يان للذين امنوا ان تخشع قلوبهم لذكر الله وما نزل من الحق، ولا ينسوا طريق الصلاح والرشاد، ولا يكونوا كالذين اوتوا الكتاب من قبل فطال عليهم الامد، فقست قلوبهم وعمت فضلوا سبيل النجاة والفلاح الي الابد، الا فاستيقظوا وتنبهوا بان من استمسك بغير الهدى فقد اخطأ الملاذ، ومن حط رحله فى غير مناخه فهو غير معاذ •

ايها الاخوان انى اذكركم ماينبغي لكم بل يجب عليكم من العبر، بما من الله علينا الباكستانيين بالنصرة علي اعدائنا الهنود في مثل هذا الشهر، فالقى الله الرعب فى قلوب اعدائنا واعزنا بالغلبة والظفر، وهذا وعد الله ربنا علي لسان نبينا خير البشر، فقال تعالى "سنلقى فى قلوب الذين كفروا الرعب" الا فالزموا الشكر الشكر، فقد قال نبيكم صلى الله عليه وسلم "نصرت بالرعب مسيرة شهر، الا فاعتزوا بالله ورسوله ولا تكونوا كالذين يصيحون بالعزة القومية على الفخر والبطر، بل قولوا ان العزة لله ولرسوله وللمومنين يا اخا العرب واهل مصر، واقتدوا بنبيكم صلي الله عليه وسلم وكان ذقنه يوم الفتح

তবাহিত

على قربوس سرجه تواضعا لمن البسه ثياب العز، انتم امة خير امة فقدروا للرجل قبل وضعها في الغرز، ولا تلتفتوا الي ابليس وجنوده يضربون عليكم صباحا ومساء فتنة الجرس، باصوات المزامير واغانى المذياع من القينات والمتشبهين بالنساء من اهل الدلس واللبس، الا فغيروا هذه المنكرات بايديكم فان لم تستطيعوا فبالسنتكم ولا تسكتوا عنها فالساكت عن الحق شيطان اخرس، فان اكتفيتم فى دينكم باللحى والقمص الطول والطربوش، ولم تحمر وجوهكم وتعبس جبينكم في الله فما تجيبون ربكم يوم تكون الجبال كالعهن المنفوش، الاتخافون جزاء صنيعكم هذا كجز ائها بضرب بالهراوى اوطعن بالرصاص، فان المعاصي والمنكرات اذا لم تنكر يعذب الله العوام والخواص، ويضرب قلوب بعضهم ببعض فيلعنون جميعا وما منه مناص، ويدعون فلا يستجاب دعائهم من القهار العدل بل رؤسهم ترض، فالسعيد من وعظ بغيره والى العزيز القادر ارتض، وقام على جادة الشرع فى المكره والمنشط، وابتغي مرضاة ربه متمسكا بما كان عليه رسول الله واصحابه ولم يشطط، فهو موعد رب السموات والارض "وان جندنا هم الغالبون" محظوظ، وان عرضه وعرض قومه وعرض ملكه لمحفوظ، اولئك الذين نصروا دين الرسول ببذل المال والكراع، فلم يبالوا بلومة لائم وخاطروا بانفسهم ولم يخافوا الضياع •

ايها الاخوان ! ان ترجمان الحديث هى المجلة الوحيدة في دياركم تذكركم عند اقدامها سن البلوغ، وهي خمس عشرة سنة من عمرها من اول البزوغ، فهذه هى التي تعظكم بان تماسوا بين المناكب وتسووا الصفوف، لجمع شملكم واقامة جمعيتكم وان تخلصوا اعمالكم من الزيوف، ففى خمس عشرة سنة من العمر اجاز الرسول بعض اصحابه للجهاد يوم الخندق، وقد انهزم الاحزاب كلهم فى تلك الغزوة وجمعهم من ذالك اليوم قد افترق، الا قد حان لكم ان تقوموا للجهاد مع اهل الزيغ وارباب الشك، فقد اجتمع عليكم الاحزاب من اليهود والنصارى وارباب الباطل والشرك •

فهذه المجلة تؤذن على منارة الاسلام اذ ان بلال قد علا كعبه على سقف الكعبة بعد ما كان يجر فى الرمال بان لاطاعة لمخلوق فى معصية الخالق الكبير المتعال، وان لا استسلام لاحد من الناس سوى سنة الرسول فى الاقوال والاعمال، فهذه هى احيت سنة نبيكم بعد ما اماتها الناس منذ الدهور والاعوام، وتذكركم حياة من قام بها طول الليالي والايام، الا وهو العلامة امام العصر فريد الدهر عبد الله الكافى القرشي الذى مضى علي طريقة الاسلاف الكرام، ولله دره كم قاسى فى اعلاء كلمة الحق من العوائق والمحن، فمضى علي سبيله ولم يمس جانبه من الحرص والدرن، فلو كان عندكم قيمة سعيه لهذه المجلة فنرجو، بان هذه وجمعيتكم معها كل يوم تربو، ولكن لا يمكن هذا ابدا حتي تاخذكم غيرة دينية ونيا تكم تزدو، الا

Contents



اخذ الموصوف عليكم دين الله، فعاهد تموه، وصرتم غافلين عن تذكاره بهذه
المجلة كانكم نسيتموه، الا فلا تتخذوا من دونها بدلا، ولا تبغوا عنها حولا،
فكم لله عليكم من الالاء، فلا تلقوا انفسكم الي التهلكة والبلاء، بترك
الدعوة الى الله استغناء بالاموال والازواج والاولاد فكم فيها من العناء، وقد
حذركم منها فاحذروا يا اهل الفطانة والذكاء، فندعو الله جل جلاله ان يجمعنا
واياكم في دار كرامته وان يجعلنا ممن يحب لقائه واحب له اللقاء، فهذه
ودامنا اياكم داعيين لكم بالسلامة والعافية فى الدارين الي العام الاتى،
فالحمد لله في الاولى والاخرة وهو مالك الملوك الباقى، والصلوة والسلام الاكملان
الاتمان علي رسوله النبى الزكى، قد افلح من تزكى، وذكراسم ربه فصلي
.........ان هذا لفى الصحف الاولى، صحف ابراهيم وموسى •
كتبه الراجي رحمة ربه ابومحمد عليم الدين المحمدى الندياوى ثم الدهاكوى

# পঞ্চদশ বর্ষের আরবী খোৎবার বঙ্গানুবাদ

যাবতীয় প্রশংসা সর্বাবস্থায়ই অজস্র পরিমাণে আল্লাহ তা'আলার প্রাপ্য যিনি মাহমুদ বা প্রশংসিত। ছোট বড় প্রতিটি ব্যাপার তাঁহারই প্রশংসা দ্বারা আরম্ভ করিতে হয়। তিনি একক, অদ্বিতীয়, অন্যনিরপেক্ষ—স্বীয় অনুগ্রহ ও অনুকম্পায় তিনি 'আল্ কিতাব' (কোরআন মজীদ) অবতীর্ণ করিয়াছেন। এই কিতাব দ্বারা তিনি মানব দানবকে চ্যালেঞ্জ করিয়াছেন এবং উহার অকাট্যতাকে তিনি এমনভাবে ফুটাইয়া তুলিয়াছেন যে কোন সন্দেহকারীর জন্য তাহাতে শোবা-সন্দেহের আদৌ অবকাশ নাই। তিনি তাহাতে সুস্পষ্ট দালীল-প্রমাণাদির মাধ্যমে তদীয় একত্ববাদিতা সুসাব্যস্ত করিয়াছেন; ফলে বিশৃংখলাকারী ও প্রবৃত্তিপরায়ণদের মধ্যে যাহাদের নিকট উহা পৌছিয়াছে তাহাদের জন্য কোন কৈফিয়তের সুযোগ রাখেন নাই। তিনি সেই মা'বূদ যিনি তদীয় আজ্ঞাবহ দাসদিগের সাজ সরঞ্জামের স্বল্পতা সত্বেও তাহাদিগকে বিজয়ের সম্মান দানে বিভূষিত করিয়াছেন। তিনি যাহাকে অপমানিত করেন তাহাকে সম্মান দান করার মত আর কেহই নাই; অধিকন্তু সৃষ্টি জগতে সেই হতভাগার জন্য অপর কোন আশ্রয়দানকারীও নাই।

সর্বাধোগ্য দরূদ ও সালাম (অনাবিল শান্তি) বর্ষিত হউক আল্লার সর্বোত্তম সৃষ্টি [হযরত মোহাম্মদ সঃ]এর উপর—যিনি প্রদীপ্ত জ্যোতি সহকারে উত্থিত হইয়াছেন। সমগ্র মানব-দানবের উপর বিনা বাক্যব্যয়ে ও বিনা চূঁচেরায় তাঁহার অনুসরণ আল্লাহ তা'আলা ফরয বা অবশ্য কর্ত্তব্য করিয়া দিয়াছেন। যাহারা সুযোগে দুর্যোগে সর্বাবস্থায় তাঁহার অনুসরণ করিয়া চলিবে তাহারা পূর্ণ সফলকাম হইবে। পক্ষান্তরে যাহারা তাঁহার নির্দেশ অমান্য করিবে তাহাদের জন্য অপমান ও দুর্নাম অবধারিত—তাহারা মোটেই সফলতার দ্বারে পৌছিবে না। তাঁহার [রসূলুল্লাহ সঃ-র] পরিবার পরিজনের উপরও [শান্তি বর্ষিত হউক], যাহাদের ত্রুটিবিচ্যুতিগুলি আল্লাহ তা'আলা বিদূরিত করিয়া দিয়াছেন। তদীয় সাহাবা-মণ্ডলীর উপরও, যাহারা পয়গাম্বরগণের পর সৃষ্টিজগতে সর্বাধিক সম্মানের অধিকারী, আর যাঁহাদের প্রাণ ও মানস-শ্রবণশক্তি তাঁহারই জন্য বিনয়াবনত রহিয়াছে তাঁহারা হইতেছেন সেই সব মুহাজির যাঁহারা প্রিয় জন্মভূমি, স্ত্রী-পুত্র যথাসর্বস্ব (ইসলামের খাতিরে) ছাড়িয়া আসিয়াছেন। [তাঁহাদের সাহায্যকারী] আনছারগণের উপরও (শান্তি বর্ষিত হউক) যাহারা প্রেম ও প্রীতিভরে রসূলুল্লাহ সঃ ও মুহাজির সাহাবা-মণ্ডলী রাঃ-কে প্রীতি ও ভালবাসার ডোরে বাঁধিয়া আশ্রয় দান করিয়াছেন।

অতঃপর, ওহে ভ্রাতৃমণ্ডলী! আপনারা আর কতদিন এই গাফলতির নিদ্রায় সময় কাটাইবেন? "মুমিনদের জন্য সেই সময় এখনও কি আসে নাই যে, আল্লার স্মরণে ও যে সত্য নাযিল হইয়াছে তাহাতে তাহাদের অন্তর ভীতসন্ত্রস্ত হউক"! তাহারা যেন সফলতা ও কল্যাণ পথ ভুলিয়া না যায়, তাহারা যেন পূর্ববর্তী 'আহলেকিতাব' সমাজের লোকদের অনুরূপ না হইয়া পড়ে যাহাদের উপর দীর্ঘকাল অতিবাহিত

www.ahlehadeethbd.org

Contents



হওয়ার পর তাহাদের দিলগুলি কঠিন ও অন্ধ হইয়া গিয়াছে ; ফলে তাহারা চিরমুক্তি ও শুদ্ধির পথ হইতে বিভ্রান্ত হইয়া পড়িয়াছে। ওগো ! আপনারা জাগ্রত হউন—যে ব্যক্তি হেদায়তের পথ ব্যতীত অন্য কোন পথ অবলম্বন করে সে লক্ষ্যকেন্দ্রে পৌঁছিতে ভুল করিবেই, আর যে ব্যক্তি তাহার বাহনকে নির্দিষ্ট স্থান ছাড়া অন্যত্র বসাইবে সে অরক্ষিত হইতে বাধ্য।

বন্ধুগণ ! আমি আপনাদিগকে সেই উপদেশের কথা স্মরণ করাইয়া দিতে চাই যাহা পালন করা আপনাদের জন্য শুধু শোভনীয়ই নহে, বরং কর্তব্যও বটে। (স্মরণ করুন !) আমাদের পাকিস্তানীদিগকে আল্লাহ্ তা'আলা এই মাসে আমাদের দুশমন (ভারতবাসী) হিন্দুদের উপর বিজয়মাল্যে ভূষিত করিয়া আমাদের উপর অনুগ্রহ করিয়াছেন, আল্লাহ্ তা'আলা আমাদের দুশমনদের অন্তরকে সন্ত্রস্ত করিয়াছেন এবং বিজয় ও সাফল্য দ্বারা আমাদিগকে সম্মানিত করিয়াছেন। ইহা হইতেছে সর্বোত্তম মানব আমাদের পয়গাম্বর হযরত মোহাম্মদ মোস্তফা সঃ-র ভাষায় আমাদের প্রতিপালক আল্লাহ্ তা'আলার অঙ্গীকার। (আল্লাহ বলেন,) "আমি অচিরেই কাফিরদের অন্তরগুলিকে ভীতি দ্বারা সন্ত্রস্ত করিয়া তুলিব"। সাবধান ! আপনারা নিষ্ঠার সহিত আল্লার শুকুরগুযারী করুন। রসূলুল্লাহ্ সঃ ইর্শাদ ফরমাইয়াছেন : "আমি এক মাসের পথ দূরত্ব পর্যন্ত আমার ব্যক্তিত্ব-প্রভাব দ্বারা সন্ত্রাস সৃষ্টির শক্তি প্রাপ্ত হইয়াছি।" অতএব আপনারা আল্লাহ্ ও তদীয় রসূলের মাধ্যমে ইয্যত-সম্মান লাভে সচেষ্ট হউন। আপনারা সেই সকল লোকের ন্যায় হইবেন না যাহারা অহঙ্কার ও অহমিকা-নির্ভর জাতীয়তার আদর্শ ধ্বনিত করিয়াছে—বরং আপনারা বলুন, ওগো আরব ও মিসরবাসী ভ্রাতৃবৃন্দ ! ইয্যত-সম্মান হইতেছে সুনিশ্চিত ভাবে আল্লার, তদীয় রসূল সঃ-র এবং মুমিনগণের প্রাপ্য। আপনারা রসূলুল্লাহ্ সঃ-র অনুসারী হইয়া চলুন—মক্কা-বিজয় দিবসে যিনি রসূলুল্লাহ্ সঃ কে সম্মানজনক বিজয় সাজে সজ্জিত করিয়াছিলেন সেই আল্লাহ্ তা'আলারই দরবারে (শুকুরগুযারীজনিত) বিনয় করিয়া রসূলুল্লাহ্ সঃ তদীয় বাহনের গদীর কাষ্ঠের উপর নিজের চিবুক স্থাপন করিয়াছিলেন। আপনারা তাঁহার উৎকৃষ্ট উম্মত, সুতরাং বাহনে পদার্পণ করার পূর্বে আপনাদিগকে সুবিবেচকের ভূমিকা গ্রহণ করিতে হইবে। আপনারা সেই অভিশপ্ত শয়তান ইব্লীস ও তাহার সাঙ্গপাঙ্গের প্রতি দৃকপাত করিবেন না যাহারা সকাল-সন্ধ্যায় আপনাদের উপর ফিৎনা-ফাসাদের ঘণ্টাধ্বনি বাজাইয়া চলিয়াছে। উহা হইতেছে বিচিত্রানুষ্ঠানের বাদ্য যন্ত্র-ধ্বনি ও রেডিওর গান, আর সুসজ্জিত আত্মগোপনকারী নারীরূপী নর-পিশাচদের কুকীর্তি। আপনারা এই অবাঞ্ছিত কার্যকলাপকে কঠোরহস্তে দমন করুন। যদি ক্ষমতায় না কুলায় তবে কঠোর ভাষায় উহার প্রতিবাদ করুন। উহার প্রতি মৌনাবলম্বন [করিয়া উহাকে মৌন সম্মতি জ্ঞাপন] করিবেন না, কেননা যে ব্যক্তি হক কথা [না বলিয়া উহা] হইতে নীরবতা অবলম্বন করিবে সে হইতেছে বোবা শয়তান। যদি আপনারা দাড়ি, লম্বা জামা ও টুপি পরিধানের মধ্যেই দীনের কাজকে যথেষ্ট বলিয়া মনে করেন, আর আল্লাহ্ সম্পর্কে আপনাদের মুখমণ্ডল ও ললাট দেশ কুঞ্চিত না হয় তবে আপনারা আপনাদের প্রভু-পরওয়ারদিগারের দরবারে সেদিন

www.ahlehadeethbd.org

Contents



কি জওয়াব দিবেন যেদিন শক্ত পাহাড়গুলি ধোনাই করা তুলার ন্যায় হইয়া যাইবে? আপনারা আপনাদের এই কৃতকর্মের ফলাফলের জন্য আশংকা করেন না, অথচ উহার ফল দাঁড়াইবে লাঠির নির্যাতন ও গুলীর আঘাত; কারণ পাপ ও অবাঞ্ছিত কার্য্যাদি হইতে বিরত না হইলে সাধারণ ও বিশেষ ব্যক্তি নির্বিশেষে সকলকেই আল্লাহ্ তা'আলা শাস্তিদান করিবেন। তাহাদের একের সহিত অপরের হৃদয় মিশিয়া সকলে সমপর্য্যায়ভুক্ত হইয়া সকলকেই অভিশপ্ত হইতে থাকিবে এবং ইহা হইতে নিষ্কৃতির কোনই উপায়ান্তর থাকিবে না। অবশ্য তাহারা আল্লার দরবারে করজোরে নিবেদন করিবে, কিন্তু ন্যায়বান পরাক্রান্ত আল্লাহ্ তা'আলা তাহাদের দো'আ কবুল করিবেন না; অধিকন্তু তাহাদের মাথা চূর্ণ-বিচূর্ণ করিয়া দেওয়া হইবে। পুণ্যবান সেই ব্যক্তি যে অপর কর্তৃক উপদেশ প্রাপ্ত হইয়াছে, শক্তিমান আল্লাহ্ তা'আলার দরবারে আশ্রয় ভিক্ষা করিয়াছে, অসময়ে সুসময়ে সর্বাবস্থায় শরীঅতের মূলনীতির উপর প্রতিষ্ঠিত রহিয়াছে এবং নীতি বিবর্জিত না হইয়া বরং রসূলুল্লাহ সঃ ও সাহাবায়ে কেরামের আদর্শ অনুসরণ করিয়া তাহার প্রতিপালক আল্লাহ্ তা'আলার সন্তুষ্টি লাভে সচেষ্ট হইয়াছে। —"আমার সেনাবাহিনীই বিজয়ী"—আসমান-যমীনের প্রতিপালক আল্লাহ্ তা'আলার এই প্রতিশ্রুতিতে সেই ব্যক্তি হকদার; তাহার নিজের, তাহার জাতির ও তাহার দেশের ইয্যত সম্মান সুরক্ষিত। এই লোকগুলি হইতেছে সেই সকল লোক যাহারা নিজেদের ধন-সম্পদ ব্যয় করিয়া রসূলুল্লাহ সঃ-র দীনের সাহায্য করিয়াছে। এই ব্যাপারে তাহার কোন দুর্নামকারীর দুর্নামের পরওয়া করেন নাই, তাহাদের মনে কোন দুশ্চিন্তারও উদ্রেক হয় নাই এবং তাহারা ক্ষয়-ক্ষতির ভয়ও করে নাই।

বন্ধুগণ! তর্জুমানুল হাদীস নিশ্চিতভাবে আপনাদের দেশের একমাত্র মাসিক পত্রিকা যাহা সাবালকত্বে পদার্পণকালে আপনাদিগকে স্মরণ করিতেছে। উহা হইতেছে তাহার প্রথম প্রকাশ হইতে শুরু করিয়া পনর বৎসর বয়ঃক্রম কাল। এই মাসিকটি আপনাদিগকে উপদেশ দিতেছে যে, আপনারা আপনাদের সংহতি ও জমঈয়তের প্রতিষ্ঠার জন্য কাঁধে কাঁধ মিলাইয়া সারিবদ্ধ হউন এবং অসদাচরণ হইতে নিজেদের আমালকে খালেস করুন। রসূলুল্লাহ্ সঃ তদীয় সাহাবীকে পনর বৎসর বয়সে পরিখা যুদ্ধে জিহাদের অনুমতি দিয়াছিলেন। এই যুদ্ধে শত্রুদের সকল দল পরাজিত হইয়াছিল এবং এই দিবসে তাহাদের সংহতি বিচ্ছিন্ন হইয়াছিল। বন্ধুগণ! বক্রপথের যাত্রী ও সন্দেহবাদীদের বিরুদ্ধে আপনাদের এখন জিহাদে উপনীত হওয়ার সময় আসিয়াছে। আপনাদের বিরুদ্ধে ইয়াহুদ, খৃষ্টান, বাতিলপন্থী ও মুশরিক দলগুলি সঙ্ঘবদ্ধ হইয়াছে।

ধূলি-ধুসরিত হওয়ার পর হযরত বিলালের (রাঃ) পায়ের গোড়ালী কা'বা গৃহের ছাদের উপর উত্তোলিত অবস্থায় তিনি যে আযানের ধ্বনি করিয়াছিলেন এই মাসিক তর্জুমানুল হাদীসও ইসলামের মীনারে সেই আযানের এই বলিয়া প্রতিধ্বনি করিতেছে যে, মহান স্রষ্টা উচ্চ মর্যাদার অধিকারী আল্লাহ্ তা'আলার অবাধ্যতায় কোন মখলূক বা সৃষ্টজীবের আজ্ঞাবহ হওয়া চলিবেনা, আর রসূলুল্লাহ সঃ-র সুন্নত ব্যতিরেকে কথায় ও কাজে কোনও মানুষের আদর্শ গ্রহণ করার উপায় নাই।

Contents



মানব সমাজ কর্তৃক যুগ যুগ ধরিয়া বিস্মৃত হওয়ার পর রসূলুল্লাহ সঃ র সুন্নতকে এই মাসিক পত্রিকা-টীই পুনর্জীবন দান করিয়াছে। এই মাসিক অপনাদিগকে সেই মহান ব্যক্তির জীবনী স্মরণ করাইয়া দিতেছে যিনি নিশি-দিন উহাকে লইয়াই দণ্ডায়মান রহিয়াছিলেন। তিনি হইতেছেন যুগপ্রবর্তক তদানীন্তন কালের একমাত্র বিশিষ্ট ব্যক্তি আল্লামা আবদুল্লাহেল কাফী আল-কোরায়শী (রহঃ)। তিনি পূর্ববর্তী মহাজনগণের আদর্শ অনুসরণ করিয়া চলিয়া গিয়াছেন। তাঁহার সুন্দরতম জীবন আল্লারই জন্য। হক কথাকে সুউচ্চ করিয়া দেখাইবার জন্য তিনি বহু বাধা-বিপত্তি ও দুঃখ-কষ্ট বরদাশ্‌ত করিয়াছেন। কোন লোভ ও মলিনতা এই পথে তাঁহাকে কখনও স্পর্শ করিতে পারে নাই। এই মাসিক পত্রিকার জন্য তাঁহার সাধ্য-সাধনার কোন মূল্য যদি আপনাদের নিকট থাকে তাহা হইলে আমরা আশা করি ইহাকে সঙ্গে লইয়া আপনাদের জমঈয়ত উন্নতির পথে অগ্রসর হইতে থাকিবে। কিন্তু ইহা কখনও সম্ভব হইবে না যদি না আপনাদের ধর্মীয় চেতনা সক্রিয় থাকে এবং আপনাদের উদ্দেশ্য মহৎ ও পবিত্র হয়। ওগো, তিনি আল্লার নাম লইয়া আপনাদের নিকট হইতে প্রতিশ্রুতি গ্রহন করিয়াছেন, তখন আপনারাও তাঁহাকে প্রতিশ্রুতি দিয়াছেন। এখন আপনারা তাঁহার ইয়াদগার এই মাসিক পত্রিকার মাধ্যমে তাঁহাকে স্মরণ রাখার ব্যাপারে এরূপ গাফেল হইয়া পড়িয়াছেন যেন আপনারা তাঁহাকে ভুলিয়া গিয়াছেন। অতএব উহার বিনিময়ে অপর কোন বস্তুকে (অনুরূপ মর্যাদা দিয়া) আপনারা গ্রহণ করিবেন না এবং উহা হইতে দূরে সরিয়া অপর কিছুর অনুসন্ধান করিবেন না। আপনাদের উপর আল্লাহ তাআলার শত শত অনুগ্রহ। সুতরাং ধন সম্পদ, স্ত্রী পুত্র ইত্যাদি লাভে অভাব শূন্যতার অনুভূতিতে আপনারা আল্লার দিকে আহ্বান করা বর্জন করতঃ নিজেদিগকে ধ্বংস ও বিপদের দিকে ঠেলিয়া দিবেন না, অবশ্য ইহাতে বহু অসুবিধাও আছে। আল্লাহ তা'আলা উহার ফেৎনা হইতে আপনাদিগকে সতর্ক করিয়াছেন, সুতরাং হে বুদ্ধি দীপ্ত সুধীবৃন্দ। আপনারা সতর্কতা অবলম্বন করুন। আল্লাহ তাআলা আমাদিগকে ও আপনাদিগকে তদীয় মর্যদাপূর্ণ গৃহে (জান্নাতে) সমবেত করুন এবং আমাদিগকে সেই সকল লোকের অন্তর্ভুক্ত করুন যাহারা তাঁহার সাক্ষাৎ লাভের অভিলাষী. আর আল্লারও বান্দাদের সাক্ষাৎ অতি প্রিয়। আপনাদের জন্য ইহ-পরকালের শান্তি ও মুক্তি কামনা করিয়া আগামী বৎসর পর্যন্ত ইহা আপনাদের প্রতি আমাদের বিদায় পত্র অতএব আদিতে ও অন্তে আল্লাহ তা'আলারই জন্য যাবতীয় গুণগান, আর তিনি সকল বাদশার বাদশাহ চিরস্থায়ী। যথাযোগ্য দরূদ ও সালাম পুরাপুরি তদীয় রসূল পাক পয়গাম্বর হযরত মোহাম্মদ সঃ র উপর বর্ষিত হউক। "সেই ব্যক্তি সফল কাম হইয়াছে যে ব্যক্তি আত্মশুদ্ধি করিয়াছে এবং তাঁহার প্রতিপালকের নাম স্মরণ করিয়া নামায প্রতিষ্ঠা করিয়াছে।...... ইহা সুনিশ্চিত ভাবে পূর্ববর্তী আসমানী কিতাব-গুলিতে—হযরত ইব্রাহীম ও হযরত মূসা আঃর কিতাবগুলিতে উল্লেখিত রহিয়াছে।"

লেখক: তদীয় প্রতিপালকের অনুগ্রহ প্রত্যাশী

আবু মুহাম্মদ আলীমুদ্দীন মুহাম্মদী

অনুবাদ: মোহাম্মদ আবদুছ ছাত্তার

www.ahlehadeethbd.org

# তর্জুমানুল-হাদীস

(মাসিক)

কুরআন ও সুন্নাহর সনাতন ও শাশ্বত মতবাদ, জীবন-দর্শন ও কার্যক্রমের অকুণ্ঠ প্রচারক

(আহ্‌লেহাদীস আন্দোলনের মুখপত্র)

প্রকাশ মহল : ৮৬ নং কাযী আলাউদ্দীন রোড, ঢাকা—২

| পঞ্চদশ বর্ষ | আশ্বিণ, ১৩৭৫ বংগাব্দ ; রজব, ১৩৮৮ হিঃ<br>সেপ্টেম্বর, ১৯৬৮ খৃষ্টাব্দ ; | প্রথম সংখ্যা |
| --- | --- | --- |





## কোরআন মজীদের ভাষ্য

শাইখ আবদুর রহীম এম·এ, বি·এল বি·টি, কারিগ-দেওবন্দ

## سُورَةُ الْفَلَقِ —সূরাতুল্-ফালাক

এই সূরার প্রথম আয়াতে আল্‌-ফালাক শব্দটি থাকায় ইহার এই নাম হইয়াছে।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অসীম দয়াবান অত্যন্ত দাতা আল্লার নামে।

১। [হে রসূল,] বল, আমি আশ্রয় গ্রহণ করি উন্মেষ-উদ্ভাবনের প্রতিপালকের। ১

قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ • ١

---

১। الفلق —'ফালাক' শব্দের অর্থ 'ফাটাইয়া [illegible]হির করা'। রাত্রির অন্ধকার ভেদ করিয়া উষার

www.ahlehadeethbd.org

Contents



২। তিনি যাহা পয়দা করিয়াছেন তাহার মধ্যে সর্বাধিক ক্ষতিকর দুষ্ট হইতে, ২

আলোক বাহির করা, ফলের আঁটি ও শস্যবীজকে ফাটাইয়া অঙ্কুর বাহির করা, মনের রুদ্ধ দ্বার উন্মোচন করিয়া বিভিন্ন ভাবধারার বিকাশ করা, এমন কি পৃথিবীর যাবতীয় বস্তুকে নাস্তির অন্ধকার চিরিয়া অস্তিত্ব দান করা—সবই 'ফালাক' এর আওতায় পড়ে।

তারপর কুরআন মজীদে পাশাপাশি দুইটি আয়াতে শস্য বীজ ও ফলের আঁটি হইতে অঙ্কুর বাহির করা এবং অন্ধকার চিরিয়া সকালের আলো বাহির করা অর্থে 'ফালাক' শব্দ ব্যবহার করা হইয়াছে। সূরা আল্ আন্'আম ৯৬ ও ৯৭ আয়াতে বলা হইয়াছে,

ان الله فالق الحب والنوى

"নিশ্চয় আল্লাহ শস্যবীজ ও ফলের আঁটি ফাটাইয়া অঙ্কুর নির্গমনকারী।"

فالق الاصباح

"প্রাতঃকাল নির্গমনকারী।"

এই কারণে এক দল তাফসীরকার 'ফালাক' এর অর্থ করেন 'নাস্তির অন্ধকার ভেদ করিয়া অস্তিত্ব দান করা' অর্থাৎ 'সৃজন করা'।

কিন্তু কোন কোন তাফসীরকার ইহাকে 'প্রভাতী আলোকের উন্মেষ' এর মধ্যে সীমাবদ্ধ করিবার প্রয়াস পাইয়াছেন। খোদ আল্লার কালামে যখন শস্য ও ফলের অঙ্কুর উদ্গমকেও 'ফালাক' বলা হইয়াছে তখন উহাকে 'প্রভাতী আলোকের উন্মেষে' সীমাবদ্ধ না করিয়া উহার ব্যাপক অর্থ গ্রহণ করাই আমাদের মতে যুক্তি সঙ্গত। তদুপরি ব্যাপক অর্থটি গ্রহণ করা হইলে মানুষের চিন্তা ধারণার উন্মেষ ও উদ্ভবেরও মালিক আল্লাকে মান্য করা হয়। আর আমাদের আকীদামতে মানুষের চিন্তা ধারণাও আল্লার সৃজনের অন্তর্ভুক্ত।

২। شر—এই শব্দটির সঠিক অনুবাদের জন্য ইহার সম্বন্ধে বিস্তারিত আলোচনা করা হইতেছে।

২ مِنْ شَرِّ مَا خَلَقَ ۙ

شر ও خير শব্দ দুইটি تفضيل বা আধিক্য বাচক বিশেষণ। শব্দ দুইটি মূলে ছিল যথাক্রমে اخير অধিকতর বা সর্বাধিক কল্যাণকর ও اشر অধিকতর বা সর্বাধিক ক্ষতিকর। অত্যাধিক ব্যবহারের দরুন উহাদিগকে সংক্ষিপ্ত করিয়া خير ও شر রূপ দেওয়া হইয়াছে।

এই শব্দ দুইটি আবার মাস্দার বা ক্রিয়াবাচক বিশেষ্যরূপেও ব্যবহৃত হয়। তখন অর্থ হয় যথাক্রমে কল্যাণসাধন ও ক্ষতিসাধন। এই দুই অর্থের মধ্যে কখন কোন্ অর্থ গ্রহণ করিতে হইবে সে সম্বন্ধে মোটামুটি নিয়ম এই যে, উহারা যদি বহুবচন শব্দের দিকে অথবা বহুবচন অর্থদায়ক শব্দের দিকে مضاف হয় তাহা হইলে আধিক্যবাচক বিশেষণরূপে নির্দিষ্ট হইয়া পড়িবে। যথা,

خير الناس من ينفع الناس

মানুষের মধ্যে সর্বশ্রেষ্ঠ সে-ই যে লোকের উপকার করে।

شر الناس من

"মানুষের মধ্যে সর্বাধিক ক্ষতিকারক বা দুষ্ট সে-ই"

পক্ষান্তরে, উহা একবচন বিশেষ্যের দিকে مضاف হইলে উহাকে মাস্দার্ ধরিয়া উহার অর্থ যথাক্রমে মঙ্গল-সাধন ও ক্ষতিসাধন করা হইবে। যথা,

والقدر خيره وشره

"আর তকদীরের মঙ্গল সাধন ও অমংগল সাধন।"

উল্লিখিত আলোচনার পরিপ্রেক্ষিতে من شر ما خلق এর অর্থ হইবে, 'তিনি যাহা পয়দা করিয়াছেন সেই সবের মধ্যে সর্বাধিক ক্ষতিকর বা দুষ্ট হইতে। আর আল্লাহ যাহা পয়দা করিয়াছেন তন্মধ্যে সর্বাধিক ক্ষতিকর ও দুষ্ট হইতেছে ইব্লীস-শয়তান'। কাজেই আয়াতটির তাৎপর্য সংক্ষেপে দাঁড়াইবে 'ইব্লীস হইতে'।

বলা বাহুল্য, 'তিনি যাহা সৃষ্টি করিয়াছেন তাহার অনিষ্ট হইতে' আয়াতটির এইরূপ অর্থ করা ঠিক হয় না।

৩ وَمِنْ شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ ۔

৪ وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِي الْعُقَدِ ۔

৩। এবং আচ্ছন্নকারী যখন আচ্ছন্ন করিয়া ফেলে তখনকার তাহার ক্ষতি হইতে। ৩

৪। এবং গিঁঠসমূহে ফুৎকার দায়িনীদের মধ্যে সর্বাধিক ক্ষতিকারিনীদের হইতে, ৪

৩। غاسق **'আচ্ছন্নকারী'**। এই 'আচ্ছন্নকারীর' তাৎপর্য সম্পর্কে ইমাম রাযী চারিটি মত উল্লেখ করেন। (এক) সূরা 'বানী ইসরাঈল' ৭৮ আয়াতে 'গাসাক' বলিয়া 'রাত্রির অন্ধকার' বুঝানো হইয়াছে। কাজেই 'গাসিক' এর তাৎপর্য দাঁড়ায় 'রাত্রির আচ্ছন্নকারী অন্ধকার'। ফলে আয়াতটির অর্থ দাঁড়ায় 'রাত্রির আচ্ছন্নকারী অন্ধকার যখন চতুর্দিকে পরিব্যাপ্ত হইয়া পড়ে তখনকার সেই আচ্ছন্নকারীর অন্ধকারের অনিষ্ট হইতে'।

রাত্রির অন্ধকার হইতে আল্লার আশ্রয় প্রার্থনার জন্য নির্দেশ আসার কারণ এই যে রাত্রির অন্ধকারে বন্য হিংস্র জন্তুসমূহ, ক্ষতিকর পোকামাকড় ইত্যাদি যেমন নিজ নিজ বাসস্থান হইতে বাহির হইয়া মানুষের নানা প্রকার ক্ষতি সাধনে সক্ষম হয় সেইরূপ চোর, খুনী, বদমাইশ প্রকৃতির লোকেরাও মানুষের নানা প্রকার অনিষ্ট সাধনে লিপ্ত হয়। তদুপরি রাত্রির বেলায় সাহায্যের জন্য চীৎকার ও আবেদন করিতে থাকিলে তাহাও দুর্লভ হয়। এইসব কারণে রাত্রির অন্ধকারের অনিষ্ট হইতে আল্লার আশ্রয় প্রার্থনা করা অতীব প্রয়োজনীয় হয়। (দ্বিতীয় মত) 'গাসিক' বলিয়া চাঁদ বুঝানো হইয়াছে এবং وقب র অর্থ করা হয় গ্রহণে পতিত হইল অথবা মাসের শেষে জ্যোতিঃশূন্য হইল। 'গাসিক' শব্দের এই অর্থের সমর্থনে একটি হাদীস পাওয়া যায়। উহা এই: 'আয়িশা রাযিয়াল্লাহু আন্‌হা বলেন, একদা নাবী সল্লাল্লাহু আলায়হি অসাল্লাম চাঁদের দিকে দৃষ্টিপাত করিয়া বলেন, "হে আয়িশা, তুমি ইহা হইতে আল্লার আশ্রয় প্রার্থনা কর। কেননা ইহাই সেই 'গাসিক' যাহা জ্যোতিঃশূন্য হয়।"

ইমাম রাযী বলেন, চাঁদের যেহেতু নিজস্ব কোন জ্যোতিঃ নাই এবং উহা যেহেতু আগাগোড়া অন্ধকার কাজেই উহাকে 'গাসিক' বা অন্ধকারাচ্ছন্ন বলা হইয়াছে। বাকী দুইটি মত কোন দৃঢ় ভিত্তির উপর স্থাপিত নয় বলিয়া ঐ দুইটি উল্লেখ করা হইল না।

৪। النفثت في العقد **গিঁঠ সমূহে ফুৎকার দায়িনীগণ।**

'উকাদ' এর একবচন 'উকদাতুন'। ইহার অর্থ 'গিঁঠ', 'গিরা'। তাহা ছাড়া ইহা (জিহ্বার) আড়ষ্ট হওয়া (২০ : ২৭), (বিবাহ) চুক্তি সম্পাদন (২ : ২৩৫) ও (বিবাহ চুক্তি) ভাংগা-গড়া (২ : ২৩৭) অর্থেও ব্যবহৃত হইয়া থাকে। উহার এক বচন 'আক্‌দ' নয়। 'আক্‌দ' এর বহুবচন উকাদ নয়। উহার বহুবচন 'উকূদ' (৫ : ১)।

**النفثت—ফুৎকার দায়িনীগণ।** ইহা কাহার বিশেষণরূপে ব্যবহৃত হইয়াছে তাহার কোন উল্লেখ নাই। উহ্য শব্দটি 'আন্‌-নুফূস' (النفوس)ও হইতে পারে, 'আন্‌-নিসা' (النساء )ও হইতে পারে। প্রথম ক্ষেত্রে পুরুষ ফুৎকারদায়ক ও স্ত্রী ফুৎকারদায়িনী উভয়ই এই শব্দের অর্থের অন্তর্ভুক্ত হয়। কিন্তু দ্বিতীয় ক্ষেত্রে ইহা দ্বারা কেবলমাত্র স্ত্রী ফুৎকারদায়িনীদিগকেই বুঝায়। 'গিঁঠসমূহে ফুৎকারদায়িনী' এর তাৎপর্য হইতেছে 'জাদুকরী স্ত্রীলোক'। প্রশ্ন উঠে, গিঁঠে ফুৎকার দেওয়া ছাড়া আরও বহু ভাবে জাদু করা হয়। তবে এখানে জাদু বুঝাইতে 'গিঁঠে ফুৎকার' এর উল্লেখ কেন করা হইল? আবার প্রশ্ন উঠে যে, পুরুষ ও স্ত্রীলোক উভয়েই জাদু করিয়া থাকে তবে এখানে দ্বিতীয় ব্যাখ্যা অনুযায়ী শুধু স্ত্রীলোক জাদুকরী উল্লেখ করা হইল কেন? এই দুই প্রশ্নের একটি উত্তর এই যে, রসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লামকে যে জাদু করা হইয়াছিল তাহা গিঁঠসমূহে ফুৎকারযোগে করা হইয়াছিল এবং যে তিন জন তাঁহাকে

www.ahlehadeethbd.org

Contents



৫ وَمِنْ شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ ◦

৫। এবং হিংসাকারী যখন হিংসা করে তখনকার তাহার ক্ষতি হইতে। ৫

উহা খুলিয়া ফেলা সহজসাধ্য হয়। সেইরূপ পুরুষ লোকেরা যখন এমন কোন কাজ করিতে দৃঢ় সংকল্প করিয়া বসে যাহা তাহাদের স্ত্রীদের মনঃপুত না হয় তখন তাহারা তাহাদের স্বামীদিগকে ঐ সংকল্পের বিরুদ্ধে নানাভাবে উত্তেজিত করিতে থাকে এবং শেষ পর্যন্ত নারীগণ পুরুষদিগকে তাহাদের সংকল্প হইতে বিচ্যুত করিয়া ফেলে। **নারীদের এই ফুসলানিকে গিঁঠে ফুৎকার দান বলা হইয়াছে।** এই ভাবটিকেই বর্তমান একটি বাংলা তাফসীরে এইভাবে প্রকাশ করা হইয়াছে :

মন্ত্রতন্ত্র, যাদুটোনার **ভান** করিয়া অথবা চোগলখোরী করিয়া দৃঢ়ীকৃত অংগীকারকে শিথিল করাকে এই আয়াতে 'গিঁঠে ফুৎকার দান' বলা হইয়াছে। ইহারই নাম ইচ্ছামত তাফসীর। আল্লাহ্ আমাদিগকে ইচ্ছামত তাফসীর করা হইতে রক্ষা করুন! —

৫। হিংসাকারী যে ব্যাপার লইয়া যাহার হিংসা করে তাহার সেই ব্যাপার সম্পর্কে হিংসাকারীর অন্তরে প্রবল আকাঙ্খা থাকে যে, যে কোন উপায়েই হউক সে ঐ ব্যাপারটি ঐ হিংসাকৃত ব্যক্তি হইতে অপসারণ করিবেই করিবে। ফলে হিংসাকারী নিজ উদ্দেশ্য হাসিল করিতে গিয়া হিংসাকৃত ব্যক্তিকে নানাভাবে ব্যতিব্যস্ত ও ক্ষতিগ্রস্ত করিতে থাকে। এই কারণে আল্লাহ তা'আলা তাঁহার নাবীকে এবং তাঁহার মারফতে তাঁহার উম্মতকে হিংসাকারীর অনিষ্ট হইতে আল্লার আশ্রয় গ্রহণ করিবার জন্য নির্দেশ দেন।

আয়াতটির অপর ব্যাখ্যা হইতেছে 'হিংসাকারীর পাপ হইতে যখন সে হিংসা করে।' অর্থাৎ হে আল্লাহ আমাকে কাহারও হিংসাকারী করিও না। এই মর্মে একটি হাদীস পাওয়া যায়। উহা এই—রসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লাম এই বলিয়া দু'আ করিতেন, "হে আল্লাহ আমাকে এমন কর যেন লোকে আমার হিংসা করে; কিন্তু আমাকে হিংসাকারী করিও না"।

জাদু করিয়াছিল তাহারা সকলেই স্ত্রীলোক ছিল। ঐ ঘটনার প্রতি লক্ষ্য করিয়া 'গিঁঠসমূহে ফুৎকার দায়িনীগণ' বলা হইয়াছে। দ্বিতীয় উত্তর এই যে, জাদুর বেশীর ভাগই কোন না কোন সূতা বা আঁশ জাতীয় বস্তুতে গিঁঠ ও গিঁঠে ফুৎকার যোগে হইয়া থাকে এবং পুরুষের চেয়ে স্ত্রীলোকেরাই সচরাচর অধিক পরিমাণে জাদু করিয়া থাকে বলিয়া এইরূপ বলা হইয়াছে। রসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লামকে জাদু করার ঘটনা বর্ণনা প্রসঙ্গে এই গিঁঠ ও ফুৎকার সম্পর্কে আবার আলোচনা করা হইবে। ফল কথা এই যে, মানুষের অনিষ্ট ও ক্ষতি সাধনকারী জাদুকরের জাদুকরী হইতে আল্লার আশ্রয় গ্রহণ করিবার জন্য রসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লামকে এই আয়াতে নির্দেশ দেওয়া হইয়াছে।

**জাদুর বাস্তবতা**—জাদুর অস্তিত্ব, বাস্তবতা ও প্রভাব সম্পর্কে আমাদের ও মু'তাযিলা সম্প্রদায়ের মধ্যে মতানৈক্য রহিয়াছে। আমাদের আকীদা এই যে, জাদু কোন কাল্পনিক বস্তু নয়। ইহা বাস্তব সত্য এবং ইহার প্রভাব এবং ফলও বাস্তব সত্য। সেই সঙ্গে আমরা ইহাও বিশ্বাস করি যে, জাদুর ক্ষতি সাধনের নিজস্ব কোন ক্ষমতা নাই। উহা দ্বারা যদি কোন ক্ষতি বা অনিষ্ট সাধিত হয় তবে তাহা আল্লার হুকুমেই হইয়া থাকে। আল্লার ইচ্ছায় জাদু প্রভাবশূন্যও হইতে পারে। এই প্রসংগে তর্জুমানুল হাদীস দশম বর্ষ ৩৫৩—৩৫৬ পৃষ্ঠায় ১০২ আয়াতের তরজমা এবং ১০৫—১০৯ টীকাগুলি দেখুন। কিন্তু মু'তাযিলা দল জাদুর অস্তিত্ব স্বীকার করে না। তাঁহারা ইহাকে কাল্পনিক ও খেয়ালী বিষয় বলিয়া উড়াইয়া দেন। এই কারণে কুরআন মজীদের স্পষ্ট ভাষার প্রকাশ্য অর্থে যেখানেই জাদুর অস্তিত্ব প্রমাণিত হয় সেইখানেই তাঁহারা প্রকাশ্য অর্থ ছাড়িয়া দিয়া নিজ ইচ্ছামত তাফসীর করিয়া থাকেন। তাঁহাদের কেহ কেহ বলেন, আয়াতটির ব্যাখ্যা এই : কোন শক্ত গিঁঠ খুলিতে হইলে ঐ গিঁঠে থুথু দিয়া উহা ক্রমশঃ আলগা করিতে থাকিতে হয়; তবেই অবশেষে

www.ahlehadeethbd.org

# মুহাম্মাদী রীতি-নীতি

( আশ্-শামায়িলের বঙ্গানুবাদ )

॥ আবু য়ূসুফ দেওবন্দী ॥

(٢٧—٤) حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ اَنَا وَهْبُ بْنُ جَرِيرِ بْنِ حَازِمٍ ثَنِي اَبِيْ عَنْ قَتَادَةَ قَالَ قُلْتُ لِاَنَسٍ كَيْفَ كَانَ شَعْرُ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم قَالَ لَمْ يَكُنْ بِالْجَعْدِ وَلَا بِالسَّبِطِ كَانَ يَبْلُغُ شَعْرُهُ شَحْمَةَ اُذُنَيْهِ •

(২৭—৪) আমাদিগকে হাদীস শোনান মুহাম্মাদ ইব্ন বাশ্শার, তিনি বলেন আমাদিগকে হাদীস জানান অহ্‌ব্ ইব্ন জারীর ইব্ন হাযিম, তিনি বলেন আমাকে হাদীস শোনান আমার পিতা, তিনি রিওয়ায়াৎ করেন কাতাদাহ্ হইতে, তিনি বলেন আমি আনাসকে বলিলাম, "রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লাম এর ( মাথার ) চুল কেমন ছিল ?" তিনি বলিলেন, "উহা অত্যধিক কুঞ্চিতও ছিল না এবং একেবারে সটান সোজাও ছিল না। তাঁহার চুল তাঁহার উভয় কানের লতি পর্যন্ত পৌঁছিত।

(٢٨—٥) حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَي بْنِ اَبِيْ عُمَرَ الْمَكِّيُّ اَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ

(২৮—৫) আমাদিগকে হাদীস শোনান মুহাম্মাদ ইব্ন য়াহ্‌য়া ইব্ন আবী 'উমার আল্-মাক্কী, তিনি বলেন আমাদিগকে হাদীস জানান সুফ্য়ান ইব্ন 'উয়ায়নাহ্, তিনি রিওয়ায়াৎ করেন

---

(২৭—৪) এই হাদীসটি সাহীহ মুসলিম গ্রন্থের ২।২৫৮ পৃষ্ঠায়ও বর্ণিত হইয়াছে। হাদীসটির তাৎপর্য এই নয় যে, তাঁহার কেশগুচ্ছ দুই কানের লতি পর্যন্ত পৌঁছিয়াই শেষ হইত। বরং ইহার তাৎপর্য এই যে প্রধান কেশগুচ্ছ ঐ পর্যন্ত লম্বা থাকিত এবং কতক চুল বাড়িয়া কাঁধ পর্যন্ত পৌঁছিত।

(২৮—৫) এই হাদীসটি সুনান আবু দাঊদ ২।২২৮ পৃষ্ঠায়ও বর্ণিত হইয়াছে।

مُحَمَّد بن يحيى بن ابي عمر المكي— শামায়িল গ্রন্থে 'ইব্ন-আবী-'উমার' বলিয়া আবু 'উমারের এই পৌত্রকে বুঝানো হইয়াছে—পুত্র য়াহ্‌য়াকে বুঝানো হয় নাই।

سفيان بن عيينة—এই সুফ্য়ানের উপনাম হইতেছে 'আবু মহাম্মাদ'।

www.ahlehadeethbd.org

عَنْ اَبِيْ نَجِيْحٍ عَنْ مُجَاهِدٍ عَنْ اُمِّ هَانِيءٍ بِنْتِ اَبِيْ طَالِبٍ قَالَتْ قَدِمَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم عَلَيْنَا مَكَّةَ قَدْمَةً وَلَهُ اَرْبَعُ غَدَائِرَ ۔

আবূ নাজীহ হইতে, তিনি রিওয়ায়াৎ করেন মুজাহিদ হইতে, তিনি রিওয়ায়াৎ করেন অবূ তালিবের কন্যা উম্মু হানি' হইতে, তিনি বলেন, রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লাম মাক্কায় আমাদের নিকট একবার এমন অবস্থায় আসেন যে, তাঁহার মাথার চুল চারি গুচ্ছে বিভক্ত ছিল।

(۲۹—٦) حَدَّثَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ ثَنَا عَبْدُ اللهِ بْنُ الْمُبَارَكِ عَنْ مَعْمَرٍ عَنْ ثَابِتٍ الْبُنَانِيِّ عَنْ اَنَسٍ اَنَّ شَعْرَ رَسُوْلِ اللهِ صلى الله عليه وسلم كَانَ اِلَى اَنْصَافِ اُذُنَيْهِ ۔

(২৯—৬) আমাদিগকে হাদীস শোনান সুওইদ ইব্‌ন নাস্‌র, তিনি বলেন আমাদিগকে হাদীস শোনান আবদুল্লাহ ইব্‌নুল্‌-মুবারক, তিনি রিওয়ায়াৎ করেন মা'মার হইতে, তিনি সাবিত আল্‌-বুনানী হইতে, তিনি আনাস হইতে রিওয়ায়াৎ করেন যে, রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লাম এর মাথার চুল তাঁহার দুই কানের মধ্য পর্যন্ত ছিল।

---

ابو نجيح—'অবূ নাজীহ' এর নাম য়াসার ( يسار )।

ام هانيء—উম্ম হানি' ছিলেন রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লাম এর চাচাতো বোন। তাঁহার তিনটি নাম পাওয়া যায়। উহা হইতেছে ফাখ্‌তাহ্‌, 'আতিকাহ ও হিন্দ ( فاختة، عاتكة، هند )

قدمة (কাদ্‌মাতুন্‌) একবার আগমন। হিজরতের পরে রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লাম চারিবার মাক্কা আগমন করেন। (এক) 'উম্‌রাহ্‌ কাযা করিবার কালে, (দুই) মাক্কা বিজয় কালে, (তিন) জি'ইর্‌রানাহ্‌ হইতে 'উম্‌রাহ করিবার কালে এবং (চারি) বিদায়-হজ্জ কালে। এই হাদীসে যে আগমনের কথা বলা হইয়াছে তাহা হইতেছে মাক্‌কা-বিজয় কালে।

(২৯—৬) এই হাদীসটি সহীহ মুসলিম হাদীস-গ্রন্থের ২।২৫৮ পৃষ্ঠায় এবং সুনান আবূ দাউদ ২।২২৩ পৃষ্ঠায় বর্ণিত হইয়াছে।

ثابت البناني—সাবিত আল্‌বুনানী—بنانة ('বুনানাহ') এর সহিত সম্পর্ক যুক্ত। কিন্তু এই 'বুনানাহ' এর ব্যাখ্যা প্রসঙ্গে একাধিক মত পাওয়া যায়। মশহূর মত এই যে, ইহা ঐ গোত্রের প্রধান ব্যক্তির নাম ছিল।

এই অধ্যায়ের প্রথম হাদীসের টীকায় এই হাদীসের কথা বলা হইয়াছে।

www.ahlehadeethbd.org

Contents



(৩০—৭) আমাদিগকে হাদীস শোনান সুওইদ ইব্ন নাস্র, তিনি বলেন আমাদিগকে হাদীস জানান আবদুল্লাহ্ ইব্নুল মুবারাক, তিনি রিওয়ায়াৎ করেন য়ুনুস ইব্ন য়াযীদ হইতে, তিনি যুহরী হইতে, তিনি বলেন আমাদিগকে হাদীস জানান 'উবাইদুল্লাহ ইব্ন 'আবদুল্লাহ ইব্ন 'উৎবাহ্, তিনি ইব্ন 'আব্বাস হইতে এই রিওয়ায়াৎ করেন যে, রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লাম তাঁহার মাথার চুল (সমান দুই ভাগে বিভক্ত না করিয়া) সামনে ও আশে পাশে ঝুলাইয়া রাখিতেন। মুশরিকগণ তাহাদের মাথার চুল সমান দুই ভাগে বিভক্ত করিয়া রাখিত; কিন্তু কিতাবীগণ তাহাদের মাথার চুল সামনে ও আশে পাশে ঝুলাইয়া রাখিত। আর রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লামকে যে ব্যাপারে (আল্লাহ তা'আলার তরফ হইতে) কোন কিছু আদেশ করা না হইত তাহাতে তিনি কিতাবীদের কাজের অনুরূপ কাজ করিতে ভালবাসিতেন। পরে, তিনি তাঁহার মাথার চুল সমান দুই ভাগে বিভক্ত করিয়া রাখিতে থাকেন।

(৩০—৭) حدثنا سويد بن نصر أنبأنا عبد الله بن المبارك عن يونس بن يزيد عن الزهري أنا عبيد الله بن عبد الله بن عتبة عن ابن عباس أن رسول الله صلى الله عليه وسلم كان يسدل شعره وكان المشركون يفرقون رؤوسهم وكان أهل الكتاب يسدلون رؤوسهم وكان يحب موافقة أهل الكتاب فيما لم يؤمر فيه بشيء ثم فرق رسول الله صلى الله عليه وسلم رأسه •

(৩০—৭) এই হাদীসটি সহীহ বুখারীর ৫০৩ ও ৮৭৭ পৃষ্ঠায়; সহীহ মুসলিমের ২।২৫৭ পৃষ্ঠায় এবং সুনান আবূ দাউদের ২।২২৪ পৃষ্ঠায় বর্ণিত হইয়াছে।

—عبيد الله بن عبد الله بن عتبة
'উবায়দুল্লাহ ইবন 'আবদুল্লাহ ইবন উৎবাহ্। এই 'উৎবাহ্' এর পিতার নাম মাস'উদ এবং তিনি হইতেছেন আবদুল্লাহ ইবন মাস'উদ এর ভাই।

يفرقون মশহুর পাঠ হইতেছে يفرِقون ও يفرُقون

কোন কোন রিওয়ায়াতে يفرِّقون ও পাওয়া যায়।

—كان يحب موافقة أهل الكتاب
'তিনি কিতাবীদের কাজের অনুরূপ কাজ করিতে ভালবাসিতেন।' হিজরাতের পরে আল্লাহ তা'আলা যখন রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লামকে কিতাবীদের কিব্লা বায়তুল্ মাকদিসকে কিব্লা করিয়া সালাৎ আদায় করিবার নির্দেশ দেন তখন হইতে আরম্ভ করিয়া কা'বা গৃহ কিবলা হওয়া পর্যন্ত অন্তর্বর্তী কালে যে সকল

www.ahlehadeethbd.org

Contents



(৩১—৮) আমাদিগকে হাদীস শোনান মুহাম্মাদ ইবন্ বাশ্শার, তিনি বলেন আমাদিগকে হাদীস জানান আবদুর রাহমান ইবন্ মাহ্দীই, তিনি রিওয়ায়াৎ করেন ইব্রাহীম ইবন্ নাফি' আল্‌মাক্কী হইতে, তিনি আবূ নাজীহ হইতে, তিনি মুজাহিদ হইতে, তিনি উম্ম্ হানি' হইতে, তিনি বলেন আমি রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লামকে চুলের চারিটি গুচ্ছধারী রূপে দেখিয়াছি।

(٣١—٨) حدثنا محمد بن بشار انا عبد الرحمن بن مهدي عن ابراهيم بن نافع المكي عن ابي نجيح عن مجاهد عن ام هاني قالت رأيت رسول الله صلي الله عليه وسلم ذا ضفائر اربع ·

ব্যাপারে আল্লাহ তা'আলার তরফ হইতে কোন বিধি-নিষেধ রাসূলুল্লাহু অসাল্লাম এর নিকট না আসিত সেই সব ব্যাপারে কিতাবীদের কার্যাবলীর অনুরূপ কার্য করাই তাঁহার পক্ষে সম্পূর্ণ স্বাভাবিক ও সঙ্গত ছিল। এই হাদীসে ঐ সময়কার কথাই বলা হইয়াছে। অনুরূপভাবে রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লাম যত কাল মাক্কায় ছিলেন ততকাল তিনি উল্লিখিত ধরনের ব্যাপারে অর্থাৎ যে সব ব্যাপারে আল্লাহ্ তা'আলার কোন আদেশ-নিষেধ না থাকিত সেই সব ব্যাপারে মাক্কার কুরাইশদের কার্যের অনুরূপ কার্য করিতেন। মাক্কার মুশরিকরা যখন তাঁহাকে পূর্ণরূপে প্রত্যাখ্যান করিল তখন হইতে তিনি মুশরিকদের রীতি পদ্ধতি সম্পূর্ণরূপে পরিত্যাগ করেন। অনুরূপভাবে কিতাবীগণ যখন তাঁহাকে পূর্ণরূপে প্রত্যাখ্যান করেন তখন হইতে তিনি তাহাদেরও রীতি-পদ্ধতি বর্জন করেন। তখনই তিনি বলেন خالفوا اليهود والنصارى অর্থাৎ যে সব কার্যে তোমাদিগকে স্বাধীনতা দেওয়া হইয়াছে সেই সব ব্যাপারে তোমরা যথাসম্ভব য়াহুদী ও খৃষ্টানদের রীতি পদ্ধতির বিপরীত রীতি-পদ্ধতি গ্রহণ করো।

(৩১—৮) . এই হাদীসটি সুনান আবূ দাউদ ২।২২৪ পৃষ্ঠায়ও রহিয়াছে। এই হাদীস এবং এই অধ্যায়ে বর্ণিত ৫ নং হাদীসটি আপাত দৃষ্টিতে একই বলিয়া মনে হয়। কিন্তু ইহা অপর কোন এক আগমনের ঘটনাও হইতে পারে।

রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলায়হি অসাল্লাম এর মাথার চুলের দৈর্ঘ সম্বন্ধে বিভিন্ন বয়ান পাওয়া যায়। উহার একটি ব্যাখ্যা প্রথম অধ্যায়ে দেওয়া হইয়াছে। তাহা এই যে, ভিন্ন ভিন্ন সময়ে তাঁহার চুলের দৈর্ঘ ভিন্ন ভিন্ন থাকিত বলিয়া রিওয়ায়াতে এই বিরোধ পরিলক্ষিত হয়।

দ্বিতীয় ব্যাখ্যা এই যে, সামনের ছোটছোট চুলগুলি তাঁহার সম্মুখ দিকে কানের মধ্যভাগ পর্যন্ত লটকাইয়া থাকিত। উহার পরবর্তী চুলগুলি কানের লতি পর্যন্ত ঝুলিতে থাকিত। উহার পরবর্তী চুলগুলি ঘাড়ের মাঝখান পর্যন্ত পৌছিত এবং মাথার পশ্চাৎ ভাগের চুলগুলি কাঁধ পর্যন্ত বিলম্বিত থাকিত।

www.ahlehadeethbd.org

# দুই রাহা

—মুফাখ্খারুল ইসলাম

উজীরের নামে বাদশা আজীজ পাঠাইল ফরমান,
যে ক'রেই হোক এ'নে দিতে হ'বে কয়েছের সন্ধান!
বাদ্শা পুত্র কয়েছের সন্ধানে… … … …
উজীর তখনি হইল বাহির দূর মরু বিয়াবানে।
লাইলীর প্রেমে কয়েছ হয়েছে মজনুঁ - দীওয়ানা দিল;
পাওয়া যাবে তারে ছাউনীতে যেথা লাইলীর মঞ্জিল।
উজীর শুনেছে শেষবার তারা ঐ এলাকায় কোথা
পেতেছে তাম্বু! তাহলে জরুর মজনুঁ-ও আছে তথা।
বুদ্ধ করিয়া চ'লল উজীর দূর পাহাড়ের ছায়
লাইলীর পিতা আস্তানা যথা পাতিয়াছে শোনা যায়।
পাহাড়ের ধারে আসিল উজীর!—ভাল ক'রে চেয়ে দেখে,
হেথা কৈ খীমা লাইলীর?—তারা চলে গেছে দাগ রেখে।
তাহলে জরুর মজনুঁও গেছে তারি পিছে হেথা হ'তে!
তাই মজনুঁ-র পা'র দাগ দেখে উজীর নামিল পথে।
পা'র দাগ দেখে কতক্ষণ আর মজনুঁ-রে চলে খোঁজা?
কিছুক্ষণ পর আর নাহি চিন—বালু দিয়ে সব বোঁজা।
এবার উজীর কোথা যায় আর, কিছুই পায় না ভেবে!
মজনুঁ-র পা'র হারা চিহ্নের সন্ধান কোথ নিবে!
উপত্যকায়, বালিয়াড়ি পারে, টিলায় পাহাড় চূরে,
এপথে সেপথে খুঁজিছে নিশানা পথে ও বিপথে ঘুরে।
মজনুঁ-রে পাওয়া চাই,
নতুবা ক্রুদ্ধ বাদ্শার হাতে যাবে গর্দানটাই!
খুঁজে খুঁজে তার গায়ে ছোটে জোর ঘাম!
দুপুর গড়ায়ে বিকাল আসিল, এখনি নামিবে শাম।
ছায়া মছাল্লা হ'ল সুদীর্ঘ তর।
খাড়া হ'ল তায় পাহাড় নামাজে সূর্যের তাজ পর।
তারি পাশ দিয়ে উজীর খুঁজিয়া মজনুঁ-র পা'র চিন,
একেলা বিজন বালু বিয়াবানে চলিছে বিরামহীন!

www.ahlehadeethbd.org

Contents



সারাদিন গেল, সন্ধ্যা ঘনাল, তবু-ত গেল না দেখা
আকাংখিত সে মজনুঁ-র পা'র একটু চিহ্ন রেখা।
তিমির নেকাব মুখে
ধীরে ধীরে এসে জ্বালাল কে বাতি দিনের মাজার বুকে।
খিয়ায়ে খিয়ায়ে তবু পথ দেখে চলেছে উজীর হেঁটে,
শ্রান্ত নয়নে দৃষ্টি আহত সারাদিন মান খেটে।
আর ত পারে না। কুলায় না চোখে, পথেরও নিশানা নাই।
তারি মাঝে কের পাবে মজনুঁ-র পদচিন কোন্ ঠাঁই।
হতবাক হয়ে থমকি' দাঁড়া'ল পথের প্রান্তে এসে,
লুপ্ত এ পথ আসমানে শুধু তারকা চলেছে ভেসে।
এমন সময় রহস্যময় ফকীর সে একজনা—
দেখা দিল আনমনা।
ডাকিল উজীরে : কে তুমি, কি খোঁজো হেথা?
—উজীর জীবনে শোনে নি এমন জবান স্বাধীনচেতা।
চোখ তুলে তাই করজোড় হয়ে ফকীরের সম্মুখে
দাঁড়াল উজীর সম্ভ্রম ভরা বুকে,
নিবেদিল সেই ফকীরের বরাবর :
খুঁজিতেছি আমি মজনুঁ-র পা'র চিহ্ন এপথ পর।
কহিল ফকীর : বুদ্ধির জোরে প্রেমিকের পদরেখা
ধরিতে কি চাও?— এমন করিয়া সে কভু যায়না দেখা।
তুমি নিজে আগে ভালোবেসে নাও, প্রেমিক দীওয়ানা হও,
তারপর যেনো এই মরু মাঝে মজনুঁর খোঁজ লও।
আপনি তখন প্রেমের মাতুলামিতে
দেখিবে তোমার কদম চলিছে মজনুঁ-র সংগিতে।
তোমার দু' পাও যেথায় পড়িবে সেথাই দেখিবে চেয়ে
মজনুঁর পা'র চিহ্ন রয়েছে, যেয়ো সেই পথ চেয়ে
কথা শেষ করি মিলা'ল ফকীর কোথায় অন্ধকারে,
উজীরের শির নত হয়ে এল অসহ লজ্জাভারে।

www.ahlehadeethbd.org

মূল : এ, কে, ব্রোহী
অনুবাদ : এস আবদুল মান্নান

# "মানবীয় ইতিহাসের উপর পাক কুরআনের প্রভাব

পাক কুরআনের দাবী এই যে, উহা মানুষের জন্য হেদায়তের গ্রন্থ। সমগ্র মানব সমাজের নিকটই এই গ্রন্থ সহজলভ্য এবং সত্য কথা বলিতে কি, বহু বহু ক্ষেত্রে উহা সমগ্র মানব সমাজকে সম্বোধন করিয়াই আহ্বান জানাইয়াছে, বাণী প্রকাশ করিয়াছে। উহার বাণী পৃথিবীর বিভিন্ন অংশে বসবাসকারী বিচিত্র মানব সমাজের প্রতি সমভাবে প্রযোজ্য। তাহা ছাড়া উক্ত বাণী সমগ্র অনাগত কালের জন্যও সত্য ও সার্থক। অন্য কথায় বলিতে গেলে এই গ্রন্থ কোন কালেই পুরাতন বা অচল ও অকার্য্যকরী হইবে না। কুরআনের বাণীর চিরন্তনত্বের এই দাবীর পোষকতা, অন্ততঃপক্ষে নীতিগতভাবে, ঐতিহাসিক সাক্ষ্য প্রমাণের দ্বারা সমর্থিত। বাস্তবিকই যদি কুরআন সমগ্র মানবমণ্ডলীর জন্যই হেদায়ত গ্রন্থ হয় অর্থাৎ যদি স্বীকৃত হয় যে, ইহার বাণী বিভিন্ন সময়ে বিভিন্ন দেশে বসবাসকারী মানব সমাজের জন্য বাস্তবিকই সত্য ও কার্য্যকরী, তাহা হইলে বিগত ১৪ শতাব্দী কাল ধরিয়া অর্থাৎ 'অহী'রূপে উহা নাজেল হওয়ার পর আজ পর্য্যন্ত উহা মানবীয় ইতিহাসের ধারার প্রতি অবশ্যই বিরাট প্রভাব বিস্তার করিয়াছে; বিশেষ করিয়া যে সমাজ উহার আওতার মধ্যে আসিয়াছে উহার জীবন ধারায় মহত্তর রূপান্তর সাধনে উহা অবশ্যই প্রবল প্রভাব বিস্তার করিয়াছে। আমি গোড়াতেই বলিতে চাই যে, কুরআনের এই দাবীর সমর্থনে স্পষ্ট ও বিশিষ্ট ঐতিহাসিক সমর্থন রহিয়াছে। তার সেই কথা আমি নিম্নে সংক্ষেপে বিবৃত করিতেছি।

কিন্তু ঐ প্রকার বর্ণনা প্রদানের পূর্বেই এ কথাটাও বলিয়া রাখা একান্ত প্রয়োজন যে, ঐতিহাসিক প্রমাণ ছাড়াও ঐ ঐশীগ্রন্থে এমন সব তথ্য ও তত্ত্ব রহিয়াছে যাহা পাঠ করিয়া জ্ঞানী ও গুণগ্রাহী পাঠক অবশ্যই বুঝিতে পারিবেন যে, কুরআনের বাণীর চিরন্তনত্বের দাবী একান্তভাবেই সত্য। অবশ্য এই প্রকার আভ্যন্তরীণ প্রমাণ কেবলমাত্র বিশ্বাসীদের ক্ষেত্রেই প্রযোজ্য; অর্থাৎ এই প্রকার প্রমাণ তাঁহারাই সত্য বলিয়া মানিবেন যাঁহারা বিশ্বাস করেন যে, ইহা ঐশী বাণী এবং উহা সত্যকার ভাবে 'ওহী'রূপে ইসলামের পয়গম্বর (সঃ) এর উপর অবতীর্ণ হইয়াছে এবং উহা অবিকৃতভাবে সেই সময়ে লিখিত ও তদবধি সংরক্ষিত রহিয়াছে। কিন্তু আমি যে "বাহিরের" প্রমাণ সম্বন্ধে বলিতে যাইতেছি তাতে আমি ইহাই দেখাইতে প্রয়াস পাইব যে, কুরআন কত বিপুল আকারে মানবীয় ইতিহাসের গতি ও প্রকৃতির উপর প্রভাব বিস্তার করিয়াছে; এবং এবম্প্রকার প্রমাণ প্রয়োগ অবশ্যই তাঁহাদের উপরও সমানভাবে প্রযোজ্য যাঁহারা "বিশ্বাসী" পর্যায়ে পড়েন না, অর্থাৎ যাঁহারা কুরআনকে ঐশী গ্রন্থ বলিয়া স্বীকার করেন না। কিন্তু যাঁহারা [illegible] ও বিশ্বস্তরূপে প্রমাণিত ঐ [illegible] স্বীকার করেন। তাঁহারা যদি ঐ প্রমাণগুলিকে

Contents



সত্যিকারভাবে নিরপেক্ষ দৃষ্টিকোণ হইতে বিচার করেন তাহা হইলে তাঁহারা অবশ্যই দেখিতে পাইবেন যে, এই গ্রন্থ কি প্রবলভাবে মানব সমাজের বিবর্তন ধারার উপর প্রভাব বিস্তার করিয়াছে।

আমি বলিতে চাই যে, উল্লেখিত পরিপ্রেক্ষিতে বিচার করিলে আমরা দেখিব যে, হজরত মোহাম্মদ (দঃ) এর পরবর্তীকালের মানব ইতিহাসই সাক্ষ্য দিবে কুরআনের এই দাবী কত সার্থকভাবে সত্য যে, উহা সমগ্র মানব সমাজের জন্যই হেদায়তের গ্রন্থ; এবং উহার বাণী সমগ্র ভবিষ্যৎ কালের জন্যও সমভাবে সত্য ও সার্থক। কুরআনের নিজ শিক্ষা অনুসারেই আল্লাহ তা'আলা হইতেছেন "পূর্ব" ও "পশ্চিম" উভয়দিকেরই রব্—প্রভু-পরওয়ারদেগার। সুতরাং কুরআনে যে সত্য প্রকটিত হইয়াছে তাহা সমগ্র মানব সমাজের জীবন ধারার মধ্যে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে, জ্ঞাতসারে ও অজ্ঞাতসারে প্রবেশ করিয়াছে—তাঁহারা প্রাচ্যেরই অধিবাসী হউন অথবা প্রতীচ্যের। কুরআন একথাও শিক্ষা দিয়াছে যে, সত্য যখন প্রকাশিত হয় তখন মিথ্যা অন্তর্হিত হয়—এবং মিথ্যার স্বরূপই এমন বৈশিষ্ট্যচিহ্নিত যে, যখন উহা সত্যের সামনাসামনি উপস্থিত হয়, তখন উহা অপঃসৃত হইতে বাধ্য।

নবী করিম (সঃ) এর জন্মস্থান তথা ইসলামের উৎপত্তিস্থল ভৌগোলিক বিচারে এমন জায়গায় অবস্থিত যাহা তৎকালীন সভ্য জগতের মধ্যস্থল। উহার পশ্চিম দিকে বিরাজিত ছিল গ্রীক রোমীয় সভ্যতা অভ্যুত্থিত দেশ সমূহ আর পূর্বদিকে ছিল মিশরীয়-ব্যাবিলোনীয়-ফিনিশিয়-ইরাণীয় সভ্যতা-গর্বী দেশসমূহ এবং উহাদেরও পূর্বে অবস্থিত ছিল ভারতীয় ও চৈনিক কৃষ্টি সমন্বিত দেশসমূহ। আরব দেশ হইতে ইসলামের অভ্যুদয়কে বৃহত্তর ভৌগোলিক ও ঐতিহাসিক পারম্পার্য্যের ব্যাপারে বলা যায় যে, তৎকালীন ঘন ও সূচীভেদ্য অন্ধকারাচ্ছন্ন পৃথিবীর মধ্যস্থলে উহা যেন একটী উজ্জ্বল আলোক-বর্তিকা, যার আলোকরশ্মি পূর্ব ও পশ্চিমদিগন্তে বিচ্ছুরিত হইয়াছে। এতে আশ্চর্য্যান্বিত হওয়ার কিছুই নাই যে, নবী করিমকে (সঃ) কুরআনে "উজ্জ্বল আলোকবর্তিকা" (সিরাজুম মুনিরা) বলিয়া অভিহিত করা হইয়াছে; এবং উহারই পরিপ্রেক্ষিতে তাঁহাকে সমগ্র মানবমণ্ডলীর প্রতি "করুণা" (রাহমাতুললিল আলামীন) বলিয়াও বর্ণনা করা হইয়াছে। সমগ্র মানব সমাজের জন্য তিনি যাহা করিয়াছেন তজ্জন্য মানব সমাজ অপরিশোধ্য ঋণে তাঁহার নিকট ঋণী।

মানুষের প্রতি আল্লার শ্রেষ্ঠ নেয়ামত এই যে, তিনি তাহাকে কুরআন শিক্ষা দিয়াছেন। তিনি যে কৃপাময় ও করুণানিধান (রহমানুর রহীম) তার প্রমাণ স্বরূপ কেবলমাত্র এই কথায় বলা হইয়াছে যে, তিনি মানুষকে কুরআন শিক্ষা দিয়াছেন (এই প্রসঙ্গে সূরা 'রহমান' এর ১ম ও ২য় আয়াৎ দ্রষ্টব্য)। ঐ দৃষ্টিকোণ হইতে একথা বলা অসঙ্গত নয় যে, সমগ্র গ্রন্থখানিই মানব সমাজের জন্য এমন আদেশ নিষেধ-উপদেশ এর সমাহার যার দ্বারা উদ্বুদ্ধ হইয়া কার্য্য করিলে মানুষ আল্লার খলিফা হিসাবে এই জগতে সাফল্য অর্জন করিতে পারে এবং পরজগতে অনন্ত কল্যাণ ও শান্তির অধিকারী হইতে সক্ষম হয়।

ধর্মগ্রন্থ হিসাবে পাক কুরআনের বৈশিষ্ট্য হইল মানব সমাজের হেদায়তের জন্য যে 'অহী' যুগে যুগে আল্লার নিকট হইতে অবতীর্ণ হইয়াছিল

www.ahlehadeethbd.org

Contents



তার "তনদিক" করা এবং তার পরিপূর্ণতা বিধান করা। আল্লাহ তা'আলা সূরা "মায়েদা"য় রসূল (দঃ)কে উদ্দেশ্য করিয়া বলিয়াছেন, "আজিকার দিনে আমরা 'দ্বীন'কে পূর্ণতা দান করিলাম এবং তোমাদের প্রতি আমার যে অনুগ্রহ তাহাও পরিপূর্ণ করিলাম।" একই রকম ভাবে সূরা আ'লার মধ্যে বর্ণিত হইয়াছে যে, কুরআনের মধ্যে যে সত্য প্রকটিত হইয়াছে তাহা পূর্ববর্তী ধর্মগ্রন্থসমূহে, বিশেষ করিয়া হজরত এবরাহীম ও হজরত মূসার নিকট অবতীর্ণ গ্রন্থে বর্ণিত হইয়াছে। মূলতঃ 'অহি' প্রেরণ স্মরণাতীত কাল হইতে আরম্ভ হইয়াছিল এবং বলা যায় যে, বিভিন্ন দফায় ঐগুলি ধর্ম প্রবর্তক পয়গম্বরগণের মারফত মানব সমাজের নিকট প্রেরিত হইয়াছিল এই উদ্দেশ্যে যে, উহা ক্রমশঃ বর্দ্ধিত ও বিকশিত হইয়া একদিন পূর্ণতা লাভ করিবে।

মানবজীবনের গতি ও প্রকৃতিই 'ওহির' প্রয়োজনীয়তার প্রকৃষ্ট সাক্ষ্য। যেভাবে আমাদের জীবন সীমিত তাতে ঐশী সহায়তা ছাড়া উহার অগ্রগতি অসম্ভব। অপর কথায় জীবন সীমিত হওয়ার জন্যই উহা একান্তভাবে ঐশী সহায়তা লাভের জন্য ব্যাগ্র। আমাদের জীবন এত সীমিত এবং উহার শক্তি সামর্থ্য এত সঙ্কীর্ণ যে, ঐশী সহায়তা ছাড়া আমরা আমাদের দায়িত্ব ও কর্তব্য সম্যকরূপে বুঝিতে এবং সুনিয়ন্ত্রিত কর্মের মাধ্যমে উহার পরিপূরণে আমরা কখনই সক্ষম হইতে পারিব না। 'ওহি' যে আমাদের জন্য একান্ত প্রয়োজন তাহা হৃদয়ঙ্গম করার জন্য এই বোধ ও অনুভূতিই যথেষ্ট যে বিরাট বহিঃপ্রকৃতির উপর আমরা কত বেশী নির্ভরশীল। যে খাদ্য ও আশ্রয়ের উপর মানব জীবনের অস্তিত্ব নির্ভরশীল, তাহাও আহরণ করিতে হয় আমাদের বহির্জগত হইতে। যে দুনিয়ায় মানুষ বসবাস করে, সেই দুনিয়াতে যদি খাদ্য উৎপন্ন না হয়, তাহা হইলে তার জীবন ধারণই অসম্ভব। তাহা ছাড়া মানুষ দেখে যে, সে এমন এক বিশ্বের মধ্যে বসবাস করিতেছে, যাহা তার জন্মের শত শত কোটী বছর পূর্ব হইতেই বিরাজিত। সে আরও বুঝে যে গণিত কয়েক দিনের পর যখন তার "শেষের দিনটী" আসিয়া যাইবে এবং চিররাত্রির যবনিকার অন্ধকারে সে চলিয়া যাইবে তখনও এই বিশ্ব উহার পূর্ব শাশ্বতরূপ লইয়াই বিরাজ করিতে থাকিবে। এই অনুভূতি হৃদয়ঙ্গমের পর সে অবশ্যই বুঝিতে সক্ষম হইবে যে, তাহার জীবন ধারণের জন্য এই বিশ্বের অস্তিত্ব ও অবস্থান একান্তভাবে প্রয়োজনীয়; অথচ তার নিজের অস্তিত্ব বা অনস্তিত্বের উপর বিশ্বের কিছুই যায় আসে না। তখন তার মনে এই প্রশ্নও অবশ্যই উদিত হইবে যে, যে নাটকে তাহাকে অভিনয় করিতে হইতেছে, তার অন্তর্নিহিত উদ্দেশ্যটা কি? বিশেষ করিয়া কেনইবা তাহাকে একটা নির্দিষ্ট ভূমিকায় অভিনয় করিতে হইতেছে এবং তার ভূমিকা কি সত্য সত্যই অর্থবহ ও তাৎপর্য্যপূর্ণ এবং সত্য-সত্যই তার অভিনয়ের ফলাফল কি সুদূর প্রসারী, না একেবারেই অকিঞ্চিৎকর? মানুষের ক্ষুদ্র পরিসর জীবনকালে যখন তার সময় ও সুযোগ থাকে সেই সময়েই অবশ্যই তাকে এই প্রশ্নগুলির সম্মুখীন হইতে হয় এবং তার উত্তরও খুঁজিয়া লইতে হয়। "শেষের দিন" আসিয়া যাওয়ার পূর্বেই তাহাকে বুঝিতে হয় যে, তার জীবনের মুহূর্তগুলি আর কিছুই নয় বরং তাকে দেওয়া সেই সুযোগ যাহাতে সে ঐ উদ্দেশ্য সাধনে যত্নবান হইতে

www.ahlehadeethbd.org

পারে যার জন্য তাকে সৃষ্টি করা হইয়াছে—অবশ্য যদি সে বিশ্বাস করে যে, এক বিশেষ উদ্দেশ্য সাধনে তাহাকে সৃষ্টি করা হইয়াছে। যদি আমরা একটু চিন্তা করিয়া দেখি, তাহা হইলে বুঝিতে পারিব যে, যে সমস্ত বিশেষজ্ঞ দার্শনিক এই সমস্ত প্রশ্ন লইয়া গভীরভাবে আলোচনা করিয়া বহু বহু সময় অতিবাহিত করিয়াছেন তাঁহারাও ঐ গুলির সদুত্তর পান নাই। আরও দুঃখের বিষয় এই যে, যখন মানুষ এই প্রশ্নগুলির উত্তর খুঁজিতে ব্যস্ত, তখন তার জীবন নদী তরতর গতিতে সম্মুখের দিকে আগাইয়া যায় এবং যে মুহূর্তটী শেষ হইয়া যায় সেটী তাকে দিয়া যায় অভিজ্ঞতার এক নূতন দিগন্ত। যে মুহূর্তটী চলিয়া যায় তা চিরকালের জন্যই চলিয়া যায়, উহা আর কখনই ফিরিয়া আসে না। এই সবই হইতেছে মানব জীবনের সর্বাপেক্ষা বিয়োগান্ত দিক।

এরূপক্ষেত্রে জিজ্ঞাসা এই যে, মনুষ্য জন্ম সার্থক করার জন্য সে কি করিবে ?

এ জন্য সর্ব প্রথম প্রয়োজন সঠিক জ্ঞানের। কারণ কোন্ বিধানে তার জন্ম যদি সে সম্বন্ধেই তার জ্ঞান না থাকে তাহা হইলে কিইবা সে করিতে পারে ? মানুষ তখন বুঝে যে, সে কত অসহায় ! কত জটিল প্রশ্নমালার সম্মুখীন তাহাকে হইতে হইয়াছে, অথচ ঐগুলির সদুত্তর পাওয়া যায় নাই। সম্ভবতঃ মানুষের এই অসহায় অবস্থার দিকে ইঙ্গিত করিয়াই পাক কুরআনে বর্ণিত হইয়াছে, "নিশ্চয়ই আমরা মানুষকে সৃষ্টি করিয়াছি কাঠিন্যের মধ্যে"। এই খানেই আমরা সন্ধান পাই 'ওহী'র প্রয়োজনীয়তা। বিশ্বজনীন ধর্ম প্রবর্তক পয়গম্বরগণের প্রচারিত ধর্ম হইতেই আমরা এইসব প্রশ্নের সদুত্তর পাইতে পারি। মানুষের যিনি 'রব', তিনিই মানুষকে হেদায়ত প্রদান করেন। সেই রবই তাহাকে সৎ পথ প্রদর্শন করেন—যে 'রব' তাঁর করুণাধারায় সমগ্র সৃষ্টিকে নিষিক্ত করিয়া উহা অব্যাহত রাখিয়াছেন।

'হেদায়ত' এর পূর্ণ তাৎপর্য্য কি সে সম্বন্ধে কুরআন নিজেই ব্যাখ্যা প্রদান করিয়াছে। 'হেদায়ত' এর শাব্দিক অর্থ হইতেছে 'পরিচালিত করা', 'পথ প্রদর্শন করা'। সূরা আল'আলাতে উল্লিখিত হইয়াছে, বিভিন্ন স্তর অতিক্রম করিয়া সৃষ্ট জীব পূর্ণতার দিকে অগ্রসর হয়। "তোমার মহিমান্বিত প্রভুর স্তুতিগান কর, যিনি সমস্ত বস্তু সৃষ্টি করিয়াছেন, তারপর তাহাদিগকে সুব্যবস্থিত করিয়াছেন, যিনি তাহাদের সীমা নির্ধারণ করিয়াছেন এবং তাহাদিগকে পরিচালিত করিয়াছেন।" ব্যাপকতর অর্থে বলা যায় যে, এই হেদায়ত হইতেছে প্রত্যেকটি প্রজাতির ( Species ) ক্রমবিকাশের ধারায় অন্তর্নিহিত মৌলনীতি। মানবেতর প্রাণীদিগকে দেওয়া হইয়াছে 'সহজাত প্রবৃত্তি' (Instinct) ও ইন্দ্রিয়সমূহ যার বদৌলতে তাহারা নিজেদের কর্মসমূহের মধ্যে সামঞ্জস্য বিধান ও সমন্বয় সাধন করিয়া লইতে পারে। ইহাদের বদৌলতে তাহারা দেখে, শুনে, অনুভব করে, পারিপার্শ্বিকতার সহিত নিজেদিগকে খাপ খাওয়াইয়া লয় এবং নিজেদের বংশ বিস্তার করে। মানুষের ক্ষেত্রে বলিতে হয় যে, এই হেদায়ত হইতেছে তার প্রতি আল্লার দান প্রজ্ঞাশক্তি' যদ্বারা সে তাহার ইন্দ্রিয়গুলকে ও সহজাত প্রবৃত্তিকে নিয়ন্ত্রিত করে। এই প্রজ্ঞাশক্তিই তার পাশব বৃত্তিকে দমন করিয়া তাহাকে উন্নত

www.ahlehadeethbd.org

Contents



মহৎস্বভাব এক সুউচ্চ সত্তায় উন্নীত করে। এই প্রজ্ঞ যদিও মানুষের প্রতি প্রভু-পরোয়ারদেগারের অমূল্য দান, তবু এই প্রজ্ঞার শক্তিও সীমাবদ্ধ। কারণ ইন্দ্রিয় ও সহজাত প্রবৃত্তি দ্বারা পরিচালিত কার্য্যাবলীর কাঠামোর মধ্যেই প্রজ্ঞা কাজ করিতে পারে, কাজেকাজেই নিজস্ব গণ্ডীর মধ্যেই উহার কর্ম সীমাবদ্ধ; স্বীয় গণ্ডীর বাহিরে পদার্পণ করিলে তাহাকে বিপজ্জনক পরিস্থিতির সম্মুখীন হইতে হয়। সুতরাং মানবকুলের জন্য পয়গম্বরগণ আর এক আকারে বিধাতা প্রদত্ত হেদায়ত আনয়ন করেন। নবীগণ কর্তৃক আনীত এই হেদায়ত প্রকাশিত হয় আদেশ ও নিষেধের আকারে; যেগুলিকে উপেক্ষা বা অবহেলা করিলে মানুষ বিশ্বসংসারের সহিত এমন-এক সংগ্রামে লিপ্ত হয় যাহা তার ধ্বংস ডাকিয়া আনে; অন্য দিকে উহা তার নিজস্ব স্বভাব-ধর্মের বিরুদ্ধেও এক ধ্বংসাত্মক সংগ্রাম।

মানুষ যখন এই হেদায়তের অস্ত্রে সজ্জিত হয়, তখনই সে নিজেকে প্রজ্ঞার সীমার বন্ধন হইতে মুক্ত করিতে পারে। বিশ্বজনীন ধর্ম প্রবর্তক নবীরা যে 'ওহী' পান তদ্বারা যে হেদায়ত মানুষ লাভ করে, মানুষ উহার আলোকে নিজের ও অন্যান্য মানুষের জীবন ধারাকে নিয়ন্ত্রণ করার সুযোগ লাভ করে। ফলে দেখা যাইতেছে যে, পরবর্তী হেদায়ত পূর্ববর্তীকে নিয়ন্ত্রণ করে। এই একই নিয়মে ইন্দ্রিয়নিচয় সহজাত প্রবৃত্তিগুলির দোষ ত্রুটির সংশোধন করে; অনুরূপভাবে প্রজ্ঞা ইন্দ্রিয়গুলির ত্রুটী বিচ্যুতির সংশোধন করে এবং ওহী দ্বারা লব্ধ সত্যসমূহ প্রজ্ঞার দোষত্রুটী বিদূরিত করে। এককভাবে প্রজ্ঞা দ্বারা যে-সত্য লাভ করা যায় না, তাহা ওহীর মারফত পয়গম্বরগণের অন্তরে প্রতিফলিত হয়। ইহার দ্বারা মানুষকে অবগত করান যায় যে, তাহার জ্ঞানের সীমা কতটুকু এবং যদি সে নিজেকে পতন হইতে রক্ষা করিতে চায় তাহা হইলে কতটা সীমারেখার মধ্যে তার গতিবিধি ও কার্য্যকে পরিচালিত করিতে হইবে। এইভাবেই তাকে শিক্ষা দেওয়া হয়, তার জীবনের নির্ধারিত লক্ষ্য ও উদ্দেশ্য কি এবং কিভাবে বস্তু জগতের উপর ক্রিয়া প্রক্রিয়ায় সে সেই উদ্দেশ্য হাসেল করিতে সমর্থ হইবে। তাই এতে বিস্মিত হওয়ার কিছুই নাই—যখন আমরা দেখি যে, স্বয়ং কুরআন বলিয়াছে "নিশ্চয়ই মানুষকে পথ প্রদর্শন করা আমাদের (অর্থাৎ আল্লাহ তা'আলার) জন্যই (নির্ধারিত); এবং আমাদের জন্যই ভবিষ্যৎ এবং আমাদের জন্যই অতীত।" [সূরা লায়ল: ১৩ ও ১৪ আয়াৎ।] অন্যত্র কুরআনে বর্ণিত হইয়াছে, "যে কেহ চেষ্টা করে ও আমার রাস্তার অনুসরণ করে তাহাকে আমরা হেদায়ত করি; কারণ যাহারা সৎকর্মশীল তাহাদিগের সঙ্গেই রহিয়াছেন আল্লাহ তা'আলা।" [সূরা আনকাবুত ৬৯ আয়াৎ।] ঐশী হেদায়তের উপর মানুষ কত বেশী নির্ভরশীল তাহা নিম্নলিখিত আয়াতগুলি হইতে আরও বেশী পরিস্ফুট হইবে।

বল, "আল্লাহ তা'আলার নিকট হইতেই হেদায়ত। উহাই প্রকৃত হেদায়ত, সমগ্র সত্বার যিনি 'রব' বা প্রভু তাঁহার কাছেই আমাদের আত্মসমর্পণ।" [সূরা আনআম ৭১ আয়াৎ।]

"যাবৎ তাহারা তোমার প্রচারিত ধর্মের অনুসরণ না করে, তাবৎ ইহুদী ও খৃষ্টানগণ তোমার [অর্থাৎ মোহাম্মদ (দঃ) এর প্রতি সন্তুষ্ট হইবে না; তুমি বল হেদায়ত ত আল্লারই প্রদত্ত এবং উহাই প্রকৃত হেদায়ত। (সূরা বাকার-এর ১১৪ নং আয়াৎ)।

www.ahlehadeethbd.org

Contents



মানবজীবনের সমস্যা বলীর সমাধানের জন্য ন্যূনপক্ষে দুইটী জিনিষের দরকার। প্রথম, সমস্যা-গুলির প্রকৃত উত্তর পাওয়ার জন্য তার আত্মার মধ্যে একটা জাগ্রত বাসনা, একটা জলন্ত ইচ্ছা থাকা চাই, আর চাই প্রকৃত পথ পাওয়ার জন্য আল্লার দরবারে প্রার্থনা। এই পরিপ্রেক্ষিতেই বুঝা যায়, সুরা "ফাতেহার" গুরুত্ব। যাঁহারা এ সম্বন্ধে একটু গভীরভাবে চিন্তা করিয়াছেন তাঁহারা বুঝিয়াছেন কুরআনের কলাকৌশল কি; যখনই মানুষ আল্লার এবাদত করে, তখনই তাকে প্রার্থনা জানাইতে হয়—" প্রভু! আমাদিগকে পথ দেখাও" অর্থাৎ আমাদিগকে "হেদায়ত দাও।" মানুষ যদি পবিত্র হৃদয়ের আকুতি লইয়া "হেদায়ত" পাওয়ার জন্য প্রার্থনা জানায় এবং সেই উদ্দেশ্য লইয়া কুরআন অধ্যয়ন করে, তাহা হইলে সে অবশ্যই তার প্রশ্নের প্রকৃত জওয়াব পাইবে, দ্বিতীয়তঃ প্রদর্শিত পথে চলার জন্য তার মনে উদগ্র আকাঙ্খা চাই, কারণ যে পর্যন্ত সে ঐ পথে ক্রমশঃ অগ্রসর না হইতেছে, সে পর্যন্ত তাহাকে সমগ্র পথ দেখান হইবে না। যে সত্যটুকু তার নিকট আসিয়াছে, যে পর্যন্ত সে সেই সত্য-টুকু কর্মে রূপায়িত না করিতেছে, সে পর্যন্ত চরম সত্য উপলব্ধি করার ক্ষমতা সে অর্জন করিতে পারিবে না। যে ব্যক্তি রাস্তার সন্ধান পাইল অথচ সেই পথে হাঁটিল না, সে স্থানুর মত পড়িয়াই রহিল। কারণ, ইহাই আল্লার বিধান। প্রদর্শিত পথে অগ্রসর না হইলে রাস্তার বাকী অংশ কখনই তার দৃষ্টি পথের গোচরে আসিবে না।

ধর্মের কলাকৌশল বলিতে এই বুঝায় যে, উহা মানুষকে তার চরমলক্ষ্যে পৌঁছানর রাস্তা দেখাইয়া দেয়। মানুষকে যে সীমাবদ্ধ সম্পদ প্রদান করা হইয়াছে তার ফলে সে যে সীমিত শক্তির অধিকার লাভ করিতে পারে তার বলে সে তার নিজস্ব একক প্রচেষ্টায় তার পথ আবি-ষ্কার করিতে পারে না—আর ঐ রাস্তা ধরিয়া চলার মত প্রকৃত উদ্দীপনা ও দৃঢ় সঙ্কল্পের যে দারুণ অভাব রহিয়াছে তাহা বলাই বাহুল্য। এই পরিস্থিতিতে তার একমাত্র ভরসাস্থল হইতেছে বিশ্বজনীন ধর্মপ্রবর্তক পয়গম্বরদের নিকট 'ওহী' যোগে প্রকাশিত সত্যে আস্থা স্থাপন করা ও নিষ্ঠার সহিত উহা কার্যে পরিণত করা। এই প্রকার বিশ্বাস তাকে পোষণ করিতে হয় এইজন্য যে তার ব্যক্তিত্বের বুনিয়াদেই দেখা যায় যে, তার জীবনের মৌলিক প্রশ্নগুলির সদুত্তর সে একক প্রচেষ্টায় পায় না। —ক্রমশঃ

www.ahlehadeethbd.org

Contents

# আমপারার প্রাচীনতম বাংলা তরজমা

( পূর্ব প্রকাশিতের পর )

কছম করিয়া আমি কহি আছোরের। সকলে জে নোকছানেতে পড়িবে আখের *
কিন্তু ওই সব লোকে জাহারা সকল। ইমান আনিল ভাল করিল আমল *
আর হক দিনে জায়া চলিতে বলেন। মুছিবতে ছবর করিতে আর কহেন *

॥ ফাএদা ॥

তাহাদের আকবতে হইবেক ভালো। তাহাদের ছেওা আর বাকি জে সকলো *
জে সকল লোকে নাহি আনিল ইমান। আর তারা কাম সব করে নাফরমান *
আর ভালা বাত লোকে নাহি বাতাইল। ছবোরের তাকিদ কিছু নাহিক করিল *
সেই লোক নোকছানিতে বড়ই পড়িবে। আল্লাতালা তার পড়ে বড়ো গোস্বা হবে *
এই বেলা আল্লা পরে ইমান আনিবে। নেক কাম জতো পারো আমোল করিবে *
লোক জনে দিনদারি থাকো শেখাইতে। মুছিবত বিচে ছবর রহো বাতাইতে।
আল্লার হুকুম সবে আমোলেতে আনো। তবে তো ভালই তোমার আখেরেতে জানো *

## سورة التكاثر مكية وهي ثمان ايات

* ছুরা তাকাছর মক্কায় উতরিল ৮ আএতের *

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْهٰكُمُ التَّكَاثُرُ - حَتّٰي زُرْتُمُ الْمَقَابِرَ

ভুলাইয়া রেখেছে লালোছে তোমাদের। ধোন আর দৌলত জতো বাড়াবার তরে *
জতো দিন গিয়া তুমি না দেখিবে গোর। ততো দিন তোমার দেলে না হবে ছবোর *

॥ ফাএদা ॥

কড়ির সে মায়া কাল জানের হইল। আল্লার খেয়াল সং ভুলাইয়া দিলো *
তোমার কড়ির মায়া দুর না হইবে। মোরিবে জখন মায়া তখনি ছুটিবে *

كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ - ثُمَّ كَلَّا سَوْفَ تَعْلَمُوْنَ -

এহা পরে লিবে তোমরা সকলে জানিয়া। ফের কহি ইহা বাদে লিবেক বুঝিয়া *

كَلَّا لَوْ تَعْلَمُوْنَ عِلْمَ الْيَقِيْنِ - لَتَرَوُنَّ الْجَحِيْمَ - ثُمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِيْنِ -

তোমরা সকলে জদি একিন জানিতে। জাহান্নাম তোমাদেরে হইবে দেখিতে *
ফের কহি জাহান্নাম আলবত্তা সবে। একিনের চক্ষে আপন দেখিতে পাইবে *

www.ahlehadeethbd.org

Contents



॥ ফাএদা ॥

দোজোখের একিন যদি মনেতে রহিবে। কড়ি পরে এতো মায়া তবে কেনো হবে *
হেরেছ লালোচ মায়া কম হইয়া জায়। দোজোখের একিন জবে মনেতে সান্দায় *

ثم لتسئلن يومئذ عن النعيم -

ফের পুছ হইবেক তোমাদের সকল। দুনিয়ার আরামের কথা বেলকুল *

॥ ফাএদা ॥

দুনিয়াতে খুব পেলে তুমিত আরাম। তাহার বদলে বলো কি করিলে কাম *
ধন কড়ি দুনিয়াতে তুমি জে পাইয়া। আল্লার শোকোর করা গেলে জে ভুলিয়া *
ধন কড়ির শোকর আদা হইতো তখন। জাকাত আদায় তাহার করিতে জখন *
না-শোকোর জতো বান্দা দোজখেতে রবে। মায়াতে কড়ির যারা আল্লা ভুলে জাবে *

سورة القارعة مكية وهي احدى عشرا ية

* ছুরা কারেয়া মক্কায় উতরিল ১১ আএতের *

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْقَارِعَةُ، مَا الْقَارِعَةُ - وَمَا اَدْرٰكَ مَا الْقَارِعَةُ

ওই জে আসিয়া পড়ে এক হড়বড়ি। কিজে সেই আসিয়া - পড়িবে হড়বড়ি *
কি বুঝিলি তুমি তারে আপনার মোনে। সেই হড়বড়ি এসে পড়িবে জখনে *

يوم يكون الناس كالفراش المبثوث - وتكون الجبال كالعهن المنفوش.

সেই দিনে লোকের মোনে পড়ে হড়বড়ি। পতোঙ্গার মতো মানুষ হবে ছড়াছড়ি *
উড়িবে পাহাড় সারা ধমকে সিঙ্গার। পসোম ধুনিলে ওড়ে জেমন প্রকার *

فاما من ثقلت موازينه - فهو في عيشة راضية

জেই লোকে ভারি হবে নেকির ওজনে। করিবে সে খুসি খুব আপনার মনে *

وَاَمَّا مَنْ خَفَّتْ مَوَازِيْنُهُ فَاُمُّهُ هَاوِيَةٌ - وَمَا اَدْرٰكَ مَاهِيَهْ، نَارٌ حَامِيَةٌ.

www.ahlehadeethbd.org

Contents



জাহার ওজোন হালকা হইবে নেকিতে। থাকিতে হইবে তারে হাবিয়া বিচেতে *
কি জানিলে তুমি সেই হাবিয়া কেমন। আছে সেই বড়ো এক জলন্ত আগুন *

॥ ফাএদা ॥

কেয়ামত দিন এসে পড়িবে যখন। হড়বড়ি বড় এক হইবে তখন *
নেকি আর বদি ওজোন হইবে তখন। থোড়া বহুত জেই জাহা কোরেছে জেমন *
নেক কামের পাল্লা জার হইবেক বেসি। ভেস্তে গিয়া করিবেক সেই হাসি খুসি *
ওজোন নেকির জার হালকা হইবে। হাবিয়ার বিচে তারে রহিতে হইবে *
হাবিয়া সে আছে এক দোজখের নাম। আগুনের আছে তাহে বড়ো ধুম ধাম *
হামেসা জেমত রহে মাএর সাতে ছেলে। চিরোকাল রবে সেই দোজখের কোলে *

سورة العاديات مكية وهي احدى عشر اية

* ছুরা আদিয়াত মক্কায় উতরিল ১১ আএতের *

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالْعَادِيَاتِ ضَبْحًا ـ

আমি কহি এই কথা কছম করিয়া। দৌড়ন্ত ঘোড়ার জায় জাহারা হাঁপিয়া *

॥ ফাএদা ॥

মজাহেদ জায় জবে ঘোড়া দৌড়াইয়া। গোরমির জোরে জায় ঘোড় জে হাঁপিয়া *

فَالْمُوْرِيَاتِ قَدْحًا ـ

ফের কহি ওাহাদেরে কছম করিয়া। সোলগায় আগুনকে জাহারা ঝাড়িয়া *

॥ ফাএদা ॥

মোজাহেদের ঘোড়ার পাঁয়ের নাল হইতে। ঝাড়িয়া আগুন পড়ে পাথোর হইতে *
পাহাড়ের রাহা পরে ঘোড়া জবে জায়। পাথোর আর নাল হৈতে আগুন বেরোয় *
ঘাঁস কুটো জাহা রহে পাথোর বিচেতে। সে সকোল জলিয়া জে ওঠে আগুনেতে *

فَالْمُغِيْرَاتِ صُبْحًا ـ

ফের আছে কছম মোরে সেই সবাকার। ভোরে জারা গিয়া পোড়ে কাফেরের মাঝার *

॥ ফাএদা ॥

ভোরের বেলা মোজাহেদ সকালেতে গিয়া। কাফেরের লস্করেতে জায় সে পড়িয়া *
মার ২ কাট ২ বাদায় সকল। ফতে কোরে দেয় লড়াই বেলকুল *

www.ahlehadeethbd.org

Contents



فـاثرن بـه نقعا ـ

দাপোটে ঘোড়ার ফের মোজাহেদ সকল। উঠাইয়া দেয় ধুলা গরোদ বেলকুল *
॥ ফাএদা ॥
মোজাহেদ ঘোড়া জবে দৌড়াইয়া জায়। পিছনের দিগে তার গরোদা উড়ায় *

فوسطن بـه جمعا ـ

ফের জতো মোজাহেদ করে এই কাম। সান্দাইয়া জায় গোলে কাফেরের তামাম *
॥ ফাএদা ॥
জেয়াদা কাম লোকের তারা ধ্যানে নাহি করে। মারিয়া কাটিয়া ফের লড়াই ফতে করে *
এই সকলের কিরে আল্লা করিয়া। নিচের মজমুন দিলো সবে জানাইয়া *

ان الانسان لـربـه لـكنود ـ

এনছান নামা এ জতো লোক জোন আছে। নেহাত না সোকর আছে আপন রব্বের কাছে *

وانـه على ذلـك لشهيد ـ

মানুস আপন মোনে জানিতে সে পারে। আল্লার শোকর আগে পরো নাহি কারে *

وانـه لحب الخير لشديد ـ

আর সেই আছে জে জতেক এনছান। কড়ির বড় মায়া রাখে দেলেতে নিদান *

افـلا يعلم اذا بعثر ما في القبور ـ وحصل ما في الصدور ـ

মানুস এই নাহি জানে আপোনা অন্তরে। ওঠে জবে জাহা কিছু আছে ত কবরে *
সকল জাহের হইয়া পড়ে এক বার। জাহা কিছু ছাপি থাকে দেলেতে জাহার *
॥ ফাএদা ॥
দিনদারি বেদিনি তাবোত খুলে জায়। বখিলি আর না শোকোরি জাহের সব হয় *
না শোকোর বখিল পরে পড়িবে আজাব। শোকোর ও খয়রাত করো মিলিবে ছওয়াব *

ان ربهم بهم يومئـذ لخبيـر ـ

না শোকোর বখিল জতো আছে সবাকার। সেদিনে তাদের খবর রাখে পরোওয়ার *
॥ ফাএদা ॥
কেয়ামতের দিনে সব করিয়া জাহের। বদলা সে সবাকারে দিবেক আখের *

www.ahlehadeethbd.org

মওলানা মোহাম্মদ আকরম খাঁ

# বঙ্গ-আসাম প্রথম আরবী ছাত্র সম্মেলনে সভাপতির ভাষণ

[ ১০ই সেপ্টেম্বর ১৯৩২ ইং ]

[ ১৯৩২ খৃষ্টাব্দের ১০ই ও ১১ই সেপ্টেম্বর ( ভাদ্র ১৩৩৯ বাং ) শনি ও রবিবার কলিকাতা এলবার্ট হলে মরহুম মওলানা মোহাম্মদ আকরম খাঁ সাহেবের সভাপতিত্বে বঙ্গ-আসাম আরবী ছাত্র সম্মিলনীর প্রথম অধিবেশন সুসম্পন্ন হয়। তখনকার অবস্থার পরিপ্রেক্ষিতে অভিভাষণটি রচিত হইলেও উহাতে যে সব বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হইয়াছে তাহা আজও অনুধাবনযোগ্য। বিশেষতঃ প্রচলিত আরবী শিক্ষা পদ্ধতির পরিবর্তন কেন প্রয়োজন, উক্ত শিক্ষার প্রকৃত উদ্দেশ্য কি হওয়া উচিত এবং মাদরাসায় মাতৃভাষার অনুশীলন কেন আবশ্যক, মওলানা মরহুম তাঁহার অনুপম প্রাণবান ভাষায় এবং বৈশিষ্টমণ্ডিত যুক্তিতর্কের মাধ্যমে অতি সুন্দরভাবে তাহা প্রকাশ করিয়াছেন। প্রচলিত মাদরাসা শিক্ষার সহিত সম্পর্কিত ছাত্র শিক্ষক এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উহাতে যথেষ্ট চিন্তার খোরাক লাভ করিতে পারিবেন এই আশায় এই দুষ্প্রাপ্য অভিভাষণটি পুরাতন সাপ্তাহিক আহলে হাদীস হইতে পুনর্মুদ্রিত হইল।]

بسم الله الرحمن الرحيم

الحمد لله رب العالمين والصلوة والسلام على خير خلقه سيدنا محمد واله واصحابه اجمعين •

বন্ধুগণ ও বৎসগণ!

এত গুণী জ্ঞানী ও যোগ্য ব্যক্তি দেশে বর্তমান থাকিতে, আরবী শিক্ষক ও শিক্ষার্থীদিগের এই মহা সম্মেলনে আমার ন্যায় একজন অনধিকারীকে সভাপতির সম্মান দেওয়ার জন্য নির্বাচন করার হেতু কি থাকিতে পারে, তাহার প্রকৃত উত্তর নির্বাচনকারী বন্ধুরাই দিতে পারেন। তবে আমার অনুমান, এই মজলিছের উদ্যোগ আয়োজনে আমার ছাত্র বন্ধুদের প্রভাব যথেষ্ট আছে, এবং সম্ভবতঃ সেই হিসাবে একজন বৃদ্ধ ছাত্রের প্রতি কতকটা পক্ষপাত দেখাইতে তাঁহারা স্বভাবতঃ বাধ্য হইয়াছেন। নির্বাচনকারীদের উদ্দেশ্য ও মনোভাব যাহাই থা'ক না কেন, সকলকে সরল মনে বলিয়া দিতে চাই, সম্মান উপভোগ করার জন্য আমি এখানে আসি নাই,—আসিয়াছি আপনাদের আদেশ পালন করার জন্য। আশা করি, আপনারা এই অধম খাদেমকে আপনাদের সহপাঠি, সহকর্মী ও সহযাত্রী জনৈক ছাত্ররূপেই গ্রহণ করিবেন এবং তাহার ত্রুটি-বিচ্যুতিগুলিকে সেই দৃষ্টিতে দর্শন করিবেন। ছাত্রত্বের আবরণে নিজের অযোগ্যতাকে ঢাকা দেওয়ার জন্য এই শব্দগুলির আশ্রয় লই নাই। আরবী শিক্ষাকে জীবনের চরম সাধনা ও পরম সিদ্ধিরূপে গ্রহণ করার সৌভাগ্য ঘটিয়াছে যাহার বস্তুতই তাহার ছাত্রজীবনের সাধনা পরিসমাপ্ত হয় মরণের পয়গাম আসার পর। এছলামের সাধনার সঙ্গে সঙ্গে এ শিক্ষাও অভেদ্যরূপে শাশ্বত হইয়া আছে আমাদের প্রাণপ্রিয় মহানবীর স্বর্গীয় বাণীতে। তিনি বলিয়া দিতেছেন :

من جاءه الموت وهو يطلب العلم ليحيى به الاسلام فبينه وبين النبيين درجة واحدة فى الجنة •

"এছলামকে জীবন্ত করিয়া রাখিব—এই উদ্দেশ্য লইয়া যে ব্যক্তি শিক্ষায় প্রবৃত্ত হয় এবং সেই অবস্থাতেই তাহার মৃত্যু ঘটে, বেহেশতে তাহার অবস্থান—নবীগণের একস্তর মাত্র নিম্নে"।

www.ahlehadeethbd.org

Contents



আসুন! আরবী শিক্ষার্থী আমরা, সকলে সকল অন্তর দিয়া আল্লার হুজুরে প্রার্থনা করি তাঁর প্রিয় হবিবের নির্দেশ অনুসারে আমাদের শিক্ষা উদ্দেশ্যমুখী হউক, এছলামকে নব-জীবন দানের সাধনায় সমাহিত হউক, মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যান্ত স্থায়ী হইয়া থাকুক।

আমার বক্তব্যগুলি আপনাদের খেদমতে পেশ করার পূর্বে সরল অন্তঃকরণে বলিয়া রাখিতেছি—এ সম্মেলনে বিশেষজ্ঞের আসন হইতে কোন মন্তব্য করার অধিকার বা নির্দেশ দেওয়ার অভিমান আমার একটুও নাই। যে অনুভূতির তীব্র জ্বালায় আজ নবীন সৈনিকেরা পথের সন্ধানে ব্যাকুল হইয়াছে, গত ৩৫ বৎসর হইতে সেই একই অনুভূতির একই জ্বালায় আমার মন ও মস্তিষ্কও জর্জরিত হইয়া আছে। আজ আপনাদের খেদমতে সেই অনুভূতিরই দুই একটা অভিব্যক্তি করিব মাত্র—তাহার সঙ্গতি অসঙ্গতির বিচার আপনারাই করিবেন।

আমার দৃঢ় বিশ্বাস—আজিকার এই সম্মেলনের একটা গুরুতর বিশিষ্টতা আছে, একটা উজ্জ্বল ভবিষ্যৎ আছে। আমি জানি, যুগের হুজুগের অন্ধ অনুকরণে একটা সাময়িক প্রমোদ মেলা বসান আপনাদের উদ্দেশ্য কখনই নহে। আল্লার মঙ্গল ইঙ্গিতে, এছলামের অভিনব জয়যাত্রার যে সব উপাদান উপকরণ দুনয়ার দিকে দিকে দুর্বার গতিতে আত্মপ্রতিষ্ঠা করিয়া চলিয়াছে, আমার মতে সে সমস্তের মধ্যে সর্বপ্রধান হইতেছে —মোছলেম জগতের আলেম সমাজে আত্মচিন্তা ও আত্মবিচারের খোদাদাদ তীব্র অনুভূতি। আমার দৃঢ় বিশ্বাস—এই অনুভূতির প্রেরণাই আজ আপনাদিগকে অস্থির করিয়া তুলিয়াছে। সেই জয়যাত্রার অগ্রপথিক হিসাবে, জ্ঞানের আলোকে আপনারা নিজেদের যাত্রাপথ নির্ণয় করিয়া লইতে চান, তাই এই অনুষ্ঠান। আশা করি, সম্মেলনের সব বিচারে, সকল আলোচনায় এই প্রেরণাই আমাদের পথ প্রদর্শক হইয়া থাকিবে।

আরবী শিক্ষার্থী আমাদের জীবন সাধনার যে বিশিষ্টতা, তাহাকে অবলম্বন করিয়াই আমাদের এই আত্মবিচারের সূত্রপাত—এই ধারণা যদি সত্য হয়, তাহা হইলে এই বিচারে প্রবৃত্ত হওয়ার পূর্বে সেই সাধনার আসল লক্ষ্যটা আমাদিগকে ভাল করিয়া বুঝিয়া লইতে হইবে। কারণ লক্ষ্য প্রথম নির্ণীত হইয়া না গেলে কোন কাজের সফলতা ও বিফলতার পরিমাণ নির্দ্ধারণ করা সম্ভবপর হয় না। আমার মনে হয়, আমাদের গোড়ার গলৎ হইতেছে এইখানে। এই গলতের ফলে সমাজের একদল শিক্ষিত ব্যক্তি মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে কঠোর মন্তব্য প্রকাশ করিতেছেন, একশ্রেণীর হিতৈষী আরবী ছাত্রদের চাকরী বাকরির সুব্যবস্থা করার জন্য আগ্রহ প্রকাশ করিতেছেন, সমাজের গলগ্রহ কুপোষ্য ও ভিক্ষাজীবী বলিয়া কেহ কেহ আমাদিগকে কঠোর ভাষায় অভিসম্পাৎ করিতেছেন। আর এই সব অভিমতের প্রভাবে এবং লক্ষ্য সম্বন্ধে নিজেদের স্পষ্ট দৃষ্টির অভাবে, আরবী শিক্ষিত ও শিক্ষার্থী আমরাও সময় সময় আবিষ্ট ও অবসন্ন হইয়া পড়ি—নিজেদের জীবনকে ব্যর্থ বলিয়া মনে করিতে থাকি। এ সমস্তের একমাত্র কারণ এই যে, আমরা আরবী শিক্ষিতের জীবনকে বিচার করিতে যাই সে শিক্ষার প্রকৃত লক্ষ্যকে বিস্মরণ করিয়া, সে লক্ষ্যের মূল আদর্শের প্রাণবস্তু হইতে বঞ্চিত থাকিয়া। তাই এই অভিশাপ—তাই এই অপবাদ।

একটু চেষ্টা করিলে আমরা এই আদর্শের সন্ধান পাইতে পারি لقد كان لكم فى رسول الله اسوة حسنة প্রমুখ কোরআনের বাণী হইতে। দীর্ঘ

www.ahlehadeethbd.org

Contents



চতুর্দ্দশ শতাব্দী পূর্ব্বে, দুনয়া যখন মহাপাতকের সকল অন্ধকারে পূর্ণ ও শয়তানের সকল অভিশাপে কলুষিত—ধর্ম যখন পণ্ডিত পুরোহিতদের হাতে অত্যাচার অনাচারের প্রধান উপকরণে পরিণত—বিশ্ব মানব যখন তাহার সত্যকার রব্বুল আলামীনকে সম্পূর্ণভাবে বিস্মৃত—ক্ষুব্ধ মানবতার আকুল আর্তনাদে আল্লার আরশ যখন বিকম্পিত—আমাদের আদর্শের প্রথম প্রকাশ হয় সেই সময়, হেরার আঁধার গুহায় রহমতুল্লিল আলামীন মোহাম্মদ মোস্তফারূপে। তিনি আসিয়াছিলেন, তাওহীদের প্রধানতম শিক্ষক ও প্রতিষ্ঠাতা হিসাবে, আল্লার আসনকে গয়রুল্লার সব 'তাগুতের' সমস্ত কলুষ হইতে পরিশুদ্ধ করিতে; তিনি আসিয়াছিলেন سراجا منيرا রূপে বিশ্ব মানবের মন ও মস্তিষ্কের সব অন্ধকারকে তিরোহিত করিয়া দিতে; তিনি আসিয়াছিলেন امة وسط এর সত্য আদর্শকে লইয়া বিশ্বমানবের বর্ণগত, বংশগত, দেশগত, ধর্মগত সকল সংঘাত-সংঘর্ষের স্বর্গীয় সমাধানকে দুনয়ার বুকে প্রতিষ্ঠ করিতে; আর তিনি আসিয়াছিলেন بالمؤمنين رؤف رحيم রূপে, আত্মনিবেদিত আত্মসমর্পিত বা মোছলেম বান্দাদিগকে লইয়া এক দুর্জয় দুর্বার ও দুর্ভেদ্য সাধক সৈনিক-সঙ্ঘ গঠন করিয়া দিতে।

এইসব মহান উদ্দেশ্যকে সফল করিতে জ্ঞানের, কর্মের ও ভাবের দিক দিয়া যে-সব উপকরণের দরকার, তাঁহার জীবনে সেগুলি পূর্ণপরিণত হইয়াছিল। কিন্তু সেই উপকরণগুলির দ্বারা হজরত মোহাম্মদ মোস্তফার সেই 'মিশন'কে দুনয়ার কেন্দ্রে কেন্দ্রে জয়যুক্ত করার সাধনা তখনও সম্পূর্ণ হইতে পারে নাই, তাই দুনয়া হইতে এন্তেকাল করার পূর্বে তিনি উম্মতকে ডাকিয়া বলিলেন—"অন্য সমস্ত আম্বিয়ার ন্যায় আমাকেও দুনয়া হইতে শীঘ্রই চিরপ্রস্থান করিতে হইবে। কিন্তু আমার আনীত শিক্ষা অমর হইয়া থাকিবে। এজন্য তোমাদের মধ্য হইতে একদল রূহানী ওয়ারেছ আমার চাই, জীবন-যৌবনের যথা সর্বস্বকে সানন্দে কোরবান করিয়া আমার এই পতাকাকে দুনয়ার দিকে দিকে জয়যুক্ত করিবে যাহারা—سيد القوم خادمهم এর অনুপম নির্দেশ অনুসারে একই সঙ্গে নেতা ও খাদেমরূপে আমার উম্মতকে সকল শক্তিতে বলীয়ান ও সকল কল্যাণে গরীয়ান করিয়া রাখিবে যাহারা।" মোস্তফা কণ্ঠের সেই আহ্বান কোরআনের ভাষায় ধ্বনিত প্রতিধ্বনিত হইয়া মোছলেম জগতের প্রান্তে প্রান্তে ঘোষণা করিতেছে:—

ما كان المومنون لينفروا كافة، فلولا نفر من كل فرقة منهم طائفة ليتفقهوا فى الدين ولينذروا قومهم اذا رجعوا اليهم لعلهم يحذرون •
ولتكن امة يدعون الى الخير ويامرون بالمعروف وينهون عن المنكر، واولئك هم المفلحون، يا بني اقم الصلوة وامر بالمعروف وانه عن المنكر واصبر على ما اصابك، ان ذلك من عزم الامور •

এই আহ্বানগুলির সারমর্ম এই যে, বিভিন্ন অবস্থার ফলে উম্মতের সকল ব্যক্তির পক্ষে এছলামের এই খেদমতকে একমাত্র জীবন-ব্রত বলিয়া গ্রহণ করা সম্ভব বা সঙ্গত হইবে না। অতএব তোমাদের মধ্যে এরূপ একদল নির্বাচিত সেবক থাকা চাই, পার্থিব জীবনের বাহ্যিক সুখ সম্পদের সব মোহকে বিসর্জ্জন দিয়া যাহারা বাহির

www.ahlehadeethbd.org

হইয়া প'ড়িবে আল্লার নাম লইয়া। প্রথমে তাহারা এছলামের শিক্ষা ও আদর্শকে নিজেদের জ্ঞানগত করিয়া আত্মাগত করিয়া লইবে। তাহার পর তাহারা বাহির হইয়া পড়িবে দুনয়ার সকল দিকে, সকল প্রান্তে সেই শিক্ষা ও আদর্শকে জয়যুক্ত করিতে। একদিকে তাহাদের কর্মক্ষেত্র হইবে মোছলমান সমাজ—এছলামের আদর্শ হইতে স্খলিত হইয়া আল্লার পতাকাকে যেন তাহারা ধূলায় লুণ্ঠিত না করে। অন্যদিকে তাহারা ছুটিয়া যাইবে আল্লার এই বিশাল জমীনের প্রান্তে প্রান্তে, বিশ্বমানবকে মুক্তির সন্দেশ বিলাইতে। মহানবী রহমতুললিল আলামীনের মধ্যবর্ত্তিতায় স্বর্গের যে প্রেম-পীযুষধারা মর্ত্তে নামিয়া আসিয়াছে, বিশ্বমানবের সকল আত্মাকে তাহা দ্বারা স্নিগ্ধ করিতে, শান্ত করিতে, তৃপ্ত করিতে, কিন্তু কোরআন বলিয়া দিতেছে—এ পথে কণ্টক আছে, কঠোর অগ্নি পরীক্ষা আছে। মোহাম্মদ মোস্তফার রূহানী ওয়ারেছ হওয়ার সঙ্কল্প লইয়া অগ্রসর হইবে যাহারা, তাহাদিগকে এই সব পরীক্ষা অতিক্রম করিতে হইবে অবিচলিত চিত্তে। এই কর্তব্য ও পরীক্ষার কথা বুঝাইয়া দেওয়ার পর বলা হইতেছে—ان ذلک من عزم الامور অর্থাৎ এগুলি হইতেছে من الامور الواجبة المزمومة المقطوعة সুনির্দ্ধারিত সুসঙ্কল্পিত অপরিহার্য্য কর্ত্তব্য।

শতাব্দীর পর শতাব্দী ধরিয়া কর্তব্যের এই আহ্বান মোছলেম জগতের গগণ পবনকে মুখরিত করিয়া রাখিয়াছে। এই দীর্ঘকালের মধ্যে কত তাজ, কত তখত মোছলমানের পায়ের তলে লুটাইয়া পড়িয়াছে, কত রাজপাট তাহাদের হাত ছাড়া হইয়া গিয়াছে। কিন্তু এক শ্রেণীর দীন দরিদ্র খাদেম ব্যতীত এ আহ্বানে সাড়া আর কেহই দেয় নাই। সে যাহা হউক, কোরআনের এই আহ্বানে সাড়া দিয়া এই গুরুভার কর্তব্যকে স্বেচ্ছায় সানন্দে নিজের মাথায় তুলিয়া লওয়ার যে জীবন মরণ সঙ্কল্প, তাহাই হইতেছে আরবী শিক্ষার লক্ষ্য এবং হজরত মোহাম্মদ মোস্তফার আরব্ধ সাধনাকে তাঁহার রূহানী সন্তান হিসাবে জয়যুক্ত করিয়া যাওয়ার আনন্দ হইতেছে এ লক্ষ্য-সাধনার মূল প্রেরণা। সুতরাং আরবী শিক্ষার জন্য নির্বাচিত হইয়াছি বলিয়া আমাদের দুঃখিত কি আনন্দিত হওয়া উচিত, এই আদর্শের আলোকে তাহার বিচার করিতে হইবে। আমাকে জিজ্ঞাসা করিলে কবির ভাষায় উত্তর দিব :

قسمت کیا ہر چیز کو قسام ازل نے
جو شخص کہ جس چیز کا قابل نظر آیا
بلبل کو دیا رونا تو پروانہ کو جلنا
غم ہم کو دیا سب سے جو مشکل نظر آیا

আরবী শিক্ষার লক্ষ্য, আদর্শ ও তাহার মূলীভূত প্রেরণা সম্বন্ধে যাহা আরজ করিয়াছি, তাহা সত্য কিনা আপনারা তাহার বিচার করিয়া দেখুন। যদি সত্য না হয়, যদি পানিয়ান টিচার ও ম্যারেজ রেজিষ্ট্রার হওয়াই আরবী শিক্ষার লক্ষ্য ও আদর্শ বলিয়া গণ্য হয়, তাহা হইলে আমার বক্তব্য এইখানেই শেষ হইয়া যাইতেছে। আমার মতে সেই আরবী শিক্ষা সম্বন্ধে কোন প্রকার মাথা ব্যথার দরকার আমাদের কাহারও নাই। পক্ষান্তরে ইহাই যদি আরবী শিক্ষার সত্য, সঙ্গত ও শাশ্বত আদর্শ হয়, তাহা হইলে আজ আমাদিগকে আত্মবিচারে প্রবৃত্ত হইতে হইবে এই আদর্শের মাপকাঠি হাতে লইয়া।

সূক্ষ্ম দৃষ্টি, ন্যায় বুদ্ধি ও সৎসাহস লইয়া এই বিচারে প্রবৃত্ত হইলে দেখা যাইবে যে, শতাব্দীর পর শতাব্দী ধরিয়া যে আদর্শ সাধনায় আমরা

www.ahlehadeethbd.org

Contents



আত্মদান করিয়া আসিয়াছি, তাহা যে পরিমাণে সার্থক হইয়াছে, ব্যর্থ হইয়াছে তাহা অপেক্ষা অনেক বেশী পরিমাণে।

প্রথমে ঘরের অবস্থার হিসাব লইলে দেখা যাইবে—হেফাজতে এছলামের দিক দিয়া আমাদের উদাসীনতা কতদূর মারাত্মক হইয়া দাঁড়াইয়াছে। বাঙ্গালা ও আসামের তিন কোটি মোছলমান আজ নানা দুঃখে দুর্দশায় প্রপীড়িত, নানা পাপে নানা অনাচারে জর্জরিত, এছলামের শিক্ষা ও সাধনা হইতে বহু দূরে অবস্থিত। তাহার মধ্যকার কোনটীর উল্লেখযোগ্য কোন প্রতিকার আমরা আজ পর্য্যন্ত করিয়া উঠিতে পারি নাই। ইংরাজী শিক্ষিত মোছলমানদিগের এক স্তরে আজ সন্দেহ ও অনাস্থার যে মারাত্মক রোগ সংক্রামক হইয়া চলিয়াছে, তাহার সুচিকিৎসার কোন প্রয়াসই আমরা পাই নাই। নানা প্রতিকূল অবস্থার ঘাত প্রতিঘাতের স্বাভাবিক ফলে যে সব সমস্যা মোছলেম বঙ্গের অগ্রগতিকে প্রতি পদবিক্ষেপে বাধা প্রদান করিতেছে, তাহার কোনটির সমাধান আমরা করি নাই। যুগের অলক্ষ্য প্রভাবে জাতির মন ও মস্তিষ্ক আজ যে সব অভিনব জিজ্ঞাসা দ্বারা আলোড়িত হইতেছে, তাহার সন্তোষজনক উত্তর দেওয়া আমরা আবশ্যক মনে করি নাই। অন্য দিকে, গত দুই শতাব্দী ধরিয়া এছলাম ধর্মের এবং মোছলেম শিক্ষা ও সভ্যতার উপর বিধর্মীদের যে অগণিত জঘন্য আক্রমণ চলিয়া আসিতেছে, তাহার বিহিত উত্তর দেওয়ার বিশেষ কোন চেষ্টা আজ পর্য্যন্ত আমাদের দ্বারা সাধিত হয় নাই।

এই'ত গেল হেফাজতে এছলামের কর্তব্য সম্বন্ধে আমাদের উদাসীনতার সংক্ষিপ্ত ইতিহাস। এই সঙ্গে সঙ্গে এশাআতে এছলামের কর্তব্য সম্বন্ধে যদি আমরা নিজেদের কাজের জমা খরচ করিয়া দেখি, তাহা হইলে একটা বড় আকারের এবং অতি শোচনীয় শূন্য ব্যতীত জমার ঘরে আর কিছুই দেখিতে পাওয়া যাইবে না। তওহীদের পুণ্য পীযুসধারা পান করার জন্য আল্লার দুনয়া তৃষিত হইয়া আছে, কিন্তু তাহার সে তৃষ্ণা নিবারণের শক্তি বা প্রবৃত্তি কিছুই আমাদের নাই। অধিক কথা কি বলিব, পঞ্চাশ বৎসর মাত্র পূর্ব্বে, দুর্ভিক্ষের সুযোগ অথবা মূর্খতার ফলে, বাঙ্গলার যে হাজার হাজার মোছলমান খৃষ্টান ধর্মে দীক্ষিত হইয়া গিয়াছে, মরহুম আঞ্জমনে ওলামার দুই দিনের সামান্য চেষ্টা ব্যতীত তাহাদিগকে এছলামের পতাকাতলে ফিরাইয়া আনার কোন ব্যবস্থা আমরা করিতে পারি নাই। এ পথে যে সামান্য অভিজ্ঞতা অর্জন করিয়াছিলাম, তাহা অত্যন্ত মারাত্মক। এক কথায় তাহাদের মোছলমান করার প্রধান অন্তরায় মোছলমান সমাজ নিজেরাই। এক দল মনে করে—খৃষ্টান হইয়া একবার যাহাদের জাতি গিয়াছে, মোছলমান তাহারা ইচ্ছা করিলে হইতে পারে কিন্তু জাতে ওঠা তাহাদের পক্ষে আর সম্ভব পর নহে। পক্ষান্তরে সাম্প্রদায়িক কোন্দল কোলাহলের অগ্রনায়করা মনে করেন, মানুষ মোছলমান হইয়া যদি আমাদের গণ্ডীর মধ্যে প্রবেশ না করিল তাহা হইলে তাহার কাফের থাকাই তাহা অপেক্ষা শ্রেয়। ইহা খেয়াল নহে, কল্পনা নহে—আঞ্জমনে ওলামার সেবাকালে ইহা ছিল আমদের প্রতিদিনের অভিজ্ঞতা।

বন্ধুরা অনেক সময় জিজ্ঞাসা করেন, বৎসর বৎসর এত মৌলবী পাশ করানর দরকার বা সার্থকতা কি আছে? শিথিলতা ও উদাসীনতার বর্তমান অবস্থার এ প্রশ্নের সদুত্তর দেওয়া বাস্তবিকই দুঃসাধ্য। কিন্তু আজিকার আত্মবিচারের

www.ahlehadeethbd.org

Contents



ফলে আলেম সমাজের মধ্যে নিজেদের দায়িত্ব ও কর্তব্যের অনুভূতি যদি সামান্য পরিমাণেও জাগ্রত হইয়া উঠে তাহা হইলেও সমাজকে অচিরে বলিতে হইবে—শত নয়, সহস্র নয়, এছলামের খেদমতের জন্য বাঙ্গলায় আজ দরকার লক্ষ ধর্মসেবক মৌলবীর। এই যে বাঙ্গলা ও আসামের পর্বত প্রান্তরকে ব্যাপ্ত করিয়া পড়িয়া আছে তোমার বিরাট কর্মক্ষেত্র সেদিকে তাকাইয়া দেখার সুযোগ কখনও পাইয়াছ কি? যদি পাইতে, তাহা হইলে আমার সঙ্গে কণ্ঠ মিশাইয়া বলিতে, আজই লক্ষ মৌলবীর দরকার আমাদের এছলামের অভিনব বিজয় অভিযানে। অন্যদিকে, আমাদের গুরুগম্ভীর রাজনৈতিক বাগাড়ম্বরগুলি যদি সম্পূর্ণরূপে অর্থক না হইত তাহা হইলেও এই দরকারের গুরুত্ব আমরা কতকটা বুঝিতে পারিতাম।

ان کس ست اھل بشارت کہ اشارت داند
نکتہا ھست بسے محروم اسرار کجاست؟

কর্তব্য সাধনা সম্বন্ধে আমাদের উদাসীনতা এবং তাহার ফলাফলের যে সংক্ষিপ্ত আভাস উপরে দিয়াছি, আপনাদের মতেও মোটের উপর তাহা যদি সঙ্গত বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে, এখন আমাদের প্রধান কর্তব্য হইবে এই ব্যর্থতার প্রকৃত কারণ গুলির সন্ধান লওয়ার এবং সেগুলির প্রতিকারের উপায় আবিষ্কার করার। এখানে আমাদের দৃষ্টি যতই সূক্ষ্ম হইবে, চিন্তা যতই অনাবিল হইবে এবং তাহার অভিব্যক্তি যতই স্পষ্ট হইবে, প্রতিকারের উপায়গুলিও ততই সহজবোধ্য ও সহজসাধ্য হইয়া দাঁড়াইবে। আশাকরি, আপনারা এ সম্বন্ধে ধীর স্থির ভাবে চিন্তা করিয়া দেখিবেন। এই ব্যর্থতার যে কারণগুলি আমার মনকে সততই আঘাত দিয়া থাকে তাহার মধ্যকার প্রধান কএকটী আপনাদের খেদমতে পেশ করিতেছি। আপনারা তাহার সঙ্গতি-অসঙ্গতি সম্বন্ধে বিচার করিয়া দেখিলে সুখী হইব।

**প্রথম কারণ:**

আমাদের ব্যর্থতার প্রথম ও প্রধান কারণ এই যে, নিজেদের সাধনার গুরুত্ব, নিজেদের লক্ষ্যের মহিমা এবং নিজেদের আদর্শের বিরাট স্বরূপটা আমরা হয় বুঝিতে পারি না, না হয় তাহাকে অতি হীন, অতি সঙ্কীর্ণ আকারে বিকৃত করিয়া দেখিতে শিখি। ফলতঃ মনজিল ভোলা মোছাফেরের মত একটা উদভ্রান্ত গতিমাত্রই আমাদের যাত্রার সার হইয়া দাঁড়ায়। অনেক সময় মনেকরি, আরবী পড়াটাই আমাদের লক্ষ্য, সুতরাং আরবী পড়ার পর, কিংকর্তব্যবিমূঢ়ের মত সংসারের চারিদিকে আঁকু বাঁকু করিয়া বেড়াই। কিন্তু আজ এই আত্মবিচারের শুভ সূত্রপাতের দিনে প্রত্যেক আরবী শিক্ষার্থী ছাত্রকে মনে প্রাণে বুঝিয়া লইতে হইবে যে, আরবী পড় মনজিলে পৌঁছিবার পথ—মনজিল উহাই নহে। লক্ষ্যে উপনীত হওয়ার উপলক্ষ মাত্র, উহাই লক্ষ্য নহে। সে লক্ষ্য কি, প্রথমেই তাহার আভাষ দিয়াছি। আমার স্পষ্ট অভিমত এই যে, এই লক্ষ্যের প্রেরণা হইতে বঞ্চিত যাহারা, আরবী মাদ্রাছা গুলিতে ভিড় করার কোন দরকার তাঁহাদের নাই। কলিকাতা করপোরেশনের প্রাইমারী মক্তবের শিক্ষক, হাইস্কুলের পার্সিয়ান টিচার বা ম্যারেজ রেজিষ্ট্রারের আবেদন পত্র হাতে লইয়া অনভিপ্রেত লোকদিগের দ্বারে দ্বারে ঘুরিয়া বেড়াইয়া নিজেদের জীবনকে সার্থক করিয়া লইতে চান যাহারা, তাহাদের পক্ষে প্রথম হইতে অন্য পথের সন্ধান করাই কর্তব্য।

www.ahlehadeethbd.org

Contents



### দ্বিতীয় কারণ

সকলেই জানেন, বাঙ্গলার প্রচলিত মাদ্রাছা প্রথার প্রথম সূত্রপাত হইয়াছিল মোছলেম বঙ্গের ধ্বংস স্তূপের উপর। সত্য কথা এই যে, এই গুলির দ্বারা মোছলমানদিগকে ধর্ম শিক্ষা দেওয়ার সামান্য একটু ইচ্ছাও তখন কর্তৃপক্ষের ছিল না এবং সেরূপ দাবীও তাহারা কোন দিন করেন নাই। ইষ্টইণ্ডিয়া কোম্পানীর অফিস আদালতের কাজ চালাইবার জন্য কতকগুলি আমলা ও করাণীর দরকার তাহাদের হইয়াছিল এবং সেই জন্য ওয়ারেণ হেষ্টিংস কলিকাতা মাদ্রাছা নামে একটা বিরাট Clerk Foundry সৃষ্টি করিয়াছিলেন মাত্র। এইজন্য এইসব মাদ্রাছায় বিশেষ ব্যবস্থা করা হইয়াছিল তাহাদের দরকারী অংশের Mohammadan Law শিক্ষা দেওয়ার এছলাম শিখাইবার বিশেষ কোন ব্যবস্থা সেখানে করা হয় নাই। তাই আরবী শিক্ষার মূল প্রাণবস্তু যাহা, মাদ্রাছা গুলি দীর্ঘকাল পর্য্যন্ত তাহা হইতে সম্পূর্ণ রূপে বঞ্চিত হইয়াছিল এবং এখনও বহু পরিমাণে আছে।

যাহা হউক, সরকারের পুনঃ পুনঃ ঘোষণা সত্বেও অল্পকালের মধ্যে ইংরাজী আসিয়া পার্সিকে নির্বাসিত করিয়া দিল, মাদ্রাছা পাশ করিয়া আফিস আদালতের চাকরী পাওয়া অসম্ভব হইয়া দাঁড়াইল, তত্রাচ মাদ্রাসার মোহ এবং তাহার ناقصها بل فسو وترويهم নেছাবগুলি পূর্ববৎই রহিয়া গেল। নেছাবের কথা পরে বলিতেছি। এখানে বক্তব্য শুধু এই যে, এই সরকার প্রতিষ্ঠিত মাদ্রাছাগুলিই মাদ্রাছার ও মাদ্রাছা শিক্ষার আদর্শকে অতি মারাত্মকভাবে বিগড়াইয়া দিয়াছে।

### তৃতীয় কারণ

আমাদের ব্যর্থতার তৃতীয় এবং একটা প্রধানতম কারণ হইতেছে মাদ্রাছার নেছাব বা পাঠ্যতালিকা। পূর্বেই বলিয়াছি, যে উদ্দেশ্যে মাদ্রাছাগুলি প্রথমে স্থাপিত হইয়াছিল, অফিস আদালতের ভাষা ইংরাজী হইয়া যাওয়ার পর সেদিক দিয়া তাহার আর কোন সার্থকতা রহিল না। কিন্তু তত্রাচ তাহার নেছাব ইত্যাদি সমস্তই পূর্বের ন্যায় বহাল রহিল এবং আজ পর্য্যন্ত তাহা বহাল হইয়া আছে। আরবী শিক্ষার্থীদের বুকের পাঁজরগুলি এই অনর্থক, অদার্শনিক ও অত্যাচারমূলক নিছাবের হাতুড়ী পিটিয়া চূর্ণ বিচূর্ণ করা হইতেছে যুগের পর যুগ ধরিয়া। এছলামের জ্ঞান যেখানে, কর্ম যেখানে, তাহার ভাবের প্রেরণা যেখানে, তাহার আদর্শের আবেহায়াত যেখানে, মাদ্রাছার চৌহদ্দিতে তাহার প্রবেশ নিষেধ।

আরবী শিক্ষার উদ্দেশ্যগুলি সফল করিতে হইলে বিংশ শতাব্দীর আলেমদিগকে জ্ঞানচর্চার যে সব দিকের সহিত সুপরিচিত হওয়ার দরকার, মাদ্রাছার ছাত্রদিগকে তাহা হইতে বঞ্চিত করিয়া রাখা হইয়াছে। এমনকি জগতের অষ্টম আশ্চর্য্য হিসাবে বলা যাইতে পারে যে, বাঙ্গলার মাদ্রাছাগুলি এক শতাব্দী ধরিয়া এছলামের শিক্ষা দিয়া আসিতেছে কোরআনকেই বর্জন করিয়া! জাতীয় ইতিহাস—এমনকি হজরতের জীবনী পর্য্যন্ত, মাদ্রাছার ত্রিসীমায় প্রবেশ করিতে পারে না। অন্যদিকে গ্রীকের গুনাম পচা মস্তেক ও ফলছফা, তামাদীযুগের অকর্মণ্য হেকমত, বর্তমান যুগের সম্পূর্ণ অনুপযোগী কালাম এবং অনাবশ্যক ব্যাকরণ প্রভৃতির দুর্বহ বোঝা আরবী শিক্ষার্থীদিগের মাথার উপর চাপাইয়া দিয়া তাহাদের সহনশীলতার পরীক্ষা করা হইতেছে। এই বোঝাগুলি বহন করিবার সময় জ্ঞানের আনন্দ বা সাহিত্যের রসতো কিছু পাওয়াই যায় না, পক্ষান্তরে ভাবাজীবন

www.ahlehadeethbd.org

Contents



সাধনার কোন স্তরেই ইহার কোনটিই কোন উপকারে আসিতে পারে, এরূপ আশাও কেহ করিতে পারেন না। ছাত্ররা এগুলি আয়ত্ত করিবে শুধু পরীক্ষা পাশ করার জন্য। কাজেই এই বোঝাটা বহন করিয়া চলা ছাত্রদের পক্ষে আর সম্ভবপর হইতেছে না। তাহারা বলিতেছে, ধর্মের নামকরণে আত্মহত্যা করিতে আর আমরা প্রস্তুত নহি। আরবী বিভাগের সর্বসহ ছাত্রদের মধ্যে আজ যে এই বিদ্রোহের সৃষ্টি হইয়াছে তাহা অতি অত্যাচারের শুভ প্রতিক্রিয়া মাত্র। আমিও আজ তাহাদের সঙ্গে কণ্ঠ মিশাইয়া ঘোষণা করিতেছি—হয় এই অন্যায়, অনর্থক ও অত্যাচারমূলক নেছাব ধ্বংস হইবে, না হয় ঐ নেছাবের বাহনস্বরূপ মাদ্রাছাগুলি ধ্বংস হইবে; দুইটার অস্তিত্ব একসঙ্গে অধিক দিন থাকিতে পারিবে না—ইহাই হইতেছে বাঙ্গলার সহস্র সহস্র আরবী শিক্ষিত ও শিক্ষার্থীর সুদৃঢ় সঙ্কল্পের সরল ও সংক্ষিপ্ত প্রকাশ। আমরা মাদ্রাছাগুলির সংস্কার চাই এবং সংস্কার অর্থে আমরা বুঝি সকল দিকের সব অনর্থের আমুল পরিবর্তন। তাহার পাঠ্যতালিকা একেবারে নূতন করিয়া নির্বাচন করিতে হইবে, তাহার অধ্যাপনা প্রণালীর পরিবর্তন করিতে হইবে, পরীক্ষা প্রণালীর পরিবর্তন করিতে হইবে,—মাদ্রাছা শিক্ষার প্রাণবস্তু স্বরূপ যে হেফাজৎ ও এশাআতে এছলাম, আরবীর ছাত্রকে তাহার উপযোগী করিয়া গঠন করিতে হইবে এই আমাদের আবেদন, এই আমাদের দাবী, এই আমাদের আলটিমেটম।

চতুর্থ কারণ

আরবী শিক্ষিতদের জীবন সাধনা বিফল হইয়া যাওয়ার একটা বড় কারণ এই যে, আরবী শিক্ষা সংক্রান্ত সমস্ত যন্ত্র পাতির প্রতিষ্ঠা ও কলকব্জার পরিচালন ভার যাঁহাদের উপর সম্পূর্ণভাবে ন্যস্ত হইয়া আছে, আরবী শিক্ষার প্রতি স্বভাবিক সহানুভূতি তাঁহাদের অনেকেরই নাই। এমন কি আরবী শিক্ষার চরম আদর্শের ঘোর পরিপন্থী যাঁহারা, মাদ্রাছাগুলির প্রধান কর্ণধারের পদে অনেক সময় তাঁহারা নিযুক্ত হইয়া থাকেন। বাঙ্গলায় "ওল্ডস্কিম" মাদ্রাছাগুলির যে পরীক্ষা বোর্ড ও পরিচালনা বোর্ড আছে, তাহাতে অনেক মোছলমান সদস্য এরূপ আছেন, আরবী ভাষার সহিত যাঁহাদের কোন সম্বন্ধই নাই, হ'য়ত কেহ কেহ আরবী বর্ণমালার সঙ্গেও পরিচিত নহেন। আরবী শিক্ষা ও তাহার আদর্শের প্রতি উপেক্ষা বা ঘৃণার ভাব পোষণ করেন, এমন ভদ্রলোকদিগকে মাদ্রাছার 'হর্তাকর্তা বিধাতা'র আসনে বসাইয়া দিতেও কর্তৃপক্ষ কুণ্ঠিত হন না। বাঙ্গলার মাদ্রাছাগুলির পক্ষে বস্তুতই ইহা একটা শোচনীয় অভিশাপে পরিণত হইয়াছে। বলা বাহুল্য যে, এইরূপ অঘটন সংঘটনের ফলে মাদ্রাছার সংস্কার একরূপ অসম্ভব হইয়া দাঁড়াইয়াছে। অন্যদিকে সংস্কারের নামে যাহা করা হয়, তাহা-দ্বারা কার্য্যতঃ হিতে বিপরীত উৎপত্তি ঘটিয়া দাঁড়ায়। আমি নিজের জীবনের অভিজ্ঞতা হইতে বলিতে পারি, গত ৩৫ বৎসর হইতে আরবী শিক্ষা সংস্কারের যতগুলি চেষ্টা হইয়াছে তাহার প্রায় প্রত্যেকটিতে আরবী শিক্ষিতদের অদৃষ্টের চূড়ান্ত ফয়ছালা করিয়াছেন তাঁহারাই যাঁহারা নিজেরা আরবী সম্বন্ধে অনভিজ্ঞ এবং হয়ত সহানুভূতিশূন্য।

দীর্ঘকালের পুরাতন কাহিনীগুলি পরিত্যাগ করিয়া বর্তমানের একটা টাটকা নজির দিতেছি। মোছলমানদিগের শিক্ষা সংক্রান্ত অভাব অভিযোগগুলির তদন্ত করার জন্য, খান বাহাদুর মৌঃ মোহাম্মদ আবদুল মোমেন ছাহেবের সভাপতিত্বে সম্প্রতি যে তদন্ত কমিটী বসিয়াছিল, তাহার কথা

www.ahlehadeethbd.org

Contents



আপনারা সকলেই অবগত আছেন। এই কমিটির মেম্বরগণের মধ্যে অনেকেই আমার শ্রদ্ধাভাজন বন্ধু। কিন্তু দুঃখের বিষয় মাদ্রাছার সংস্কার সংক্রান্ত বক্তব্যগুলি বুঝিতে ও তাহার বিচার করিতে সমর্থ এরূপ একজন সদস্যও তাঁহাদের মধ্যে দেখিতে পাই নাই। সে জন্য সাক্ষ্য দেওয়ার সময় এই অপ্রীতিকর সত্যটির প্রতি আমি কমিটীর দৃষ্টি আকর্ষণ করিয়াছিলাম। কমিটীর উপস্থিত মেম্বরগণ, বিশেষতঃ তাহার সভাপতি মোঃ আবদুল মোমেন সাহেব এই আবেদনের সঙ্গতি স্বীকার করেন এবং আমার প্রস্তাব মতে আরবী শিক্ষার বর্তমান অবস্থা সম্বন্ধে তদন্ত করার ও সংস্কার সম্বন্ধে Suggestion দেওয়ার জন্য তাঁহাদের অধীনে একটি সব কমিটি গঠনের ব্যবস্থা করেন। সব-কমিটী গঠিত হইয়া গেল, কমিটীর নোটীশ অনুসারে তাহার মেম্বরগণ একত্র হইয়া নিজেদের প্রোগ্রামও স্থির করিয়া লইলেন। শিক্ষামন্ত্রী কমিটীর এই প্রস্তাবে মঞ্জুরী দিলেই আরবী সব-কমিটীর কাজ আরম্ভ হইয়া যাইবে। সব-কমিটীর মেম্বারগণ জানাইয়া দিয়াছেন, তাঁহারা শুধু মঞ্জুরী চান। গবর্ণমেণ্ট যদি মেম্বরদের বারবার দাবীর ব্যয় নাও দেন, তাহা হইলে এ সমস্ত ব্যয় তাঁহারা নিজেরাই বহন করিবেন। কিন্তু এই-পর্য্যন্তই শেষ, সব কমিটী সম্বন্ধে আর কোন উচ্চবাচ্য কেহই করিলেন না। এখন পূর্বোক্ত কমিটীর মেম্বারগণ নিজেরাই আরবী শিক্ষার্থীদের বেহেমতের ফয়ছালা করিয়া দিতেছেন। এই প্রসঙ্গে সব চাইতে নির্মম সত্য এই যে, আমাদের যে সব বন্ধু আরবী শিক্ষা-প্রণালীর ও আরবী শিক্ষিত সমাজের ব্যর্থতাকে সতত শত কণ্ঠে অভিশাপ দিতে অভ্যস্ত, সংস্কারের প্রত্যেক প্রচেষ্টায় সর্বাপেক্ষা অধিক উপেক্ষা প্রদর্শন বা বাধা প্রদান করিয়া থাকেন তাঁহারাই। ফলতঃ আরবী শিক্ষা সম্বন্ধে অনভিজ্ঞ এবং তাহার লক্ষ্য সম্বন্ধে সহানুভূতিশূন্য ভদ্রলোকেরা মাত্র ছাত্রগুলির কর্ণধার হইয়া থাকাও আমাদের অধঃপাতের একটা প্রধান কারণ।

পঞ্চম কারণ

আরবী শিক্ষিতদের জীবন সাধনার চরম ব্যর্থতার একটা প্রধানতম কারণ হইতেছে— মাতৃভাষা সম্বন্ধে তাহাদের অজ্ঞতা। পূর্বে দেশে দেশে যুগে যুগে স্বতন্ত্র স্বতন্ত্র নবী ও রছুলের আবির্ভাব হইত এবং নিজ নিজ মাতৃভাষায় তাঁহারা স্বদেশ বাসীর মধ্যে আল্লার বাণী প্রচার করিতেন। আল্লাহ বলিতেছেন :—

وما ارسلنا من رسول الا بلسان
قومه ليبين لهم •

"আমি প্রত্যেক রসুলকেই তাহার জাতির ভাষার মধ্য দিয়াই প্রেরণা দিয়াছি, যেন তাহারা স্বজাতিকে স্পষ্ট করিয়া বুঝাইয়া দিতে পারে।" আমাদের হজরত দুনয়ার শেষ নবী এবং সকল যুগের ও সকল দেশের জন্য একমাত্র নবী। কাজেই প্রত্যেক যুগের ও প্রত্যেক দেশের আলেমদিগের উপর এখন এই ليبين لهم এর ভার অর্পিত হইয়াছে। কোরআন স্পষ্ট করিয়া বলিয়া দিতেছে, মাতৃভাষার আশ্রয় ব্যতীত تبيين অসম্ভব। সুতরাং বাঙ্গলার তিন কোটি মোছলমানের জন্য ورثة الانبياء রূপে কাজ করিবেন যে ওলামা, এছলামকে প্রকাশ করার জন্য বাঙ্গলা সাহিত্যে যথেষ্ট অধিকার অর্জন করা তাঁহাদের পক্ষে পরোক্ষভাবে ওয়াজেব। এই বাঙ্গলাভাষা শিক্ষা না দিয়া মাদ্রাছার কর্তৃপক্ষ সহস্র সহস্র আরবী

www.ahlehadeethbd.org

শিক্ষিতকে একেবারে বোবা বানাইয়া রাখিয়াছেন। ফলে, একদিকে যেমন আরবী শিক্ষিতদের জীবন একমাত্র এই ত্রুটির জন্য বহু পরিমাণে ব্যর্থ হইয়া যাইতেছে, অন্যদিকে অনধিকারী ব্যক্তিরা আসিয়া কর্মক্ষেত্রগুলি দখল করিয়া বসিতেছেন। এমনকি কোরআনকে পর্য্যন্ত লইয়া খেলা করিতেও আজ সম্পূর্ণ অনভিজ্ঞ লোকদিগের মনে কোন প্রকার দ্বিধা বা ভীতির উদ্রেক হইতেছে না।

এই অনাচারের প্রতিকার বারার জন্য আরবী শিক্ষিত ও শিক্ষার্থী সমাজ দীর্ঘকাল হইতে সমবেত কণ্ঠে আর্তনাদ করিয়া আসিতেছেন। কিন্তু কর্তৃপক্ষ সে আর্তনাদের প্রতি ভ্রুক্ষেপ করার কোন আবশ্যকতা আজ পর্য্যন্ত অনুভব করেন নাই। তাঁহাদের উপেক্ষা ও উদাসীনতা আমাদের সহ্যের সীমা অতিক্রম করিয়া চলিয়াছে, এই সম্মেলনের সভাপতির আসন হইতে এই কথাটা আজ আমি কর্তৃপক্ষকে সসম্ভ্রমে জানাইয়া দিতেছি।

**ষষ্ঠ কারণ**

মাদ্রাছা শিক্ষার বর্তমান ব্যর্থতার আর একটা বড় কারণ হইতেছে, সেখানে مشق و مطالعہ সম্বন্ধে ব্যবস্থার অভাব। মাদ্রাছা শিক্ষার্থীদিগকে বর্তমান যুগের অভাব অভিযোগ অনুসারে গড়িয়া তুলিতে হইলে, তাহাদিগকে গভীর গবেষণা ও স্বাধীন আলোচনার যথেষ্ট সুযোগ দিতে হইবে। এজন্য প্রত্যেক মাদ্রাছায় مذاکرہ ملکہ প্রভৃতির যথেষ্ট সুব্যবস্থা থাকা আবশ্যক। কেবল যুদ্ধ সংক্রান্ত বহি পুস্তক পড়াইয়া দিলে কেহ সুদক্ষ সৈনিক হইতে পারে না, সেজন্য দরকার হয় প্রতিনিয়ত কুচকাওয়াএর শিক্ষা দেওয়ার। পাটী গণিতের কেতাব কণ্ঠস্থ করাইয়া কাহাকেও অঙ্কশাস্ত্র বিশারদ করা যায় না, সে জন্য আবশ্যক হয় অবিরাম Exercise করিয়া যাওয়ার। ঠিক সেই রূপ research ও debating এর যথেষ্ট মশক না করিলে কেবল কয়েক খানা কেতাব কণ্ঠস্থ করিয়া কেহ এছলামের সেবা ও প্রচার করিতে সমর্থ হয় না। এজন্য প্রত্যেক মাদ্রাছার সঙ্গে সঙ্গে ছাত্রদের বক্তৃতা ও প্রবন্ধ রচনার প্রতিযোগিতা, মৌলিক গবেষণা এবং স্বাধীনভাবে বিচার আলোচনার সুব্যবস্থা থাকা চাই।—স্বতন্ত্র পুরস্কার ও ছাত্রবৃত্তির ব্যবস্থা হওয়া আবশ্যক। এমন কি, আমার মতে শেষ স্তরে এ সম্বন্ধে একটা পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করিতে পারিলে আরও ভাল হয়। বড়ই দুঃখের বিষয়, মাদরাছা কর্তৃপক্ষ এবিষয়ে আজ পর্য্যন্ত কোন উৎসাহ প্রদান করেন নাই। বরং অনেকে ইহাতে যথাসাধ্য বাধাই দিয়া আসিয়াছেন।

এই আলোচনার এখানেই উপসংহার করিতেছি। মাদরাছাগুলির বর্তমান পরিস্থিতি এবং তাহার ভাবী প্রতিকার সম্বন্ধে আমার চিন্তা ও অনুভূতির একটা স্পষ্ট আভাস ইহা দ্বারা পাওয়া যাইবে বলিয়া আশা করি। ইহা ব্যতীত বলার কথা আরো অনেক আছে। আমার মতে মাদরাছা শিক্ষা প্রণালীর প্রত্যেক দিকটিই নানা দোষে দুষ্ট এবং আশু সংস্কার সাপেক্ষ।

زفرق تا بقدم ہر کجا کہ می نگرم
کرشمہ دامن دل می کشد کہ جا اینجاست

**বন্ধুগণ ও বৎসগণ!**

আত্মবিচারের যে সব দিক সম্বন্ধে এতক্ষণ আলোচনা করিয়াছি তাহার অধিকাংশ স্থলে বাহ্যতঃ দোষের বোঝা চাপান হইয়াছে অন্যের উপর।

www.ahlehadeethbd.org

কিন্তু একটু চিন্তা করিয়া দেখিলে জানা যাইবে, এইসব দোষ ত্রুটির জন্য প্রধান অপরাধী আমরা নিজেরাই যে স্পষ্ট দৃষ্টি এবং তীব্র অনুভূতি লইয়া আমাদিগকে এক্ষেত্রে অগ্রসর হওয়া উচিত ছিল, নিজেদের শক্তি সামর্থ্যের যতটা সদ্ব্যবহার করা এখানে আমাদের কর্তব্য ছিল, নিজেদিগকে আমরা তাহা হইতে ইচ্ছা পূর্বক বঞ্চিত করিয়া রাখিয়াছি। তাই আমাদের অস্ফুট আর্তনাদ আজ পর্য্যন্ত কাহারও করুণ দৃষ্টি আকর্ষণ করিতে পারে নাই। এজন্য প্রথম দরকার عزم বা অটুট দৃঢ় সঙ্কল্পর। সঙ্কল্পের পর فاذا عزمت فتوكل على الله আল্লার উপর ভরসা করিয়া কর্মসাধনা। এ সাধনা ব্যর্থ হওয়ার নহে—

ان الله لا يضيع اجر المحسنين

আরবী বিভাগের যুবক ছাত্রদের কাছে আমার আর একটি নিবেদন—তারুণ্য আধুনিকতা বা যুগধর্ম ইত্যাদি বলিয়া দেশে যে সব সাময়িক হুজুগের সৃষ্টি হইতেছে, তাহা যেন আপনাদিগকে এছলামের صراط المستقيم হইতে একবিন্দু বিচালিত করিতে পারে না। আপনারা আমাকে ভুল বুঝিবেন না। আমি আপনাদিগকে গতিহীন স্থিতিশীল স্থানু হইয়া সঙ্কীর্ণ সীমাবদ্ধ দৃষ্টির কাঠ-মোল্লা হইয়া থাকিতে বলিতেছিনা। এছলাম মুক্ত ধর্ম, মুক্তির ধর্ম, বন্ধনের স্থান সেখানে নাই। আমি আপনাদিগকে বলিতেছি—যুগের হাওয়া অস্থায়ী, কারণ যুগই চির চঞ্চল। অন্তঃসারশূন্য শুষ্ক তৃণের ন্যায় এই যুগের হাওয়ায় উড়িয়া বেড়াইবার জন্য আমরা আসি নাই। স্মরণ রাখিবেন—আমরা আসিয়াছি যুগের হাওয়া পালটাইয়া দিতে, এছলামের আদর্শ অনুসারে নূতন যুগের প্রবর্ত্তন করিতে। এ সময় আপনাদের প্রত্যেককে এছলামের দৃঢ়চেতা সৈনিকের উপযোগীরূপে আদর্শ জীবন যাপন করিতে হইবে। আজ হজরত মোহাম্মদ মোস্তফার আদেশ ও আদর্শ যখন "সাইনবোর্ড" বলিয়া উপহসিত হইতেছে, সে সময় যুগের হুজুগের তাড়নায় আমরাও যদি সেই ধৃষ্টতার প্রশ্রয় দিয়া চলি, তাহা হইলে দুঃখ রাখার আর স্থান থাকে না। কোরআনের হামেল আপনারা, হজরত মোহাম্মদ মোস্তফার সাধনার ওয়ারেছ আপনারা, এছলামের খাদেম মোজাহেদ আপনারা, জাতির সত্যকার নায়ক আপনারা, সুতরাং পদে পদে আপনাদিগকে সতর্ক হইয়া চলিতে হইবে। মনে রাখিবেন—আধুনিকতা অন্তরের জিনিষ, হুজুগের অন্ধ অনুকরণ তাহা কখনই নহে; স্বাধীনতা মনের সদ্ভাব, স্বেচ্ছাচারের প্রগলভতা তাহা কখনই নহে; আর, বিদ্রোহ জ্ঞানের প্রেরণা মাত্র, অজ্ঞানের দাম্ভিকতা তাহা কখনই নহে। এ সমস্তের আদর্শ আমরা কোরআনের অফুরন্ত ভাণ্ডার হইতে গ্রহণ করিব, সেজন্য আমাদিগকে আর কতকগুলি অন্ধঅনুকারীর দারস্থ হইতে হইবে না।

باغ مرا چه حاجت سرو و صنوبر است
شمشاد خانه پرور ما از که کمتر است

আমি জানি, চারিদিকের সমস্ত অবস্থা আপনাদের প্রতিকূল। আমি জানি, সমাজের গণ্যমান্য ব্যক্তিরা আপনাদের প্রতি সহানুভূতি-শূন্য। আমি জানি, নানা গুরুতর বাধা-বিঘ্নের সহিত যুদ্ধ করিয়া আপনাদিগকে নিজেদের কর্তব্য পথে অগ্রসর হইতে হইবে। কিন্তু বন্ধুগণ, বৎসগণ! আজ আপনাদিগকে বিশেষরূপে স্মরণ রাখিতে হইবে যে, অবস্থা প্রতিকূল বলিয়া হতাশ

( ৩৮-এর পাতায় দেখুন )

www.ahlehadeethbd.org

মূল : মওলানা শামসুল হক আফগানী
অনুবাদ : মোহাম্মদ আবদুছ্ ছামাদ

# কম্যুনিজম ও ইসলাম

[ পূর্ব প্রকাশিতের পর ]

ন্যায়নিষ্ঠ ব্যবস্থা : যেহেতু ইসলাম স্বভাবের ধর্ম কাজেই ইসলাম তার জীবন যাত্রার ব্যবস্থাতেও মানবীয় স্বভাবের প্রতি লক্ষ্য রেখেছে এবং যাবতীয় স্বাভাবিক বস্তুকে নিজ নিজ অবস্থায় স্থির থাকার সুযোগ দিয়েছে। তবে যখনই অস্বাভাবিকতা দেখা দিয়েছে, অবিচারের সৃষ্টি হয়েছে তখনই তা বিদূরিত করে তাকে ন্যায়ের পথে আনা হয়েছে। ইসলামী জীবনযাত্রার বিরোধী পুঁজিবাদী ও সমাজবাদী জীবনযাত্রায় যেহেতু অসঙ্গতি ও মানবীয় স্বভাব-বিমুখতা বিদ্যমান ছিল—কেননা এই দুই দৃষ্টিভঙ্গী ছিল ভাবাবেগ জনিত আর ভাবাবেগজনিত দৃষ্টিভঙ্গীগুলোর সীমালঙ্ঘন অবশ্যম্ভাবী, কাজেই ইসলাম তার জীবন যাত্রার পদ্ধতি এমন মধ্যপন্থী ও স্বভাব-সম্মত করে রেখেছে, যাতে করে তা সর্বশ্রেণীর মানুষের জীবন যাত্রার রক্ষাকবচ হ'য়ে উঠেছে এবং সর্বশ্রেণীর অধিকার অর্জনের পথ সুগম হয়ে আছে। পুঁজিবাদী বিধি ও সমাজবাদী ব্যবস্থার সর্বপ্রকার দোষ-ত্রুটিও তাতে বিদূরিত করা হয়েছে। ইসলাম তার জীবন যাত্রায় সেই সকল দ্বার রুদ্ধ করে দিয়েছে যেগুলোতে সাধারণের জীবনযাত্রার পথ বিঘ্ন-সঙ্কুল হয়ে উঠেছিল এবং যেগুলোর মাধ্যমে পুঁজিবাদীরা দরিদ্র শ্রেণীর জনগণের রক্ত চুষে খাচ্ছিল। ইসলামে সে সব বিষয়ের বিরোধিতা করা হয়েছে যদ্দ্বারা মানবীয় স্বাধীনতা, মান-মর্য্যাদা ও অন্তরস্ফূর্ত কর্মস্পৃহা বাধাগ্রস্ত হচ্ছিল। ইসলাম সম্পদের স্থিতিশীলতার গতি সৃষ্টি করেছে, ধনীদের বিরুদ্ধে দরিদ্রদের শত্রুতা বাড়িয়ে তোলার পরিবর্তে ঈমান ও সচ্চরিত্রতার অনুভূতির মাধ্যমে উভয়ের মধ্যে প্রেমের বন্ধন সৃষ্টি করেছে এবং এইভাবে ইসলামে দরিদ্রদের অধিকার রক্ষা করা হয়েছে। সম্পদের অস্বাভাবিক সমতার স্থলে ধনী ও দরিদ্রের মধ্যে জীবিকার্জনে ইসলাম আইনগত সাম্যের সৃষ্টি করেছে, এ [illegible] ন্যায়নীতিতে ধনী দরিদ্র ও রাজা-প্রজাকে সমান করে রেখেছে এবং মানবীয় চেষ্টা-তদবীর ও শ্রম বহির্ভূত বিষয়গুলোতে সমগ্র মানব সমাজের সমানাধিকার দিয়ে রেখেছে।

---

( ৩৭-এর পাতার পর )

হইয়া অবসন্ন হইয়া পড়া আমাদের ধর্ম নহে। বরং অবস্থা যখন প্রতিকূল, তখন দ্বিগুণ দৃঢ়তা লইয়া, দ্বিগুণ সাহস লইয়া, দ্বিগুণ শক্তি সঞ্চয় করিয়া সকলে সমবেতভাবে কাজে লাগার দরকার হয় সেই সময়। এই প্রতিকূল অবস্থাকে নিজেদের ঈমান ও আমলের দ্বারা সম্পূর্ণভাবে জয় করিতে হইবে—ইহাই আমাদের সাধনা।

نوارا تلخ ترمی زن چو ذوق نغمہ کم یابی
حدی را تند تری خواں چو محمل راگراں بینی
ربنا تقبل منا انك انت السميع العليم

[ "সাপ্তাহিক আহলে হাদীস" ৫ম বর্ষ ৩২শ, ৩৩শ, ৩৪শ ও ৩৫শ সংখ্যা হইতে সংকলিত। ]

www.ahlehadeethbd.org

এ হচ্ছে সেই দশটি মূলনীতি যার উপর ইসলামের মধ্যপন্থী ন্যায়নিষ্ঠ জীবন ব্যবস্থার ভিত্তি স্থাপিত হয়েছে।

**মানবীয় স্বভাবসিদ্ধ বস্তুগুলোতে স্থিতিশীলতা জায় রাখা ও সমাজবাদী অবিচারের প্রতিবাদ :**

সমাজবাদী জীবন-পদ্ধতিতে স্বভাব বরুদ্ধ কল্পিত সাম্য আর পুঁজিবাদী পদ্ধতিতে অস্বাভাবিক বৈষম্য রয়েছে। ইসলাম মধ্যপন্থা প্রবর্তন করেছে এবং এ দুএরই প্রতিবাদ জানিয়েছে বা বিরোধিতা করেছে। কল্পিত সাম্যের এজন্য বিরোধিতা করেছে যে, তা হচ্ছে স্বভাব-বিরুদ্ধ। আল্লাহ তা'আলা মানুষের মধ্যে সম্পদ-অর্জন শক্তির প্রভেদ করে রেখেছেন, সকল মানুষের চিন্তাশক্তি ও মস্তিষ্কের ক্ষমতা সমতুল্য নয়, কর্মশক্তিও এক রকম নয়। তাই উক্ত দুই শক্তির স্বাভাবিক পার্থক্যের কারণে মানব শ্রেণী-গুলোর মধ্যে সম্পদের বিভিন্নতা দৃষ্ট হওয়া অবশ্যম্ভাবী। একারণেই এই দুই শক্তির প্রভেদের দরুণ সর্বশ্রেণীর কর্মচারীদের বেতন এক রকম নয়, সকল ব্যবসায়ীর আমদানীও সমপরিমাণ হয় না, আর শিল্পপতি ও কারিগর সকলের অর্জনও সমান হতে পারে না, কারণ তাদের চিন্তা ও কার্য্যশক্তি সমতুল্য নয়। সুতরাং স্বাভাবিক প্রভেদের ফলা-ফলকে তার আসল স্বাভাবিক অবস্থা মুতাবিক বজায় রাখাই যুক্তিসঙ্গত। সম্পদের এই স্বাভা-বিক তারতম্যের বিরুদ্ধে প্রচেষ্টা চালানো আসলে স্বভাবের বিরুদ্ধে সংগ্রাম করারই শামিল, যাকে কোনমতেই যুক্তিসঙ্গত বলা যেতে পারে না। অতএব ইসলাম এই স্বাভাবিক প্রভেদকে অক্ষুণ্ণ রেখেছে ধনী-দরিদ্র উভয় শ্রেণীর অস্তিত্ব স্বীকার করেছে, এবং ধনিকদের উপর এমন কর্তব্য চাপিয়ে দিয়েছে যাতে দরিদ্রদের অধিকারগুলোও সুরক্ষিত হতে পারে এবং যাতে করে ধনিক শ্রেণী নিজেদের স্বাভাবিক সীমা অতিক্রম করতে না পারে। এটাই হচ্ছে প্রথম মধ্যপন্থী ব্যবস্থা।

**পুঁজিবাদী অবিচারের প্রতিবাদ ও ধনী-দরিদ্র উভয়ের অধিকারের হিফাযত :** ধনীদের উপর ইসলাম নিম্নোক্ত কর্তব্যগুলো চাপিয়ে দিয়েছে যাতে করে ন্যায়নীতির প্রতিষ্ঠার মাধ্যমে দরিদ্র শ্রেণীর অধিকারগুলো সুরক্ষিত হতে পারে।

(১) ধনিক শ্রেণী প্রাকৃতিক অবস্থা ও শরীঅতের সীমা লঙ্ঘন করে সুদের মাধ্যমে সম্পদ বাড়াবে না, পক্ষান্তরে দরিদ্র শ্রেণীকে নিঃস্বার্থভাবে ঋণ দিয়ে সাহায্য করবে।

(২) ঘুষ, অত্যাচার এবং অন্যান্য অবৈধ উপায়ে সম্পদ কামাবে না।

(৩) পুঁজিবাদী শ্রেণী ব্যবসা, শিল্প, কার-খানা, জমিদারী, দাদন, চাকুরী প্রভৃতি জীবিকার্জ-নের উপায়গুলোতে শুধু সম্পদের জোরে নিজেদের প্রাধান্য বিস্তার করে অপর শ্রেণীর লোকদের বঞ্চিত করতে পারবে না, বরং তার ধন-সম্পদ এমন ভাবে খাটাবে যাতে করে পুঁজিহীন শ্রেণীও উপকৃত হতে পারে, তাতে করে স্বাভাবিক পার্থক্য নিজ নিজ সীমার মধ্যে থাকবে, ফলে তা কারুণী রূপ ধারণ করতে পারবে না। অন্যথায় স্বাভাবিক পার্থক্যের স্থলে কারুণী পার্থক্য দৃষ্ট হবে এবং সেই সব অশান্তি ও অমঙ্গল দেখা দেবে যা পুঁজিবাদী ব্যবস্থার অবিচ্ছেদ্য অঙ্গ।

(৪) ধনিক শ্রেণীর সম্পদে দরিদ্র শ্রেণীর যে অধিকার রয়েছে ইসলাম যাকাত, উশর, খাজনা ও অন্যান্য সদকার আইন দ্বারা সেই অধিকার

www.ahlehadeethbd.org

Contents



প্রতিষ্ঠার ব্যবস্থাবলম্বন করেছে ; তাতে করে প্রতি বছর ধনিকদের সম্পদের একটা ন্যায্য অংশ দরিদ্রের মধ্যে বন্টিত হয়ে স্বাভাবিক পার্থক্য স্বস্থানে থেকে যাবে এবং তা বাড়তে পারবে না।

ইসলাম তার জীবন-ব্যবস্থায় পুঁজিবাদী ও সাম্যবাদী জীবনযাত্রাগুলোর ত্রুটি-বিচ্যুতি দূর করেছে ঃ পুঁজিবাদী ব্যবস্থায় সবচেয়ে বড় দোষ হচ্ছে সুদের কারবার। ইসলাম সর্বপ্রকার সুদকে—তা সাধারণ সুদ হোক বা চক্রবৃদ্ধি হারের সুদ হোক হারাম বলে ঘোষণা করেছে এবং শুধু আসল ঋণ আদায়ের অনুমতি দিয়েছে। বলা হয়েছে ঃ "যদি তোমরা সুদ থেকে তওবা কর তাহলে তোমরা শুধু আসল ঋণ পেয়ে যাবে ; তোমাদের আসল ঋণ থেকে এক কড়ি বেশী নিয়ে যুলুম চালাবে— এ অনুমতি দেওয়া হয়নি, অপরপক্ষে এক কড়ি কম পেয়েও তোমরা মযলুম হবে না।" (কোরআন) এমনভাবে অন্যত্র সূরা বাকারায়ও বলা হয়েছে ঃ "ওগো বিশ্বাসীর দল ! তোমরা আল্লাহ সম্বন্ধে সংযত হও এবং অবশিষ্ট সুদ ছেড়ে দাও, যদি তোমরা মুমিন হয়ে থাক।" অনুরূপ অন্য আয়তে বলা হয়েছে ঃ "আল্লাহ তা'আলা ব্যবসা হালাল করেছেন এবং সুদ হারাম করেছেন।'

এ তিনটি আয়তে আল্লাহ তা'আলা পুঁজিবাদের মৌলিক ত্রুটি দূর করেছেন এবং সর্বপ্রকার সুদ হারাম বলে ব্যবস্থা দিয়েছেন ; চাই সুদের পরিমাণ বেশীই হোক কিম্বা কমই হোক। অবশ্য আরবে দ্বিগুণ সুদেরও প্রচলন ছিল যেটা ছিল সুদের নিকৃষ্টতম পন্থা। যখন নির্দিষ্ট সময়ে ঋণ পরিশোধ হত না তখন সময় বৃদ্ধির সাথে সাথে সুদের পরিমাণও বেড়ে যেত। এমনি করে সুদের পরিমাণ হয়ে দাঁড়াত দ্বিগুণ ত্রিগুণ। এটাকে কোরআনে বিশেষভাবে নিষিদ্ধ করা হয়েছে।

মোটের উপর কোরআন সুদের যাবতীয় দ্বার রুদ্ধ করে দিয়েছে এবং সুদখোরকে এমন শক্তভাবে ধমক দেওয়া হয়েছে যেমনটি কোরআন মজীদে অপর কোন অপরাধের জন্য দেওয়া হয় নাই। বলা হয়েছে ঃ "যদি সুদ পরিত্যাগ না কর তাহলে আল্লাহ ও তদীয় রসূলের বিরুদ্ধে সংগ্রামে প্রস্তুত হও।" সুদ থেকে তওবা করলে পরে শুধুমাত্র ঋণে প্রদত্ত মূল অর্থ গ্রহণ করতে হবে—এক পাইও অধিক দাবী করা যাবে না। এ থেকে পশ্চিমা ভাবাপন্ন কোন কোন লোকের কোরআনের বিকৃত ব্যাখ্যার স্বরূপ উদঘাটিত হয়। কোরআন সামগ্রিক ভাবে সুদকে হারাম বলে সাব্যস্ত করেছে এবং সুদের নিকৃষ্টতম দিকটিকে বিশেষভাবে নিষিদ্ধ করে দিয়েছে, নতুবা কোরআনে বিবৃত বিষয়গুলোর পরস্পরের মধ্যে নিশ্চিতভাবে বিরোধ দেখা দেবে। 'ঋণে প্রদত্ত আসল ধন গ্রহণ' সম্বলিত আয়ত শুধু ঋণের আসলটুকু উসুল করার বৈধতার প্রশ্নে নির্দিষ্ট হচ্ছে। এমনি ভাবে 'অবশিষ্ট সুদ পরিত্যাগ' সম্বলিত আয়ত সুদের যা কিছুই বাকী দাবী হচ্ছে তাকে হারাম বলে স্থির করে দিচ্ছে। নিষিদ্ধতার গণ্ডি যদি দ্বিগুণ সুদের মধ্যে নির্দিষ্ট হ'তো তাহলে সেটা এই দুই আয়াতেরই বিরোধী হয়ে যেতো। সর্ব প্রকারের সুদ হারাম বলে মেনে নিলে পরে সবগুলো আয়াতের উপর আমল করা হবে, কোন আয়তের আমল বাদ যাবে না। প্রায় চৌদ্দ শ' বছর থেকে কোরআনে অভিজ্ঞ পণ্ডিতগণ (আয়াতগুলোর) এই অর্থ বুঝে এসেছেন।

**কোরআনের শব্দগত ও অর্থগত পৌনঃপুনিকতা ঃ** কোরআনে শব্দগত ও অর্থগত উভয়

www.ahlehadeethbd.org

Contents



পৌনপুনিকতা বিদ্যমান। কোরআনের শব্দগুলো পৌনপুনিক ভাবে অসংখ্য সূত্রে প্রমাণিত—এগুলোকে কাল প্রবাহে বদলানো যায় নাই, যাবেও না। কোরআনের স্পষ্ট অর্থও মোতাওয়াত্তের বা পৌনপুনিক। কোন কালেও উহার অর্থের ভিতর পরিবর্তন ও বিকৃতির অবকাশ নাই। সুদই হোক, রোয-নামায-হজ্ব-যাকাতই হোক, কিম্বা বহু সূত্রে বর্ণিত অন্য কোন প্রমাণিত বিষয়ই হোক না কেন; কোরআনের অর্থগত ঐক্যমত না থাকলে এবং যে কেহ যদৃচ্ছ ভাবে তার ভাব বদলাতে পারলে কোরআনের শুধু শব্দগুলো সুরক্ষিত ও অপরিবর্তিত থাকার কোন মানে হয় না; কারণ শব্দগুলো রক্ষিত রাখার উদ্দেশ্যই হচ্ছে তার ভাবার্থ অক্ষুন্ন রাখা। যদি ভাব অক্ষুন্ন না থাকে তো হলে শুধু শব্দগুলো রক্ষিত রাখায় কোন উদ্দেশ্যই সিদ্ধ হয় না।

**হুরমত বা নিষিদ্ধতা বিভক্ত নয়:** বিষয় বা বস্তুসমূহের নিষিদ্ধতায় ইসলামী পদ্ধতি হচ্ছে তাতে কম বেশীর কারণে নিষিদ্ধতায় পার্থক্য আসে না. যেমন সুদ বেশী হলে হারাম হবে আর কম হলে জায়েয হবে; এমনি ভাবে চুরি কম-বেশী উভয়ই হারাম। ডাকাতী করে কম-বেশী সম্পদ অর্জন উভয়ই হারাম। মৃতের মাংস ভক্ষণ কম-বেশী উভয়ই অবৈধ। কাজেই স্বল্প সুদ হালাল আর চক্রবৃদ্ধ সুদ হারাম এরূপ কথা প্রমাণপঞ্জীর দিক দিয়া যেমন অচল তেমনি যুক্তি-বুদ্ধিতেও অসমর্থিত। মোটের উপর যে বস্তু সম্পর্কে বিধি-নিষেধ হবে তা কমই হোক আর বেশীই হোক তাতে বিধি-নিষেধের কোন পরিবর্তন হবে না। যেমন চুরি করা হারাম, এখানে হারাম হওয়ার কারণই চুরি; এখন চুরি বেশীই হোক আর কমই হোক উভয় অবস্থাতেই তা হারাম। এতে কম বেশীর একই হুকুম হবে এবং সবই হারাম হবে। অনুরূপ মৃতের মাংস হারাম, শূকরের গোশ্ত ও মাদক দ্রব্য হারাম, ডাকাতী করা ও অত্যাচার করা হারাম, এসব গুলোতে কম ও বেশীর একই হুকুম—সবই হারাম। এর কারণ হচ্ছে কোন বস্তুতে ফাসাদের কারণ বিদ্যমান থাকলে শরীঅত তাতে নিষিদ্ধতার বিধান আরোপ করে থাকে; সে ফাসাদ কমই হোক আর বেশীই হোক উভয় অবস্থাতেই বর্জনীয়।

দীনের মধ্যে এধরণের সংস্কার প্রচেষ্টা ফিরিঙ্গী তকলীদের বাহানা মাত্র।

ইকবালের ভাষায়:

محسوس یہ ہوتا ہے آواز ہ تجدید
مشرق میں ہے تقلید فرنگی کا بہانہ

"এ আধুনিকতার ধ্বনি বলে মনে হচ্ছে, প্রাচ্যে এ হচ্ছে ফিরিঙ্গী তকলীদের বাহানা মাত্র।"

—ক্রমশ:

www.ahlehadeethbd.org

মোহাম্মদ আবদুছ ছামাদ

# মওলানা মোহাম্মদ আকরম খাঁ

[ সংক্ষিপ্ত জীবন-কথা ]

মুসলিম বাংলার কৃতি-সন্তান, আযাদী সংগ্রামের নির্ভীক সেনানী, মুসলিম জাগরণের অগ্রপথিক, মুক্তবুদ্ধি চিন্তানায়ক, পহেলা কাতারের রাজনীতি বিশারদ, প্রখ্যাত সাহিত্যিক ও সাংবাদিক, পাক-ভারত উপমহাদেশের অন্যতম শ্রেষ্ঠ আলেম, তওহীদের নিশানবরদার, জামা'তে আহলে-হাদীসের গৌরব জনাব মওলানা মোহাম্মদ আকরম খাঁ ১৮৬৮ খৃস্টাব্দ মুতাবেক ১২৭৫ বঙ্গাব্দ ২৪শে জ্যৈষ্ঠ তারীখে পশ্চিম বঙ্গের (ভারতের) চব্বিশ পরগনা জিলার হাকিমপুর গ্রামের সম্ভ্রান্ত খাঁ পরিবারে জন্মগ্রহণ করেন। এই পরিবার একটি আলেম পরিবাররূপেও সুখ্যাতি লাভ করিয়াছে। হাকিমপুরের এই খাঁ পরিবারের কৃতি-সন্তান মওলানা আবদুল বারী খাঁ ছিলেন মওলানা মোহাম্মদ আকরম খাঁর মহামান্য পিতা। মওলানা আবদুল বারী খাঁ শায়খুলকুল মিঞা সাহেব আল্লামা নযীর হুসাইন মুহাদ্দিসের সুযোগ্য ছাত্র ছিলেন। তিনি মুজাহিদ আন্দোলনেরও একজন বীর সেনানী ছিলেন।

মওলানা মোহাম্মদ আকরম খাঁর মহিয়সী জননী রাবিআ খানম এই বিখ্যাত খাঁ পরিবারের প্রখ্যাতনামা মুজাহিদ গাযী মুফীযুদ্দীনের কন্যা ছিলেন। তিনি অত্যন্ত বিদুষী ও গুণবতী রমণী ছিলেন। তাঁহার স্বামী মওলানা আবদুল বারী খাঁর মহামান্য উস্তাদ যখন বাংলা দেশ সফরকালে তাঁহাদের গৃহে আগমন করিয়াছিলেন তখন তিনি বরকত লাভের উদ্দেশ্যে মিঞা সাহেবের নিকট হাদীসের পাঠ গ্রহণ করার গৌরব অর্জন করেন। উল্লেখযোগ্য যে, মোহতারমা মাতার সঙ্গে বালক-পুত্র মোহাম্মদ আকরম খাঁও মিয়া সাহেবের নিকট হইতে হাদীস পাঠের সুযোগ লাভ করিয়া ধন্য হন।

মওলানা মোহাম্মদ আকরম খাঁ পিতৃ মাতৃ উভয় কূল হইতেই হাকিমপুরের সম্ভ্রান্ত খাঁ পরিবারের কৃতি-সন্তান। তাঁহার পিতামহ তোরাব খাঁ এবং মাতামহ গাযী মুফীযুদ্দীন খান পরস্পরের চাচাত ভাই ছিলেন। জিহাদী আন্দোলনে সক্রিয় অংশ গ্রহণ করার দরুণ এই খান পরিবার আরো অধিক সুখ্যাতি লাভ করিতে সমর্থ হইয়াছিল। এই পরিবারের গাযী মুফীযুদ্দীন খাঁ প্রমুখ মুজাহিদগণের চেষ্টায় হাকিপুর গ্রামটি তদানীন্তনকালে অত্রাঞ্চলে জিহাদী আন্দোলনের কেন্দ্রভূমি রূপে গড়িয়া উঠিয়াছিল। ঊনবিংশ শতাব্দির চতুর্থ—পঞ্চম দশকে প্রায় এক যুগ ধরিয়া প্রখ্যাত মুজাহিদ নেতা মওলানা গাযী এনায়েত আলী এই হাকিপুরকে কেন্দ্র করিয়াই বাংলা দেশে তবলীগ ও সমাজ-সংস্কারের কার্য্য পরিচালনা করেন। সেই সময়ে তিনি গাযী মুফীযুদ্দীন খান ও এই পরিবারের প্রখ্যাত অপর মুজাহিদ মদন খানকে একনিষ্ঠ সহায়ক ও সহকর্মীরূপে পাইয়াছিলেন।

www.ahlehadeethbd.org

Contents



মোটের উপর জিহাদ ও সমাজ-সংস্কার আন্দোলনে মওলানা মোহাম্মদ আকরাম খাঁ সাহেবের বংশ হাকিপুরের এই খান পরিবারের অবদান চিরস্মরণীয় হইয়া রহিয়াছে।

গ্রামের মক্তবে মওলানা মোহাম্মদ আকরাম খাঁ সাহেবের শিক্ষা জীবনের সূচনা হয়। মক্তব-শিক্ষা সমাপ্তির পর তিনি পিতামাতার নিকটেই প্রথমতঃ আরবী ফার্সী শিক্ষা লাভ করেন। কিন্তু কৈশোরেই তিনি একই দিবসে পিতামাতার স্নেহ ছায়া হইতে চিরবঞ্চিত হন। ইয়াতীমে পরিণত হইয়া তিনি তদীয় পিতামহ ও মাতুলের স্নেহ ছায়াতলে আশ্রিত হন। তাঁহার ছাত্র জীবনের অংশবিশেষ বর্ধমানের মশহুর আলেম মওলানা নিয়ামতুল্লাহ সাহেবের সাহচর্য্যে অতিবাহিত হয়। ১৯০১ সালে মওলানা আকরাম খাঁ সাহেব কলিকাতা আলীয়া মাদ্রাসা হইতে মাদ্রাসা ফাইন্যাল পরীক্ষায় কৃতকার্য্য হন। মাদ্রাসা-শিক্ষা সমাপ্তির পর হইতেই তিনি জীবন সংগ্রামে নামিয়া পড়েন। তখন হইতে জীবন সন্ধ্যা পর্য্যন্ত প্রায় পৌনে এক শতাব্দী পর্য্যন্ত তাঁহার কর্মসংকুল জীবনের নিরলস সাধনা অব্যাহত থাকে।

মওলানা মোহাম্মদ আকরাম খাঁ সাহেবের একশত বৎসরের জীবনকাল এক বিস্ময়কর ভাঙ্গা-গড়ার ইতিহাস। এই বৈচিত্র্যপূর্ণ শতাব্দীতে দেশ অনেক কিছু দেখিয়াছে, অনেক কিছু শিখিয়াছে, অনেক কিছু হারাইয়াছে এবং অনেক কিছু পাইয়াছে। এই সুদীর্ঘ কালে আমাদের জাতীয় জীবনের সাংবাদিকতায়, সাহিত্য-সাধনায়, সমাজ-সেবায়, রাজনীতির প্রথম কাতারে যাঁহারা প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন তাঁহাদের মধ্যে মওলানা আকরাম খাঁ বিশিষ্ট ও অনন্যসাধারণ ভূমিকার নায়ক। সুতরাং তাঁহার বিশাল বিচিত্রতর জীবনকালে এমন অনেক ঐতিহাসিক সত্যের পরিচয় পাওয়া যাইবে যাহার তাৎপর্য্য অপরিসীম। তাঁহার জীবনেতিহাস আমাদের জাতীয় ইতিহাসের এক বিশেষ উপকরণ। উহাতে সীমিত ও বিজড়িত রহিয়াছে মোটামুটি পূর্ণ একটি শতাব্দীর জাতীয় ইতিহাস।

মওলানা আকরাম খাঁ শুধু একজন বিশিষ্ট আলেমই ছিলেন না; অধিকন্তু তিনি ছিলেন একজন বিশিষ্ট রাজনীতিক, আদর্শবাদী সাংবাদিক এবং প্রথম কাতারের সাহিত্যিক। আরবী সাহিত্যে তাঁহার প্রগাঢ় অনুরক্তি ও বুৎপত্তি ছিল। তিনি বাংলা ভাষা ও সাহিত্যের সেবায় যে অকৃত্রিম একনিষ্ঠতা ও অসাধারণ কৃতিত্বের পরিচয় দিয়াছেন তাহা অন্য কোন আরবী শিক্ষিত আলেমের পক্ষে সম্ভব হয় নাই। তিনি একটি আদর্শ সর্বদা তাঁহার নিজের করিয়া রাখিয়াছিলেন —তিনি কখনও আল্লাহ, ঈমান, ইসলাম, তওহীদ ও মুসলমানের স্বার্থের কথা বিস্মৃত হন নাই। বিশেষতঃ তিনি শির্ক ও বিদ্আতের বিরুদ্ধে সংগ্রাম করিয়াছেন এবং পীরবাদ ও সূফীবাদকে ধ্বংস করিতে চাহিয়াছেন। ইসলামের ফির্কা-বন্দীকে তিনি সর্বদাই সমালোচনা করিয়াছেন এবং ইসলামী ঐক্য ও সংহতির গুরুত্ব মুসলমান-দের সম্মুখে আকর্ষণীয় ভাবে তুলিয়া ধরিয়াছেন। এই সকল সংগ্রামী কার্য্যে তিনি কখনও বিরত হন নাই। তওহীদের ঝাণ্ডাকে সমুন্নত রাখার জন্য তিনি আজীবন সাধনা করিয়াছেন, এজন্য তিনি বাঁচিয়াছেন এবং এজন্য তিনি মৃত্যুবরণ করিতেও কুণ্ঠা বোধ করেন নাই। ইহা যে শুধু আমাদের দাবী তাহাই নহে, বরং তাঁহার জীবনের বিভিন্ন রচনাবলী চিরকাল ইহার স্বাক্ষর বহন করিবে।

১৯০১ সালে মওলানা মোহাম্মদ আকরাম খাঁ 'মোহাম্মদী' পত্রিকার সম্পাদকরূপে সাংবা-

www.ahlehadeethbd.org

দিকতার ক্ষেত্রে প্রবেশ লাভ করেন। তদানীন্তন বাংলা দেশে তথা পাক-ভারতের সর্বত্র মোহাম্মদী ও হানাফী এই দুই সম্প্রদায়ের মধ্যে ঘোরতর বিসংবাদ বিদ্যমান ছিল। স্বাধীনতা লাভের পর অবশ্য এখন পর্য্যন্তও এই অস্বস্তিকর পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে। অবস্থাগুণে এই কলহের মধ্য দিয়াই তিনি তাঁহার সাংবাদিক জীবন শুরু করিতে বাধ্য হন। তবে সৌভাগ্যক্রমে তিনি তাঁহার সাংবাদিক জীবনে অনুপম উদারতার পরিচয় দিতে সমর্থ হইয়াছিলেন। সুযোগ ও সুবিধামত কালক্রমে তিনি 'মোহাম্মদী'কে সাম্প্রদায়িক পত্রিকা হইতে জাতীয় পত্রিকায় পরিণত করিলেও আদর্শনিষ্ঠা ও ন্যায়নীতির খাতিরে 'মোহাম্মদী' নামটি পরিবর্তন করেন নাই। বাংলার মুসলিম সংবাদপত্রের ইতিহাসে 'মোহাম্মদী' পত্রিকার ভূমিকা সর্বাধিক গুরুত্বপূর্ণ। ইহার ফলশ্রুতিই হইতেছে 'মাসিক মোহাম্মদী' এবং 'দৈনিক আজাদ'। দৈনিক আজাদের আত্মপ্রকাশ ঘটে ১৯৩৬ সালে। এই আজাদ আমাদের জাতীয় জীবনে আবে হায়াতের কাজ করিয়া চলিয়াছে। সদ্য জাগ্রত মুসলমান সমাজের পক্ষে দৈনিক আজাদ সত্য সত্যই আযাদীর বাস্তব স্বপ্ন বহন করিয়া আনিয়াছে। দৈনিক আজাদই সত্যিকারভাবে বাংলা ভাষা ও সাহিত্যের বিজয়-বার্ত্তা দিকে দিকে প্রচার করিয়াছে।

মওলানা আকরাম খাঁ একজন বিশিষ্ট বাগ্মী ও কুশাগ্রবুদ্ধি রাজনীতিক ছিলেন। লীগ, কংগ্রেস, খিলাফত, কৃষকপ্রজা প্রভৃতি দলসমূহের কর্মী ও নেতাদের সহিত তাঁহার কতভাবে দহরম-মহরম, তর্ক বিতর্ক, উত্তর-প্রত্যুত্তরের লেন-দেন হইয়াছে তাহার ইয়ত্তা নাই। বিশিষ্ট আলেম, সাংবাদিক ও রাজনীতিক হিসাবে তিনি বহু সভা-সমিতিতে সভাপতিত্ব করার ও জ্ঞানগর্ভ ভাষণ দানের গৌরব অর্জন করিয়াছেন। ১৯২৪ সালে প্রাদেশিক কংগ্রেস কনফারেন্সের সিরাজগঞ্জ অধিবেশনে, ১৯২৫ সালে চট্টগ্রামে বঙ্গীয় সাহিত্য সম্মেলনে এবং ১৯৫১ সালে করাচীতে নিখিল পাকিস্তান উর্দু কনফারেন্সে তাঁহার সভাপতিত্ব ও ভাষণ দান বিশেষভাবে উল্লেখযোগ্য। ১৯৩২ সালে কলিকাতায় অনুষ্ঠিত বঙ্গ-আসাম আরবী ছাত্র সম্মিলনীতে তিনি একটি সুদীর্ঘ জ্ঞানগর্ভ ভাষণ দান করেন। এই শেষোক্ত ভাষণটি তর্জুমানুল হাদীসের বর্তমান সংখ্যায়ও পুনর্মুদ্রিত হইয়াছে। এই ভাষণটি পাঠ করিলেও তাঁহার জ্ঞানের গভীরতা সম্পর্কে অনেক কিছু জানা যাইবে।

মওলানা মোহম্মদ আকরাম খাঁ সাহেবের আরবী ভাষাজ্ঞান ও ফারসী-চর্চার দরুণ তাঁহাকে পূর্ব পাকিস্তানী মুসলমানের তামদ্দুনিক সমাজের খাঁটি প্রতিনিধিও বলা যাইতে পারে। সংস্কৃত ভাষায়ও তাঁহার অগাধ পাণ্ডিত্য ছিল। তাঁহার বই পড়ার নেশা ছিল চরম, বই কেনার নেশাও ছিল যথেষ্ট। এই প্রসঙ্গে তাঁহার ব্যক্তিগত লাইব্রেরীর কথাও উল্লেখ করিতে হয়। এরূপ ব্যক্তিগত পুস্তকসমৃদ্ধ লাইব্রেরী ঢাকায় খুব কম লোকেরই আছে। ইহার সহিত প্রয়োজন বোধে আরো অধিক পরিমাণে বই পুস্তক সংগ্রহ করিয়া উক্ত লাইব্রেরীকে "মওলানা আকরাম খাঁ পাবলিক পাঠাগার" রূপে উন্নীত করা হইলে একটা কাজের মত কাজ হইবে। আমরা এই ব্যাপারে কর্তৃপক্ষের সুদৃষ্টি বিশেষভাবে কামনা করি। মওলানা মোহাম্মদ আকরাম খাঁ সাহেবের রচিত অগণিত মূল্যবান বহি পুস্তক রহিয়াছে। তন্মধ্যে কিছুসংখ্যক সহজপ্রাপ্য হইলেও অধিকাংশই দুষ্প্রাপ্য। তাঁহার রচিত গ্রন্থাবলীর মধ্যে 'কোরআন শরীফের বঙ্গানুবাদ ও তাফসীর',

www.ahlehadeethbd.org

Contents



একটি উল্লেখযোগ্য সুকীর্তি। 'মোস্তফা চরিত' একখানি গবেষণামূলক বিরাট গ্রন্থ। তাঁহার রচিত অন্যান্য গ্রন্থাবলীর মধ্যে 'সমস্যা ও সমাধান', 'মিশ্র ও স্বতন্ত্র নির্বাচন' এবং 'মোস্তফা চরিত্রের বৈশিষ্ট্য' সবিশেষ উল্লেখযোগ্য। 'মুসলিম বাংলার সামাজিক ইতিহাস' নামে শেষ জীবনে তিনি একটি অমূল্য গ্রন্থ প্রণয়ন করিয়া পণ্ডিত ও সুধী মহলে সবিশেষ সুখ্যাত লাভ করিয়াছেন।

মওলানা মোহাম্মদ আকরাম খাঁর জীবন কথা সংক্ষেপে লিখিতে গেলেও তাহার জন্য একটি প্রবন্ধ আদৌ যথেষ্ট হইতে পারে না। তাঁহার জীবনের আলোচনা করিলে আমরা দেখিতে পাই যে, বিগত অর্দ্ধ শতকেরও অধিককালের মধ্যে যে সকল মনীষী দেশ ও সমাজ সেবা এবং ইসলামী তাহ্যীব ও তমদ্দুনের জন্য সংগ্রাম করিয়াছেন তাঁহাদের মধ্যে তিনি প্রথম কাতারেই অবস্থিত রহিয়াছেন। আহলেহাদীস মুজাহিদ খান্দানে তাঁহার জন্ম হইয়াছিল বলিয়া জিহাদী জোশের রেশ নিঃসন্দেহভাবে তাঁহার মধ্যে বিদ্যমান ছিল। তিনি মাদ্রাসা শিক্ষা লাভ করার ফলে ইসলামী ভাষা ও আদর্শের প্রতি তাঁহার গভীর আকর্ষণ ছিল। সুতরাং আমরা দেখিতে পাই, তিনি তাঁহার জীবনকালে কংগ্রেস আন্দোলন, খিলাফত আন্দোলন, মুসলিম লীগ আন্দোলন, অসহযোগ আন্দোলন, রায়ত আন্দোলন, তানযীম আন্দোলন প্রভৃতি প্রত্যেকটি আযাদী আন্দোলনে সক্রিয়ভাবে শরীক ছিলেন। আযাদীপূর্ব কালে সরকারের দুষ্কৃতি সম্বন্ধে হক কথা বলিতে যাইয়া তাঁহাকে কারাবরণও করিতে হইয়াছিল। স্বাধীনতা উত্তরকালেও প্রয়োজনানুসারে তিনি শাসন নীতির সমালোচনা করিতে আদৌ কসুর করেন নাই। তিনি ছিলেন সঙ্কল্পে সুদৃঢ়, ব্যক্তিত্বে মহান, নেতৃত্বে অগ্রণী এবং সংগ্রামে অগ্রগামী। এইসব গুণাবলী দ্বারা তিনি সাহিত্য ও সমাজসেবা এবং সাংবাদিকতার ক্ষেত্রে যে সাফল্য অর্জ্জন করিয়াছিলেন তাহা চিরকাল অভিনন্দিত হইবে।

মওলানা মোহাম্মদ আকরাম খাঁ আমাদের নিকট একটি ইতিহাস। এই ইতিহাসের প্রত্যেকটি পৃষ্ঠা মওলানা সাহেবের ত্যাগ, সাধনা ও নিষ্ঠার অবিস্মরণীয় স্বাক্ষরে দেদীপ্যমান। তাঁহার বহুমুখী অবিস্মরণীয় অবদানের ঋণ অপরিশোধ্য। সাধনা ও অধ্যবসায়ের মূর্ত্ত প্রতীক কর্মবীর মওলানা মোহাম্মদ আকরাম খাঁ তাঁহার জীবনের বহু বিচিত্র কর্মক্ষেত্রে স্বীয় কর্তব্য সুষ্ঠুভাবে সম্পাদন করিয়া গিয়াছেন। বিগত ১৮ই আগষ্ট (১৯৬৮ ইং) মোতাবেক ২রা ভাদ্র (১৩৭৫ বাং) রবিবার দিন শতাব্দীকালের আলোকোজ্জ্বল জ্ঞান প্রদীপ্ত সূর্য্য মওলানা মোহাম্মদ আকরাম খাঁর কর্মময় জীবনের অবসান ঘটে। তিনি অনিত্য সংসারের মায়াবন্ধন ছিন্ন করিয়া উক্ত তারীখের সন্ধ্যার অব্যবহিত পূর্বক্ষণে ঢাকায় আজাদ অফিস সংলগ্ন তদীয় বাসভবনে ইন্তেকাল করিয়াছেন। তাঁহার পরলোকগমনের মধ্য দিয়া এক শতাব্দীর ইতিহাসের অবসান ঘটিল।

মওলানা আকরাম খাঁ সত্যই ইহকালের মায়া কাটাইয়া চির বিদায় গ্রহণ করিয়াছেন। তাঁহাকে আর আমরা দেখিতে পাইব না। তবে তিনি যে কীর্তি রাখিয়া গিয়াছেন তাহা জাতির জন্য এক অমূল্য ও অক্ষয় সম্পদ।

www.ahlehadeethbd.org

## সাময়িক প্রসঙ্গ

# তর্জুমানুল-হাদীসের ১৫দশ বর্ষে পদার্পণঃ

আল্লাহ তা'আলার হাযার হাযার শুকর যে, তাঁহার অশেষ করুণায় নানা প্রকার বাধ-বিপত্তি, ঝড়-ঝঞ্ঝা বরদাশত করিয়া, বিবিধ প্রতিবন্ধকতার দুর্লঙ্ঘ্য পাহাড় অতিক্রম করিয়া, আর্থিক অনটন ও যোগ্য সম্পাদনা হইতে বঞ্চিত হইয়া, ইসলামী পত্রিকাগুলির প্রতি দেশের আধুনিক শিক্ষিত সমাজের ক্রমবর্ধমান উপেক্ষা এবং উদাসীনতাপূর্ণ আবহাওয়ার মধ্যে অবস্থান করিয়া তর্জুমানুল হাদীস স্বীয় লক্ষ্য এবং আদর্শকে টিকাইয়া রাখিয়া নিজের জীবনের পঞ্চদশ বর্ষে পদার্পণ করিতে সমর্থ হইল।

তর্জুমানের জন্মদিবস হইতে যে সমাজ-দরদী স্বীয় পীড়াগ্রস্ত দেহ ও ভগ্নস্বাস্থ্য লইয়া তাওহীদ ও সুন্নত প্রচারের অদম্য আবেগ ও প্রবল আকাঙ্খা সহকারে নিঃস্ব অবস্থায় শির্ক-বিদআতের কন্টকাকীর্ণ ময়দানে কদম রাখিয়াছিলেন। উহার ইতিহাস বড়ই করুণ এবং অতি বেদনাদায়ক। তিনি রাজনীতির উচ্চ শিখরে আরোহণ করিয়াছিলেন, খান্দানী পীরত্বের গদিও তাঁহার সম্মুখে ধরা ছিল আর তিনি ইচ্ছা করিলে রাজনীতির ফল লাভ করিয়া একটা উচ্চ আসন অলংকৃত করিতে এবং অগণিত মুরীদ ও ভক্তগণের সেবা গ্রহণ করিয়া পীরত্বের আসনে বিরাজমানও হইতে পারিতেন এবং অতি সুখ, স্বচ্ছন্দ ও আরামের যিন্দেগী যাপন করিতে পারিতেন। কিন্তু তিনি সে পথ গ্রহণ না করিয়া এমন এক পথ বাছিয়া লন যে পথ অতি দুর্গম ও বিপদ সঙ্কুল, যে পথে সর্বত্র কণ্টক ছড়ান, যে পথে কেবল শ্রান্তি ও ক্লেশ এবং বিদ্রূপ ও উপহাস—যে পথে চলিলে দুনিয়া হাসিল হয় না, যে পথে আরাম-আয়েশ করার কোনই সুযোগ নাই।

তিনি কেন এইরূপ একটা দুর্গম পথ বাছিয়া লইয়াছিলেন এবং কেন ইহার জন্য প্রাণপাত করিয়াছিলেন, ইহার কারণ কি? ইহার একমাত্র কারণ এই যে, ঐ পথই একমাত্র নাজাতের পথ, এই পথই পরকালের অনন্তজীবনের অফুরন্ত সুখ সম্ভোগের পথ। অস্থায়ী ও সীমাবদ্ধ পার্থিব জীবনের দুঃখ কষ্ট উহার মুকাবিলায় অতি নগন্য ও তুচ্ছ এবং ধর্তব্যই নয়।

এই তবলীগে তাওহীদ ও সুন্নতের পথকেই যুগে যুগে নবী-ওলীগণ বরণ করিয়া লইয়াছিলেন। আমাদের প্রাণ প্রতীম শেষ রসূল হযরত মুহাম্মদ

www.ahlehadeethbd.org

Contents



সঃ এবং তাঁহার অকৃত্রিম অনুসারী সাহাবাএ কেরাম রাঃও এই পথই গ্রহণ করিয়াছিলেন তাঁহারা এই পথেই বাঁচিয়াছিলেন এবং এই পথেই মৃত্যু বরণ করিয়াছিলেন। সেই সমাজ দরদী মওলানা আবদুল্লাহিল কাফী আল কোরায়শী রহঃও সেই সনাতন পথের পথিক ছিলেন এবং সেই পথে সংগ্রামী জীবন যাপন করিয়া অতি গৌরবের মৃত্যুকে বরণ করিয়াছিলেন। তিনি এখন এই দুনিয়ায় নাই, তর্জুমানের পৃষ্ঠা হইতে তাঁহার গবেষণামূলক প্রবন্ধ, তীক্ষ্ণ সমালোচনা ও ক্ষুরধার লেখনী এবং তেজস্বী ভাষা বহু দিন হইতে অদৃশ্য হইয়া গিয়াছে। কিন্তু তর্জুমান এখনও জীবিত আছে—তাঁহার এই রোপিত বৃক্ষ এখনও শুখাইয়া যায় নাই এবং দীর্ঘ দিন ধরিয়া বহু ঝড় ঝাপটা উপেক্ষা করিয়া টিকিয়া রহিয়াছে। আমাদের দৃঢ় বিশ্বাস, যদি জমঈয়ত দরদী ভ্রাতৃবৃন্দ এবং মওলানা মরহুমের অসংখ্য ভক্ত-অনুরক্ত মহোদয়গণ ইহাকে টিকাইয়া রাখার জন্য একটা মাসিক পত্রিকা চলার মত গ্রাহক সংগ্রহ করার ব্যাপারে দৃঢ় প্রতিজ্ঞ হন তাহা হইলে ইহা কেবল টিকিয়াই থাকিবে না বরং শক্তিশালী ও সবল হইয়া স্বীয় পদে দণ্ডায়মান হইয়া মওলানা মরহুমের স্মৃতিকে সম্মুখে রাখিয়া দীর্ঘজীবীও হইবে এবং ইহার দ্বারা তাঁহার অমর আত্মা শান্তি লাভ করিবে। আল্লাহ তাঁহাদিগকে ইহার তাওফীক প্রদান করুন। আমীন॥

## বাংলার গৌরব রবি চির অস্তমিত

هزاروں سال سے نرگس اپني بے نوری
پـﮧ روتا هے
بـڑی مشکل سے هـوتا هے چمن مین
دیدہ ور پیـدا

কবি বলেন,

হাযার বছর হ'তে নার্গিস কাঁদে স্বীয় অন্ধতায়,
অতিকষ্টে জন্মে কোন চক্ষুষ্মান চমনে তাই।

লক্ষ লক্ষ বৎসরের এই ধরাধামে বেশুমার মানবের আগমন ও তিরোধান ঘটিয়াছে। কিন্তু কে অসিল এবং কে চলিয়া গেল সেদিকে কাহারও ভ্রূক্ষেপ নাই। কারণ তাহাদের আসা যাওয়ার কোনই মূল্য নাই, তাহাদের গমনাগমনে এই পৃথিবীর কোনই লাভ-লোকসান ও উপকার-অপকার এবং ক্ষয়-ক্ষতি হয় না।

কিন্তু এই বিপুল জনসংখ্যার মধ্যে মাঝে মাঝে এমন কতকগুলি মানবের আবির্ভাব ঘটে যাহাদের আগমনে গোটা মানব জাতির মধ্যে একটা সাড়া পড়িয়া যায় এবং তাহারা তাঁহাদের দ্বারা প্রভূত উপকৃত ও লাভবান হয়। তাঁহাদের তিরোধানে তাহারা বিপুলভাবে ক্ষতিগ্রস্ত ও বিরাট বিপর্যয়ের সম্মুখীন হয়। এই সব কৃতি মানবের আগমন খুব বিরল এবং তাহাদের সংখ্যাও খুব সীমাবদ্ধ। তাঁহারা এখানে আসিয়া কেবল অলসভাবে দিন কাটান নাই, তাঁহারা জীবনের একটা প্রোগ্রাম, একটা নীতি গ্রহণ করিয়া সারা জীবন সেই নীতির উপর অটল থাকিয়া কঠোর সংগ্রামী জীবন যাপন করিয়া দুনিয়া হইতে বিদায় গ্রহণ করেন। বিদায় কালে হাযার হাযার লোকের হৃদয় জয় করিয়া, তাহাদিগকে কাঁদাইয়া, হতাশ করিয়া এবং তাহাদের হৃদয় পটে স্বীয় কীর্তির স্থায়ী ছাপ মারিয়া এবং একটা ইতিহাস সৃষ্টি করিয়া চির বিদায় গ্রহণ করেন। বাংলার মাটীতে অনুরূপ কয়েক জন কীর্তিমান পুরুষের জন্ম হইয়াছিল. আর তাঁহাদের কীর্তির এক একটা নির্দিষ্ট দিক ছিল।

www.ahlehadeethbd.org

Contents



কিন্তু মাওলানা মুহাম্মদ আকরম খান সাহেব উহার একমাত্র ব্যতিক্রম। তিনি একাধারে সমাজ সংস্কারক, সুসাহিত্যিক, উচ্চাঙ্গের রাজনীতি বিদ, দ্বীনের অকৃত্রিম খাদেম, তাওহীদ ও সুন্নতের প্রতি গভীর অনুরাগী, সুক্ষ্ম দার্শনিক—এক কথায় তিনি সর্বগুণের অধিকারী ছিলেন। তিনি সুদীর্ঘ জীবন পাইয়া উহাকে যথাযথভাবে ব্যবহার করিয়া অবশেষে ক্লান্ত সেনানীর ন্যায় বিগত ১৮।৮।৬৮ তারিখে সূর্য্য অস্তামত হওয়ার সময় তিনিও চির দিনের মত অবসর গ্রহণ করিয়া অন্তর্ধান হইলেন। ইন্না লিল্লাহে……রাজেউন। তিনি তাঁহার অমর কীর্তি 'মুস্তফা চরিত' গ্রন্থের টাইটেল পেজে যে আকাংখা করিয়া গিয়াছেন আল্লাহ যেন তাহা পূর্ণ করেন এবং উহা কবুল করিয়া উহারই ওসীলায় তাঁহাকে জান্নাতুল ফেরদাউসে স্থান দান করেন! আমীন!

روز قیامت ھرکسے در دست گیرد نامۂ
من نیز حاضر می شوم تصویر جاناں در بغل

কিয়ামত দিনে সকলের হাতে রহিবে আমলনামা;
আমি নিয়ে যাব বগলে দাবায়ে প্রিয়ের ছবিখানা।

## আবার ইহুদী আক্রমণ

অতি পরিতাপ এবং উদ্বেগের বিষয় যে, ফিলিস্তিনে ইহুদী জবর দখলের পর জর্দান সীমান্তে মাঝে মাঝে ছোটখাট সংঘর্ষ ছাড়া কোন উল্লেখযোগ্য যুদ্ধ বাধে নাই কিন্তু সম্প্রতি ইহুদী বাহিনী হঠাৎ অতর্কিত ভাবে মিসরের উপর আক্রমন চালাইয়া এ কথার প্রমাণ দিয়াছে যে সে এখনও দুর ভিসন্ধি পরিত্যাগ করে নাই, সে জনবহুল সুয়েজ শহরের উপর প্রবল গোলা বর্ষণ করিয়া বহু নরনারীকে শহীদ এবং অসংখ্য ঘরবাড়ী, মসজিদ মাদ্রাসাকে ধুলিস্বাৎ করিয়া দিয়াছে; আর আরব ভ্রাতারা এখন ভৌগলিক এবং ভাষা ভিত্তিক আরব জাতীয়তাবাদ এবং তথাকথিত সোসালিজমের চক্রে ঘুরিয়া বেড়াইতেছে এবং ইহুদীদের হাতে ভীষণ মার খাইয়াও তাহাদের চোখ খোলে নাই, সময় থাকিতে তাহাদের এখনও বুঝা উচিৎ যে ইহুদীদের প্রধান রক্ষক ও মুরুব্বী আমেরিকা প্রভাবিত জাতিসংঘ তাহাদের জন্য কিছুই করিবে না বা করিতে পারিবে না, একমাত্র ইসলামই তাহাদিগকে রক্ষা করতে পারে। তাহারা ইসলামী বিধান এবং ভ্রাতৃত্বের উপর একতাবদ্ধ না হইলে তাহারা মুক্তির কোন পথ খুজিয়া পাইবে না, ইহার জন্য তাহাদের মনমগজের যত শীঘ্র পরিবর্তন হইবে ততই তাহাদের মঙ্গল হইবে নতুবা তাহাদের উপর মুছিবতের পাহাড় একের পর এক চাপিতেই থাকিবে।

## ইরানে ভুমিকম্পের প্রলয়কাণ্ড

সম্প্রতি ইরানে যে ভয়ঙ্কর ভূমিকম্প হইয়া গেল উহা একটা ইতিহাস সৃষ্টি করিয়াছে ইতিপূর্বেও তথায় বারংবার ভূমিকম্প হইয়াছে এবং জান মালের প্রভূত ক্ষত হইয়াছে কিন্তু এবারকার ভূমিকম্প পূর্বের সমস্ত রেকর্ডকে ছাড়াইয়া গিয়াছে। ভূমিকম্প, শীল বর্ষণ, অগ্নদাহ, মহামারী এবং প্লাবন ইসলামী মতে আল্লাহর গযবের মধ্যে পরিগণিত এবং সতর্কীকরণ হিসাবে গণ্য করা হয়, আল্লাহর বিশেষ রহমত এবং করুনা ব্যতীত কোন মানব শক্তি উহাকে প্রতিরোধ করিতে পারে না। আমরা আমাদের প্রতিবেশী ইরানী ভ্রাতাদের এই মুছীবতে সম্পূর্ণ ভাবে শরীক এবং তাঁহাদের দুঃখের সাথী। আল্লাহর দরবারে প্রার্থনা করি যেন তিনি আমাদের ভ্রাতাগণকে ধৈর্য্য ধারণের এবং আল্লার অসন্তোষ এবং কোপ সৃষ্টিকারী অনৈসলামিক কার্য্য কলাপ হইতে তাওবা করিয়া সৎ পথে চলিবার তাওফীক প্রদান করেন।

www.ahlehadeethbd.org

بسم الله الرحمن الرحيم

# জমঈয়তের প্রাপ্তি স্বীকার, ১৯৬৮

[ পূর্ব প্রকাশিতের পর ]

## যিলা ঢাকা

মে মাস

দফতরে ও মনি অর্ডারযোগে প্রাপ্ত

১। মোহাঃ সায়াদাতুল্লাহ সোনার সাং ও পোঃ গাছা যাকাত ১৲ কুরবানী ১৫৲ ২। মোহাঃ আলতাফ হোসেন খান সাং উজামপুর পোঃ আজমপুর কুরবানী ২'৫০ ৩। মোহাঃ আমিজ আলী ঠিকানা ঐ কুরবানী ১৲ ৪। আবদুস সামাদ খান ঠিকানা ঐ কুরবানী ১৲ ৫। মোহাঃ আলাউদ্দিন মৃধা ঠিকানা ঐ কুরবানী ১৲ ৬। মোহাঃ হাবিবুর রহমান খান ঠিকানা ঐ কুরবানী ১৲ ৭। হাজী মোহাঃ ওয়াকিল উদ্দিন সাং চাঁদপাড়া কুরবানী ৫৲ ৮। মোহাঃ আবুবকর খান সাং উত্তরখান কুরবানী ১৲ ৯। মোহাঃ রোস্তম আলী খান সাং মাওসাইদ কুরবানী ২৲ ১০। মোহাঃ মজিবর রহমান ভুঞা সাং উজামপুর কুরবানী '৫০ ১১। মোহাঃ আজির উদ্দিন ভুঞা ঠিকানা ঐ কুরবানী ২৲ ১২। মোহাঃ আশরাফুদ্দিন ভুঞা আজমপুর কুরবানী ১৲ ১৩। মোহাঃ খোরশেদ বেপারী সাং উজামপুর পোঃ আজমপুর কুরবানী ১৲ ১৪। আবদুস সামাদ ভুইয়া ঠিকানা ঐ কুরবানী ১৲ ১৫। মোহাঃ শামসুল হক ভুইয়া সাং ময়াখোলা কুরবানী ৩৲ ১৬। আবদুল ওয়াহেদ খান মেম্বার উত্তরখান ইউ সি অজ্ঞাত ১৲ ১৭। মোহাঃ আবদুল আজিজ সাং মহিষাসি পোঃ সানোড়া কুরবানী ১৩৲ ১৮। আবদুর রউফ মিঞা নাজিরাবাজার আকিকাহ ১৩৲।

## যিলা ময়মনসিংহ

দফতরে ও মনি অর্ডারযোগে প্রাপ্ত

১। মুন্সী মোহাঃ মুফিজউদ্দিন সাং নারায়ণখোলা কুরবানী ২৫৲ ২। মুন্সী মোহাঃ ইসমাঈল সাং চর বাশন্তি পোঃ নারায়ণখোলা কুরবানী ৪'৭০ ৩। মোহাঃ আবদুর রকিব সাং গোলড়া পোঃ কালোহা কুরবানী ১৩৲

## যিলা পাবনা

দফতরে ও মনি অর্ডারযোগে প্রাপ্ত

১। মোহাঃ মুমিন মণ্ডল সাং ঠেঙ্গামারা পোঃ চালুহারা কুরবানী ২২'৭৫ ২। মোঃ মোহাঃ আবদুল আলী ঠিকানা ঐ কুরবানী ১০৲ ৩। মোহাঃ জয়নুল আবেদীন মুন্সী সাং ধুলাউড়ী পোঃ হরিপুর এককালীন ৫৲।

## যিলা যশোহর

মনি অর্ডারযোগে প্রাপ্ত

১। মোহাঃ ভিখারুল ইসলাম মুর্শিদাবাদী টেইলারিং হাউস ঝিনাইদহ কুরবানী ৫৲ ২। মওঃ আবদুর রহমান, কিসমত ঘোড়াগাছা পোঃ সাগান্না এককালীন ২৲

www.ahlehadeethbd.org

Contents



## যিলা রাজশাহী

আদায় মারফত মৌলবী মোহাম্মদ আবদুর রহমান
জেনারেল সেক্রেটারী পূর্বপাক জমঈয়তে
আহলে-হাদীস

১। মওলানা আবু সঈদ মোহম্মদ সিন্দুরী জামাত হইতে পোঃ মোহনপুর কুরবানী ১০৲ ২। মোহাঃ সেকান্দর মিঞা সাং নারায়ণপুর পোঃ গোছা যাকাত ১৫৲ ৩। মোহাঃ তছির উদ্দিন সরকার সাং কাজি ভাতুড়িয়া পোঃ মোহনপুর কুরবানী ৫৲ ৪। মোহাঃ মীর মালেক সাং ভাতুড়িয়া পোঃ যাদব কুরবানী ৫৲ ৫। মোহাঃ মুফিজ উদ্দিন প্রাং সাং সাকুয়া পোঃ হাটরা কুরবানী ৭৲ ৬। শাহ মোহাঃ ইমাদুদ্দিন এবং তাঁহার মাতা সাং বড়িহা পোঃ হাটরা কুরবানী ৩৲ ৭। আলহাজ মোহাঃ ময়েজ উদ্দিন সাং প্রান্নাথপুর পোঃ রাণী নগর কুরবানী ১০৲।

## যিলা বগুড়া

দফতরে ও মনি অর্ডারযোগে প্রাপ্ত

১। মোহাঃ তাফাজ্জল হোসেন তরফদার সেক্রেটারী দক্ষিণকান্দি জামে মসজিদ পোঃ সারিয়াকান্দি কুরবানী ৮৲ ২। শামসের আলী সাং বড়নগর পোঃ ডেমাজানী ফিৎরা ৫৲ কুরবানী ৪৲ ৩। মোহাঃ মহিরউদ্দিন প্রাং সাং রাধানগর পোঃ ডেমাজানী ফিৎরা ৫৲ ৪। মোহাঃ হারেজ আলী মণ্ডল সাং ফুলকোট পোঃ ডেমাজানী ফিৎরা ৫৲ কুরবানী ৩৲ ৫। আলহাজ মুন্শী আব্বাছ আলী ঠিকানা ঐ ফিৎরা ৮৲ ৬। মোহাঃ গোলাম উদ্দিন মণ্ডল সাং নগরপাড়া রামপুর ফিৎরা ১০৲ ৭। মোহাঃ রহিমউদ্দিন প্রাং ঠিকানা ঐ ফিৎরা ১৲ কুরবানী ৫'৫০ ৮। মোহাঃ হোসেন আলী মণ্ডল ফুলকোট কুরবানী ২৲ ৯। মোহাঃ মুজাফফর সরকার সাং ফুলকোট ফিৎরা ২৲ কুরবানী ২৲ ১০। আবদুল জাব্বার সরকার ফিৎরা ২৲ ১১। মুফাজ্জল হোসেন মণ্ডল সাং ও পোঃ বানেশ্বরপুর এককালীন ৩'৫০ ১২। মোহাঃ তাসকিন উদ্দিন তালুকদার পোঃ কালাই কুরবানী ৪'৭০ ১৩। ধামাচামা বড় জামাত হইতে মারফত মওঃ আবদুল জাব্বার সাহেব পোঃ নিমগাছী কুরবানী ৫৲।

## যিলা দিনাজপুর

মনি অর্ডারযোগে প্রাপ্ত

১। মৌঃ মোহাঃ এলাহী বখ্শ বি, এ, সাং চক বোয়ালিয়া পোঃ নূরুলহুদা কুরবানী ৪৬'২৫।

## যিলা রংপুর

দফতরে ও মনি অর্ডারযোগে প্রাপ্ত

১। মোহাঃ খেতাবউদ্দিন বাসুনিয়া বি, এ, বামনডাঙ্গা কুরবানী ৯৫৲ ২। মোহাঃ এনায়েতুল্লাহ আখন্দ সাং শীবপুর সুকানদিঘি পার পোঃ সরদার হাট কুরবানী ১৲ ৩। মোহাঃ আব্দুর রাজ্জাক ও মৌঃ মোহাঃ রহিম বখশ সরদার সাং মতর পাড়া পোঃ শাখাটা কুরবানী ১০৲ ৪। মোহাঃ আবদুস সুবহান আখন্দ সাং পাঠানপাড়া পোঃ মহিমাগঞ্জ কুরবানী ১০৲ ৫। আলহাজ মোহাঃ আমানতুল্লাহ কবিরাজ সাং শমস পোঃ ধরমপুর ফিৎরা ২০৲ কুরবানী ১৫৲ ৬। ছাপরহাটি জামাত হইতে মারফত মৌঃ মোহাঃ সিরাজুল হক ফিৎরা ১৪৲ ৭। পাইবাজা টাউন জামাত হইতে মারফত মৌঃ মোহাঃ সিরাজুল হক ফিৎরা ১৯'৬০ ৮। মোহাঃ আবদুল খালেক শিক্ষক রাণীপুকুর হাইস্কুল পোঃ রাণীপুকুর কুরবানী ৫৲।

## যিলা কুমিল্লা

১। মোহাঃ মিন্নত আলী মাষ্টার সাং চৈবের কোট পোঃ মোহনপুর বাজার যাকাত ৫৲।

www.ahlehadeethbd.org

## যিলা কুষ্টিয়া

মনি অর্ডারযোগে মারফত ডাঃ মোহাঃ রহমতুল্লাহ সাহেব

১। মোহাঃ ঈসা খান কুরবানী ২৲ ২। মোহাঃ নিজাম উদ্দিন মিঞা কুরবানী ৫৲ ৩। মোহাঃ গোলাম রহমান মিঞা সরদার, মেহেরপুর জামাত কুরবানী ১০৲ ৪। মোহাঃ সাইফুল্লাহ বিশ্বাস ফুলবাড়িয়া জামাত কুরবানী ৫৲ ৫। মোহাঃ শাফাতুল্লাহ মিঞা গাড়াবাড়িয়া জামাত কুরবানী ৭৲ ৬। মোহাঃ ছাদেক আলী সাং খারাগোদা পোঃ কালুপোল এককালীন ৫৲।

## করাচী

১। মোহাঃ আজিজুল হক, এফ, ৩৩.৫ ফেডারেল ক্যাপীটাল এরিয়া করাচী ন. ১৯ কুরবানী ৭৲ আকীকাহ ৯৲।

## যিলা ঢাকা

জুন মাস

দফতরে প্রাপ্ত

১। মোহাম্মৎ মাছুমা খাতুন মারফত মোঃ আঃ ছালাম মিঞা সেগুন বাগিচা এককালীন ১০৲

## যিলা পাবনা

দফতরে প্রাপ্ত

১। মোঃ মোহাঃ ফযলুল করিম সিরাজগঞ্জ জুটমিল এককালীন ৩০৲।

## যিলা রাজশাহী

মনি অর্ডারযোগে প্রাপ্ত

১। মোহাঃ কসিমউদ্দিন প্রাং সাং বড় বিহানালী রাজশাহী এককালীন ১৯৲।

## যিলা বগুড়া

মনি অর্ডারযোগে প্রাপ্ত

১। মোহাঃ কফিলউদ্দিন আখুন্দী হরাকুরা অজ্ঞাত ২০৲ ২। মোহাঃ দানেশউদ্দিন প্রাং নগর রাজারামপুর পোঃ ডেমাজানি কুরবানী ২০'৫০ ৩। এ, কে, এম, জসিমউদ্দি, সাং নানাহার পোঃ মোলাম গাড়ী হাট কুরবানী ৩৲।

## যিলা কুমিল্লা

দফতরে প্রাপ্ত

১। মোহাঃ আবদুস সাত্তার সাং বনকুট পোঃ মাসিকাড়া এককালীন ৫৲।

## যিলা রংপুর

মনি অর্ডারযোগে প্রাপ্ত

১। এস, এম, মুসলেমুদ্দিন, সেক্রেটারী ফুলবাড়ী এলাকা জমঈয়ত পোঃ গোবিন্দগঞ্জ কুরবানী ১০৲।

## যিলা ঢাকা

জুলাই মাস

দফতরে প্রাপ্ত

১। মোহাঃ মনির হোসেন খান সাং ভাটুলিয়া পোঃ আজমপর ফিৎরা ১৫৲ কুরবানী ৫৲ ২। আলহাজ মোহাঃ আওলাদ হোসেন ২০ নং মাজিরা বাজার লেন এককালীন ১০০০৲ ৩। মরহুম হাজী মোহাঃ মাতব্বর সাহেবের ওয়াকফ ষ্টেট হইতে মারফত হাজী আবদুল গফুর ২১৪৪ বংশাল রোড এককালী ২৫৲ ৪। হাজী আবদুল মালেক নাওয়া পশ্চিম পাড়া পোঃ রূপগঞ্জ ফিৎরা ১০০৲ কুরবানী ২০৲।

## যিলা ময়মনসিংহ

দফতরে প্রাপ্ত

১। মোহাঃ নেজাম উদ্দিন মিঞা টাঙ্গাইল টাউন কুরবানী ২৲।

www.ahlehadeethbd.org

## যিলা পাবনা

১। মওলানা যিল্লুর রহমান আনছারী পাবনা টাউন বিভিন্ন জামাত হইতে আদায় ফিৎরা ৫০০৲।

## যিলা রাজশাহী

মনিঅর্ডার যোগে প্রাপ্ত

১। আলহাজ মৌঃ মোহাঃ সিরাজুল হক সাং গওগোহালী পোঃ রসুলপুর যাকাত ৮৲ ফিৎরা ৮৲ ২। ভদ্রখণ্ড জামাত হইতে মারফত হাজী মোঃ হারুনর রসিদ পোঃ সরঞ্জাই কুরবানী ১৫৲।

## যিলা রংপুর

মনিঅর্ডার যোগে প্রাপ্ত

১। খোলাহাটী জামাত হইতে মারফত হাজী মোহাঃ নায়েব উল্লাহ সরকার পোঃ গাইবান্ধা কুরবানী ২১৲ ২। চাপ দহ জামাত হইতে মারফত মৌলবী মোহাঃ সিরাজুল হক পোঃ কুপতলা কুরবানী ৭৭৲ ৩। মোহাঃ ইদ্রিশ মিঞা চাপাদহ জামাত হইতে কুরবানী ৭'৫০ ৪। মৌলানা মোহাঃ আবদুর রসিদ বড় মির্জাপুর পাকা মসজিদ পোঃ সাখিবাড়ি ফিৎরা ৫৲ ৫। মোহাঃ তছির উদ্দিন মণ্ডল সাং মুরুগুরি পোঃ সেরুডাঙ্গা কুরবানী ৪৲।

## যিলা খুলনা

দফতরে প্রাপ্ত

১। খুলনা যশোর জিলা জমঈয়ত পক্ষে আদয়ী টাকার মধ্য হইতে মারফত সেক্রেটারী, মৌলবী মোঃ আবুল খায়ের সাহেব ১০০৲।

## যিলা কুমিল্লা

১। কারী মৌঃ মোহাম্মদ ইউসোফ সাং গোরসার পোঃ এলাহাবাদ কুরবানী ২৲।

## যিলা ঢাকা

আগষ্ট মাস

দফতরে প্রাপ্ত

১। মোহাঃ সায়ের উল্লাহ সরকার সাং উত্তর সালনা পোঃ দক্ষিণ সালনা ফিৎরা ১০৲ ২। মারফত মোঃ আবদুস সালাম মিঞা সেগুন বাগিচা অন্যান্য ৫৲ ৩। আবদুস সালাম বেপারী ৬৬ নং মালিটোলা রোড কুরবানী ১০৲ ৪। আলহাজ মৌঃ আবদুল ওয়াহাব ৫৯ নং চক মোগলটুলি ঢাকা ১৯৬৭ সালের বাবদ যাকাত ৬০০৲ ৫। মওঃ আবদুস সোবহান ৩৫ নং শুকরাবাদ এককালীন ১০৲ ৬। আলহাজ হেলালউদ্দিন আলহেলাল হোটেল এককালীন ৫০৲

## যিলা ময়মনসিংহ

দফতরে প্রাপ্ত

১। মোহাঃ আবুসাঈদ মিঞা বল্লা বাজার আকিকাহ ৫৲।

## যিলা বগুড়া

দফতরে প্রাপ্ত

১। মৌঃ মোহাঃ তফাজ্জল হোসেন জয়পুর হাট ও কমরগ্রাম জামাত হইতে ফিৎরা ২০৲ কুরবানী ৭৲।

## যিলা খুলনা

মনি অর্ডারযোগে প্রাপ্ত

১। খুলনা ও যশোর জিলা জমঈয়ত হইতে আদায়ী টাকা মারফত সেক্রেটারী মৌঃ মোহাঃ আবুল খায়ের সাহেব ৮১৲।

## যিলা কুমিল্লা

দফতরে আদায়

১। ককারী মোহাঃ আবদুল মতীন মুয়াযযিন নাজিরা বাজার জামে মসজিদ এককালীন ১৲।

## যিলা ফরিদপুর

১। আলহাজ মওঃ আবদুর রাজ্জাক সাং বহালতলী পোঃ কে, ডি, গোপালপুর বিভিন্ন জামাত হইতে আদায় ফিৎরা ১০৪৲। —ক্রমশঃ

www.ahlehadeethbd.org

Contents

আরাফাত সম্পাদক মৌলবী মুহাম্মদ আবদুর রহমানের
শ্রেষ্ঠ সাহিত্য-কর্ম

# নবী-সহধর্মিণী

## [ প্রথম খন্ড ]

ইহাতে আছে : হযরত খদীজাতুল কুবরা রাঃ, সওদা বিনতে যমআ রাঃ, হাফসা বিনতে ওমর রাঃ, যয়নব বিনতে খুযায়মা রাঃ, উম্মে সলমা রাঃ, যয়নব বিনতে জাহশ রাঃ, জুয়ায়রিয়াহ বিনতে হারিস রাঃ, উম্মে হাবীবাহ রাঃ সফীয়া বিনতে হুয়াই রাঃ এবং মায়মুনা বিনতে হারিস রাঃ— মুসলিম জননীবৃন্দের শিক্ষাপ্রদ ও প্রেরণা সঞ্চারক, পাকপূত ও পুণ্যবর্ধক মহান জীবনালেখ্য।

কুরআন ও হাদীস এবং নির্ভরযোগ্য বহু তারীখ, রেজাল ও সীরত গ্রন্থ হইতে তথ্য আহরণ করিয়া এই অমূল্য গ্রন্থটি সঙ্কলিত হইয়াছে। প্রত্যেক উম্মুল মুমেনীনের জীবন কাহিনীর সঙ্গে সঙ্গে তাঁহার চরিত্র বৈশিষ্ট্য, রসূলুল্লার (দঃ) প্রতি মহব্বত, তাঁহার সহিত বিবাহের গূঢ় রহস্য ও সুদূর প্রসারী তাৎপর্য এবং প্রত্যেকের ইসলামী খেদমতের উপর বিভিন্ন দৃষ্টি কোণ হইতে আলোকপাত করা হইয়াছে।

বাংলা ভাষায় এই ধরণের গ্রন্থ ইহাই প্রথম। ভাবের দ্যোতনায়, ভাষার লালিত্যে এবং বর্ণনার স্বচ্ছন্দ গতিতে জটিল আলোচনাও চিত্তাকর্ষক এবং উপন্যাস অপেক্ষাও সুখপাঠ্য হইয়া উঠিয়াছে।

স্বামী-স্ত্রীর মধুর দাম্পত্য সম্পর্ক গঠনঅভিলাষী এবং আচরণ ও চরিত্রের উন্নয়নকামী প্রত্যেক নারী পুরুষের অবশ্যপাঠ্য।

প্রাইজ ও লাইব্রেরীর জন্য অপরিহার্য, বিবাহে উপহার দেওয়ার একান্ত উপযোগী।

ডিমাই অক্টেভো সাইজ, ধবধবে সাদা কাগজ, গাম্ভির্যমণ্ডিত ও আধুনিক শিল্প-রুচিসম্মত প্রচ্ছদ, বোর্ডবাঁধাই ১৭৬ পৃষ্ঠার এই গ্রন্থের মূল্য মাত্র ৩'০০।

**পূর্ব্ব পাক জমঈয়তে আহলে হাদীস কর্তৃক পরিবেশিত।**

প্রাপ্তিস্থান : আলহাদীস প্রিন্টিং এণ্ড পাবলিশিং হাউস,
৮৬, কাযী আলাউদ্দীন রোড, ঢাকা—২

www.ahlehadeethbd.org

Tarjumanul Hadeeth
Phone : 45490

Regd. No. DA—130

মরহুম আল্লামা মোহাম্মদ আবদুল্লাহেল কাফী আল্‌কুরায়শীর
অমর অবদান
দীর্ঘদিনের অক্লান্ত সাধনা ও ব্যাপক গবেষণার অমৃত ফল

# আহলে-হাদীস পরিচিতি

আহলে হাদীস আন্দোলন, উহার আদর্শ ও বৈশিষ্ট্য এবং প্রকৃত পরিচয় জানিতে হইলে এই বই আপনাকে অবশ্যই পড়িতে হইবে।

মূল্য : বোর্ডবাঁধাই : তিন টাকা মাত্র

প্রাপ্তিস্থান : আল্‌-হাদীস প্রিন্টিং এণ্ড পাবলিশিং হাউস, ৮৬ নং কাযী আলাউদ্দী রোড, ঢাকা—২

## লেখকদের প্রতি আরজ

- তর্জুমানুল হাদীসে ইসলামী দৃষ্টিভঙ্গী সম্পন্ন যে কোন উপযুক্ত লেখা—সমাজ, দর্শন, ইতিহাস ও মনীষিদের জীবন চরিত্র-সম্পর্কিত আলোচনামূলক প্রবন্ধ, তরজমা ও কবিতা ছাপান হয়। নূতন লেখক-লেখিকাদের উৎসাহ দেওয়া হয়।
- উৎকৃষ্ট মৌলিক রচনার জন্য লেখকদিগকে পারিশ্রমিক দেওয়া হয়।
- রচনাসমূহ কাগজের এক পৃষ্ঠায় পরিষ্কাররূপে লিখিয়া পাঠাইতে হইবে। লেখার দুই ছত্রের মাঝে একছত্র পরিমাণ ফাঁক রাখিতে হইবে।
- অমনোনীত রচনা ফেরত পাঠান হয় না। অতএব রচনার নকল রাখা বাঞ্ছনীয়।
- বেয়ারিং খামে প্রেরিত কোন রচনা গ্রহণ করা হয় না।
- রচনা সম্পর্কে সম্পাদকের মতামতই চূড়ান্ত। অমনোনীত রচনা সম্পর্কে কোনরূপ কৈফিয়ত দিতে সম্পাদক বাধ্য নন।
- তর্জুমানুল হাদীসে প্রকাশিত রচনার যুক্তিযুক্ত সমালোচনা সাদরে গ্রহণ করা হয়।

—সম্পাদক

Printed and Published by Md. Abdul Bari At Al-Hadeeth Printing and Publishing House, 86, Qazi Alauddin Road, Dacca—2 East Pakistan.

www.ahlehadeethbd.org